

# আরব বিশ্বে ইসাইলের আগ্রাসী নীল নকশা



মাহমুদ শীছ খাত্রাব

# আরব বিশ্বে ইস্রাইলের আগ্রাসী নীল নকশা

মূল (ইংরেজী) : মাহমুদ শীছ খাত্রাব

অনুবাদ  
মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব



হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ

## আরব বিশ্বে ইস্রাইলের আগ্রাসী নীল নকশা

প্রকাশক

হাদীছ ফাউন্ডেশন বাংলাদেশ

নওদাপাড়া, রাজশাহী-৬২০৩

হা.ফা.বা. প্রকাশনা-৮৩

মোবাইল : ০১৭৭০-৮০০৯০০, ০১৮৩৫-৮২৩৮১১।

## أهداف إسرائيل التوسعية في البلاد العربية

تأليف : محمود شيت خطاب

الترجمة البنغالية : الأستاذ الدكتور / محمد أسد الله الغالب

الأستاذ (المتقاعد) في العربي، جامعة راجشاهي الحكومية

الناشر : حديث فاؤندিশন بنغلاديش

(مؤسسة الحديث للطباعة والنشر)

১ম প্রকাশ (ইংরেজী) :

রাবেতা আলমে ইসলামী, মুক্তা, ১৯৭০ খ্র.

বঙ্গানুবাদ ১ম প্রকাশ : ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ১৯৮৭ খ্র.

বঙ্গানুবাদ ২য় প্রকাশ : হাদীছ ফাউন্ডেশন বাংলাদেশ

শাওয়াল ১৪৩৯ হি./আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/জুন ২০১৮ খ্র.

॥ সর্বস্বত্ত্ব প্রকাশকের ॥

মুদ্রণে

হাদীছ ফাউন্ডেশন প্রেস, রাজশাহী

নির্ধারিত মূল্য

৮০ (আশি) টাকা মাত্র

---

**ARAB BISHWEY ISRAILER AGRASHI NEEL NAKSHA**

(Israel's Extensional Ambitions in Arab Land), Compiled by : Mahmood Sheeth Khattab in English, Translated into Bengali by Dr. Muhammad Asadullah Al-Ghalib. Professor (Rtd) of Arabic, University of Rajshahi.

Published (2<sup>nd</sup> Edn) by : **HADEETH FOUNDATION BANGLADESH**. Nawdapara, Rajshahi, Bangladesh. Mobile : 01770-800900. E-mail : tahreek@ymail.com. Web : [www.ahlehadeethbd.org](http://www.ahlehadeethbd.org).

## সূচীপত্র (المحتويات)

বিষয়	পৃষ্ঠা
অনুবাদকের কথা	০৫
লেখক পরিচিতি	০৮
লেখক কর্তৃক ঢয় সংক্রান্তের মুখ্যবন্ধ	১২
লেখকের ভূমিকা	১৪
(১) জর্ডানে ইহুদীবাদী অভিলাষী লক্ষ্য সমূহ	১৮
(২) সিরিয়ায় ইহুদীবাদী আগ্রাসী লক্ষ্য	২০
(৩) লেবাননে ইহুদীবাদী আগ্রাসী লক্ষ্য	২১
(৪) সংযুক্ত আরব প্রজাতন্ত্রে (মিসর) ইহুদীবাদী আগ্রাসী লক্ষ্য	২৪
(৫) ইরাকে ইহুদীবাদী আগ্রাসী লক্ষ্য	২৯
(৬) সেউদী আরবে ও আরব উপসাগরে ইহুদীবাদী আগ্রাসী লক্ষ্য	৩১
ইহুদীদের আগ্রাসী লক্ষ্যসমূহের পিছনে উদ্দেশ্য	৩২
১. মতবাদগত কারণ	৩২
(ক) মিয়রাহী পার্টির মূলনীতি থেকে একটি উদ্ভৃতি	৩২
(খ) এগোড়াট পার্টির মূলনীতি থেকে একটি উদ্ভৃতি	৩৩
(গ) এগোড়াট লেবার পার্টির মূলনীতির কিছু উদ্ভৃতি	৩৩
(ঘ) মিয়রাহী লেবার পার্টির কিছু মূলনীতির উদ্ভৃতি	৩৪
ইস্টাইলী স্কুলসমূহে ভূগোলের পাঠ্য বইয়ে শেখানো একটি নমুনা	৩৭
২. সামরিক কারণ	৪০
(ক) নেতৃত্ব সমর্থন	৪১
(খ) আরব ভূ-খণ্ডসমূহে সম্প্রসারণ অব্যাহত রাখা	৪৬
ইস্টাইলের বার্ষিক সামরিক বাজেট	৪৭
৩. অর্থনৈতিক কারণ	৫৪
৪. রাজনৈতিক কারণ	৫৯

(ক) শান্তির বাহানা	৬০
(খ) বিদেশী রাষ্ট্রসমূহের সহানুভূতি আকর্ষণ	৬৬
(গ) একটি শান্তি চুক্তি সম্পাদনে আরবদেরকে বাধ্য করা	৭০
(ঘ) অপরাপর দেশগুলোর মধ্যে ইস্টাইলের রাজনৈতিক মর্যাদা সমুন্নত করা	৭৩
 উপসংহার	৭৪
জিহাদের বাস্তব আবেদন	৭৪
(ক) ১৯৪৮-এ ইস্টাইল রাষ্ট্রের জন্মের পূর্বে	৭৪
(খ) ইস্টাইলের জন্মের পর	৭৫
(ক) যারা ইস্টাইলের প্রতিবেশী	৮৬
(খ) যারা ইস্টাইলের প্রতিবেশী নয়	৮৬
পরিশিষ্ট-ক মুজাহিদীন সংগঠন	৯৮
পরিশিষ্ট-খ প্যালেস্টাইন তহবিলের জন্য কম্যাণ্ডের অর্থনৈতিক সংগঠন	৯৯
পরিশিষ্ট ‘ক’ ও ‘খ’-এর মন্তব্য সমূহ	১০০
কমিটিসমূহের অবস্থান	১০০
পরিশিষ্ট-গ মুজাহিদীনের নৈতিক কম্যাণ্ড গঠন	১০১
পরিশিষ্ট ‘গ’-এর মন্তব্যসমূহ	১০২

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

## অনুবাদকের কথা (كلمة المترجم)

১৯৮১-৮৪ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে যোহা হলের এসিস্ট্যান্ট হাউস টিউটর থাকার সময়ে হলে বসে প্রথমে ‘রাবেতা আলমে ইসলামী’ মক্কা কর্তৃক প্রকাশিত ১৪৭ পৃষ্ঠার অত্র ছোট সাইজের ইংরেজী বইটি এবং পরে কুয়েত থেকে প্রকাশিত ‘সালাফী দাওয়াতের মূলনীতি’ আরবী বইটি অনুবাদ করিয়া (যা ইতিমধ্যে প্রকাশিত হয়েছে)। অতঃপর অত্র ইংরেজী অনুবাদ বইটি প্রকাশের জন্য ‘ইসলামিক ফাউণ্ডেশন বাংলাদেশ’ ঢাকা অফিসে জমা দেই। যা পরে তারা ১৯৮৭ সালে প্রকাশ করে। কিন্তু দীর্ঘ দিনেও বইটি বাজারে দেখতে না পেয়ে এবং ঢাকার ইফাবা অফিসে যোগাযোগ করে কোন সদুত্তর না পেয়ে ফিলিস্তীনের বর্তমান পরিস্থিতি বিবেচনায় বাধ্য হয়ে পরিমার্জনা শেষে ‘হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ’ থেকে পুনরায় প্রকাশের সিদ্ধান্ত নেওয়া হয়।

২য় বিশ্বযুদ্ধের সময় (১৯৩৯-১৯৪৫ খ.) জার্মানীর স্বৈরশাসক হিটলারের পরিকল্পনায় হলোকস্টে প্রায় ৬০ লাখ ইহুদীকে হত্যা করা হয়। ইউরোপ হলোকস্টের এই অপরাধ করলেও শাস্তি চাপানো হয় ফিলিস্তীনী আরবদের উপর। ১৯৪৭ সালের ২৯শে নভেম্বর সদ্য গঠিত জাতিসংঘের সাধারণ পরিষদে অন্যায়ভাবে ফিলিস্তীন ভূখণকে ইহুদী ও আরবদের মধ্যে দুই ভাগে ভাগ করার প্রস্তাব অনুমোদন করা হয়। অতঃপর ১৯৪৮ সালের ১৪ই মে ব্রিটিশ শাসনের অবসান ঘটার সাথে সাথে স্বাধীন ইস্রাইল রাষ্ট্র ঘোষিত হয়। সীমানা নির্ধারিত হয় জাতিসংঘের প্রস্তাব অনুসারে। যাতে লাখ লাখ ফিলিস্তীনীর উপর নেমে আসে মাতৃভূমি হ'তে বহিক্ষারের মহা বিপর্যয়। হায়ার বছর ধরে বসবাসকারী প্রায় ১০ লাখের অধিক আরব মুসলিম বিতাড়িত হয়ে পার্শ্ববর্তী আরব রাষ্ট্র সমূহে স্থায়ীভাবে উদ্বাস্তু হয়ে পড়ে। বর্তমানে যা ৫০ লাখের উপরে দাঁড়িয়েছে।

মধ্যপ্রাচ্যের তৈল লুট করা ও সেখানকার মুসলিম রাষ্ট্রগুলির উপর ছড়ি ঘূরানোর কপট উদ্দেশ্যে ইঙ্গ-মার্কিন চক্রান্তে ও আন্তর্জাতিক ইসলাম বৈরী শক্তিগুলির যৌথ ষড়যন্ত্রে ১৯৪৮ সালের ১৫ই মে মধ্যপ্রাচ্যের বুকে কথিত ইস্রাইল রাষ্ট্রের জন্য দেওয়া হয়। সাধারণ ইহুদীদেরকে ধোঁকা দেওয়ার জন্য একটি হিত্রু উপাখ্যান (Myth) বা সনাতন ধর্মচেতনাকে কাজে লাগানো হয়। যার পিছনে কোন সত্য নেই। আর তা হ'ল ইহুদীদের জন্য ফিলিস্তীন হ'ল ‘ঈশ্বরের প্রতিশ্রূত ভূমি’ (Promised land)। অথচ তাদের নবী মূসা (আঃ) যখন তাদেরকে সেখানে প্রবেশ করতে বলেছিলেন, তখন তারা অস্বীকার করে বলেছিল, ‘তুমি ও তোমার প্রভু (আল্লাহ) যাও ও যুদ্ধ কর গো। আমরা এখানে বসে রইলাম’ (মায়েদাহ ৫/২৪)।

আনুষ্ঠানিকভাবে ইস্রাইল রাষ্ট্র জন্মান্তরের ঠিক ৭০ বছর পরে ২০১৮ সালের ১৫ই মে তেলআবিব থেকে আমেরিকান দূতাবাস জেরুয়ালেমে স্থানান্তর করা হ'ল। পুরা জেরুয়ালেমের উপরে ইহুদীদের দাবী পূর্ণতা লাভের পথে ইস্রাইল একধাপ এগিয়ে গেল। এভাবে মুসলমানদের প্রথম ক্লিবলা দখল করার পর তারা মদীনা ও কা‘বা দখলের দিকে এগিয়ে যাবে। ১৯৬৭ সালের ৬ই জুন ইস্রাইল জেরুয়ালেমের প্রাচীন নগরী অধিকার করে। তার পরপরই প্রধান পুরোহিতের নেতৃত্বে ইস্রাইলী প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রীবর্গ বিলাপরত প্রাচীরের (Wailing wall) দিকে মার্চ করে যাওয়ার সিদ্ধান্ত নেন। যেখানে প্রতিরক্ষা মন্ত্রী মোশে দায়ান ঘোষণা করেন, *The way to Medina and Mecca is now open to us.* ‘মদীনা ও মক্কা দখলের পথ এখন আমাদের জন্য উন্মুক্ত’। একই দিনে তারা মসজিদের চার দেওয়ালের মাঝখানে অত্যন্ত নির্লজ্জভাবে নাচ-গানের মাধ্যমে এর পবিত্রতা বিনষ্ট করে (ইন্নালিল্লাহ...)। আজও সেখানে আমেরিকান দূতাবাস উদ্বোধনের দিন একই নির্লজ্জ দৃশ্য দেখা গেল।

লেখক মাহমুদ শীছ খান্দাব নিজেই ১৯৪৮ সালে ইরাকী সেনাবাহিনীর অন্যতম সেনানায়ক হিসাবে ইস্রাইলের বিরুদ্ধে যুদ্ধে সরাসরি অংশগ্রহণ করেন। ফলে স্বীয় অভিজ্ঞতার আলোকে তিনি অত্যন্ত সুন্দরভাবে ইহুদী পরিকল্পনা, আগ্রাসন

ও ধ্বন্দ্বজ্ঞ, তার দার্শনিক, রাজনৈতিক, অর্থনৈতিক ও সামরিক তৎপরতার সূক্ষ্ম বিশ্লেষণ করেছেন এবং এক্ষেত্রে মুসলিম উম্মাহর করণীয় তুলে ধরেছেন।

এই সঙ্গে কারা নির্যাতিত এই পণ্ডিত লেখকের সংগ্রাম মুখর জীবনী সংযুক্ত করা হ'ল।

আশা করি, বাংলাভাষী পাঠক সমাজ এ বই থেকে আরব বিশ্বে ইস্রাইলের আঘাসী নীল নকশা পরিষ্কারভাবে বুঝতে পারবেন এবং ফিলিস্তীনী ময়লুম ভাই-বোনদের প্রতি তাদের যথাযথ দায়িত্ব পালনে সচেষ্ট হবেন।

‘হে আল্লাহ! তুমি মুসলিম বিশ্বকে যোগ্য নেতা দাও এবং তোমার পক্ষ থেকে ময়লুম উম্মাহর মুক্তির জন্য উত্তম সাহায্যকারী পাঠিয়ে দাও!’ পরিশেষে দরজ ও সালাম বর্ষিত হৌক শেষনবী মুহাম্মদ (ছাঃ) ও তাঁর পরিবারবর্গ এবং ছাহাবায়ে কেরামের প্রতি।

নওদাপাড়া, রাজশাহী

২৫শে জুন ২০১৮ খ্রি. সোমবার।

-অনুবাদক

بسم الله الرحمن الرحيم

## লেখক পরিচিতি

(ترجمة المؤلف)

মাহমুদ শীছ খান্দাৰ (১৯১৯-১৯৯৮ খ্র.) ১৩৩৭ হি. মোতাবেক ১৯১৯ সালে ইৱাকেৰ ‘মূছেল’ নগৱীতে এক সন্তান মুসলিম পৱিবাৱে জন্ম গ্ৰহণ কৱেন। তাঁৰ পিতাৰ বংশধাৱাৰা রাসূলুল্লাহ (ছাঃ)-এৱ দৌহিত্ৰ হাসান (ৱাঃ) পৰ্যন্ত গিয়ে পৌঁছেছে। তাঁৰ মাতা মূছেলৰ অন্যতম আলেম শায়েখ মুছতুফা বিন খলীল-এৱ কন্যা ছিলেন। মাহমুদেৱ ভাই যিয়া শীছ খান্দাৰ (১৯২০-২০১২ খ্র.) ছিলেন ইৱাকেৰ প্ৰধান বিচাৰপতি এবং আৱেক ভাই আলী ইহসান শীছ খান্দাৰ ছিলেন ইৱাকী সেনাবাহিনীৰ লেফটেন্যান্ট জেনারেল। এছাড়া তাঁৰ দু'টি বোন ছিল।

মাহমুদ বাল্যকালে দাদীৰ কাছে লালিত-পালিত হন। যিনি নিয়মিত তাহাজুদ গুফার ও গৱীবদেৱ প্ৰতি দয়াশীলা ছিলেন। মক্ষবে তাঁৰ লেখাপড়াৰ হাতে খড়ি হয়। তিনি সেখানে অৰ্ধেক কুৱান মাজীদ মুখস্থ কৱেন। অতঃপৰ নিযামিয়া মাদৰাসায় প্ৰাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শেষ কৱেন। এ সময় ছুটিতে তিনি মূছেল নগৱীৰ মসজিদ সমূহে বড় বড় বিদ্বানগণেৱ দৰসে যোগদান কৱতেন। যেখানে আৱৰী ভাষা ও শাৱই ইলম সমূহেৱ উপৱে প্ৰশিক্ষণ নিতেন।

উচ্চ মাধ্যমিক পড়াশোনা শেষ কৱাৰ পৰ তিনি ১৩৫৬ হি./১৯৩৭ সালে ইৱাকী মিলিটাৰী একাডেমীতে ভৰ্তি হন। সেখান থেকে পৱেৱ বছৱ তিনি সেকেণ্ট লেফটেন্যান্ট হয়ে বেৱ হন। এৱপৰ তিনি অশ্বারোহী বাহিনীৰ অন্ত গুদামেৱ দায়িত্বশীল অফিসার হিসাবে কৰ্মৱত হন। ১৩৬০ হি./১৯৪১ সালে ইৱাকেৰ চাৱ বারেৱ প্ৰধানমন্ত্ৰী রশীদ আলী কীলানীৰ (১৮৯২-১৯৬৫ খ্র.) নেতৃত্বে ইংৰেজদেৱ বিৱৰণে বিদ্ৰোহেৱ আগুন জুলে উঠলে তিনি তাতে সক্ৰিয়ভাৱে অংশগ্ৰহণ কৱেন এবং মাৱাতুকভাৱে আহত হন। যাতে তাৱ ভবিষ্যৎ সৈনিক জীবন শেষ হওয়াৰ উপক্ৰম হয়। কিন্তু আল্লাহ তাকে বাঁচিয়ে দেন।

অতঃপৰ তিনি আৰ্মী স্টাফ কলেজে ভৰ্তি হন এবং ১৩৬৭ হি./১৯৪৭ সালে ক্যাপ্টেন পদে উন্নীত হন। ১৩৬৮ হি./১৯৪৮ সালে তিনি ইৱাকী বাহিনীৰ সাথে ইহুদীদেৱ বিৱৰণে ফিলিস্তীনে কয়েকটি যুদ্ধে অংশগ্ৰহণ কৱেন এবং

অসম বীরত্ব ও সুন্দর ব্যবস্থাপনার অনন্য দৃষ্টিত্ব রাখেন। এসময় তিনি এক বছরের বেশী আত্মগোপনে থাকেন। অতঃপর ইরাকী বাহিনীতে ফিরে আসেন। এরপর তিনি ইরাকের অঞ্চলের অফিসার্স কলেজে ভর্তি হন এবং ১৩৭৪ হি./১৯৫৪ সালে সার্টিফিকেট লাভ করেন। ১৩৭৫ হি./১৯৫৫ সালে উচ্চতর সামরিক প্রশিক্ষণের জন্য মনোনীত দলের সাথে তিনি ব্রিটেনে প্রেরিত হন। সেখানে বিভিন্ন দেশের ১০০ জন অফিসারের মধ্যে তিনি প্রথম হন।

মাহমুদ শীছ খান্নাব বিভিন্ন সামরিক পদে অধিষ্ঠিত ছিলেন। অবশেষে মেজর জেনারেল পদে উন্নীত হন। সেনাবাহিনীতে থাকা অবস্থায় তিনি উন্নত ইসলামী চরিত্রে ভূষিত ছিলেন। যখন ইংরেজ দখলদারিত্বের ফলে ইরাকী সেনাবাহিনী বিপর্যস্ত অবস্থায় ছিল।

### বন্দী জীবন :

ইরাকে আব্দুল করীম কাসেমের শাসনামলে (১৯৫৮-১৯৬৩ খ.) তিনি কমিউনিস্ট শাসনের যুলুম-নির্যাতনের বিরুদ্ধে সোচার হন ও তাদের কোপাণলে পড়েন। ফলে ১৩৭৯ হি./১৯৫৯ সালে তিনি কারাগারে নিষ্কিপ্ত হন। সেখানে দেড় বছর যাবৎ বন্দী রেখে তাঁর উপর লোমহর্ষক নির্যাতন চালানো হয় ও দেহের হাতিড়ি সমূহ তেজে দেওয়া হয়। অতঃপর তাঁর মৃত্যুর ব্যাপারে নিশ্চিত হয়ে তাঁকে মৃত্যি দেয়া হয়। কিন্তু কারামুক্তির পর আল্লাহ তাঁকে সুস্থতা দান করেন এবং তিনি পূর্বের শক্তি ও জোশ ফিরে পান।

### মন্ত্রীত্ব :

১৩৮২ হি./১৯৬২ সালে আব্দুস সালাম ‘আরিফ (১৯৬২-১৯৬৬ খ.) ইরাকের প্রেসিডেন্ট নির্বাচিত হ’লে তিনি তার বন্ধু মাহমুদকে তার সাথে প্রশাসনিক দায়িত্ব পালনের আহ্বান জানান। তার পীড়াগিড়িতে তিনি কয়েকটি মন্ত্রণালয়ের দায়িত্ব পালন করেন। তাঁর প্রচেষ্টায় সাইয়েদ কুতুব (১৯০৬-১৯৬৬ খ.) মিসরের কারাগার থেকে মুক্তি পান। কিন্তু অল্প কিছুদিন পর আবার বন্দী হয়ে সেখানে ফাঁসি কাট্টে শাহাদাত বরণ করেন।

১৩৮৪ হি./১৯৬৪ সালে তিনি মন্ত্রীত্বে ইন্তেফা দেন। কিন্তু ১৩৮৮ হি./১৯৬৮ সালে তাকে পুনরায় ‘যোগাযোগ মন্ত্রী’ করা হয়। সে সময় তিনি কায়রোতে

আরব সেনাবাহিনীর জন্য অভিন্ন সামরিক পরিভাষা প্রণয়ন কমিটির প্রধান হিসাবে কাজ করেন। ১৩৯৩ হি./১৯৭৩ সালে বাগদাদে ফিরে এলে ইরাকী প্রেসিডেন্ট আহমাদ হাসান বকর (১৯৬৮-১৯৭৯) তাঁকে বিভিন্ন উচ্চতর রাষ্ট্রীয় পদে দায়িত্ব পালনের প্রস্তাব দেন। কিন্তু তিনি অপারগতা প্রকাশ করেন ও গ্রস্ত রচনায় আত্মনিয়োগ করেন।

### জীবনের উদ্দেশ্য ও প্রবণতা :

মাহমুদ শীছ খান্দাব সামরিক ব্যক্তিত্ব হ'লেও তিনি ছিলেন সমাজ সচেতন একজন দূরদর্শী চিন্তানায়ক। এ উদ্দেশ্যে তিনি জ্ঞান-গবেষণায় আত্মনিয়োগ করেন। তিনি বিভিন্ন আঞ্চলিক ভাষাকে আরবদের চিন্তার ঐক্যের পথে বাধা মনে করতেন এবং নিয়মবদ্ধ আরবী কবিতাকে আরবী ভাষার অন্যতম সুস্থ বলে মনে করতেন। সেই সাথে উদার কাব্য চর্চাকে তিনি আরবী ভাষার বিরাঙ্গনে ইহুদী চক্রান্তের ফাঁদ মনে করতেন। তিনি ল্যাটিন হরফে আরবী লেখার আহ্বানের বিরাঙ্গনে প্রতিবাদ করেন। কেননা এর মধ্যে মুসলমানকে কুরআন থেকে বিচ্ছিন্ন করার চক্রান্ত ছিল। তিনি আরবী ভাষাকে আন্তর্জাতিক মর্যাদায় সমাসীন করার জন্য সচেষ্ট ছিলেন এবং ইংল্যাণ্ড, রাশিয়া, ফ্রান্স, জার্মানী ছাড়াও তুরস্কসহ বিভিন্ন ইসলামী দেশে ভাষার উপর গুরুত্বপূর্ণ সেমিনার সমূহে যোগদান করেন।

মাহমুদ শীছ খান্দাব আরব ঐক্যের প্রতি জোর দেন। তিনি মনে করতেন যে, ‘ঐক্যই শক্তি। আর এই শক্তি ব্যক্তির চেয়ে শক্তিশালী’। ঐক্যের মাধ্যমেই আরবরা সবকিছু করতে পারবে। ঐক্য ছাড়া তারা কিছুই নয়। ইস্রাইলের বিরাঙ্গনে এটিই তাদের প্রধান অস্ত্র। পক্ষান্তরে অনেক্য আরবদের ধ্বংস করে ফেলবে। তিনি মনে করতেন যে, মুসলিম উম্মাহর সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক ও সামরিক যাবতীয় সমস্যার সমাধান কেবল ইসলামেই রয়েছে।

### লেখনী সমূহ :

তিনি একজন উঁচু স্তরের গবেষক ও চিন্তাশীল লেখক ছিলেন। তাঁর রচিত গ্রন্থের সংখ্যা ১২০-এর উর্ধ্বে। তন্মধ্যে ৩০টি সামরিক গবেষণা মূলক। যেমন জায়শুন নবী, ইরাদাতুল কিতাল ফিল জিহাদিল ইসলামী, বায়নাল আকীদাহ

ওয়াল ক্ষিয়াদাহ প্রভৃতি। এছাড়া ২৩শে মে ১৯৬৭ হ'তে ৫ই জুন ১৯৬৭ পর্যন্ত ১৪ দিনের আরব-ইস্রাইল যুদ্ধের সপ্তাহকাল পূর্বে প্রকাশিত ‘আল-আইয়ামুল হাসেমাহ’ গ্রন্থটি ইহুদীদের বিরুদ্ধে আরবদের করণীয় বিষয়ে ছিল খুবই গুরুত্বপূর্ণ।

এতদ্যতীত ২০টি বই ছিল মুসলিম বিজেতাদের জীবনী সম্পর্কিত। যেমন, আর-রাসূল আল-কায়েদ (সেনাপতি রাসূল), খালেদ বিন ওয়ালীদ আল-মাখয়্যামী, সুফারাউন নবী (রাসূলের দৃতগণ), ক্ষা-দাতু ফার্থিল ট্রেন ওয়াল জায়িরাহ প্রভৃতি।

তিনি মিসর ও ইরাকের আরবী ভাষা একাডেমী পত্রিকা, মাজান্না আল-আয়হার, মাজান্না আল-‘আরাবী, আল-ওয়া‘ঈ আল-ইসলামী, মাজান্নাতু মা‘হাদিল বুহুচ ওয়াদ দিরাসা-তিল ‘আরাবিয়াহ প্রভৃতি উচ্চ স্তরের পত্র-পত্রিকায় অনেক গুরুত্বপূর্ণ প্রবন্ধ লিখেন। তিনি রেডিও ও টিভিতে মুসলিম সামরিক ইতিহাস সম্পর্কে অনেক তথ্যবহুল আলোচনা করেন।

তিনি ইরাক, মিসর, সিরিয়া ও জর্ডানের আরবী ভাষা একাডেমী সমূহের সদস্য ছিলেন। তিনি রাবেতা ইসলামীর প্রতিষ্ঠাতা সদস্য, মক্কার মসজিদ সমূহের উচ্চতর ব্যবস্থাপনা কমিটির সদস্য এবং ওআইসি ফিকুহ একাডেমীর সদস্য ছিলেন।

### মৃত্যু :

আরব অনৈক্য, ইরাক-ইরান যুদ্ধ ও কুরেত দখলের মর্মান্তিক ঘটনা সমূহের পর ভগু হৃদয় নিয়ে কোনরূপ অসুখ-বিসুখ ছাড়াই ১৯৯৮ সালের ১৩ই ডিসেম্বর (২৩শে শাবান ১৪১৯ হি.) সকালে তিনি ৭৯ বছর বয়সে স্বগৃহে মৃত্যুবরণ করেন। মৃত্যুর পূর্বে তাঁর কন্যা তাঁকে সুরা ইয়াসীন পাঠ করে শুনান। তিনি তার সাথে সাথে সুরা ইয়াসীন তেলাওয়াত সমাপ্ত করেন। এরপর তাঁর গলা শুকিয়ে এলে তিনি স্ত্রীর কাছে এক গ্লাস শরবত চান। স্ত্রী শরবত তৈরী করতে রান্না ঘরে গেলে কয়েকবার কালেমা শাহাদাত পড়ার পর তিনি মৃত্যুর কোলে ঢলে পড়েন। এসময় তিনি জাতির কল্যাণে এবং ইসলাম ও দেশের মহবতে ১২০টির অধিক বই ও লেখনী সমূহ ছেড়ে যান। আল্লাহ তাঁকে জান্নাতুল ফেরদৌস নছীব করণ- আয়ীন!

## লেখক কর্তৃক তয় সংক্ষরণের মুখ্যবন্ধ (Preface)

বইখানি মাত্র এক মাসের কম সময়ের মধ্যে কায়রোতে দু'বার মুদ্রিত হয়। ১ম বার সংযুক্ত আরব প্রজাতন্ত্রের আমলে দেশের ইসলামী বিষয়ক সুপ্রিম কাউন্সিল কর্তৃক ৫,০০০ কপি মুদ্রিত হয়। দ্বিতীয় বার কায়রোর ইসলামী গবেষণা কাউন্সিল কর্তৃক ১১,০০০ কপি প্রকাশিত হয়। দু'টি সংক্ষরণের সমষ্ট বই মাত্র এক সপ্তাহের মধ্যেই মিসরে বিক্রি হয়ে যায়। এই অকল্পনীয় সাফল্যের জন্য আমি সর্বশক্তিমান আল্লাহর শুকরিয়া আদায় করছি, যার অপার অনুগ্রহ ব্যতীত এটা কোন ক্রমেই হ'ত না।

এই বই মূলতঃ একটি গবেষণা পত্রের গ্রন্থরূপ মাত্র, যা বিগত ১৩৮৯ হিজরীর যিলহাজ মাস মোতাবেক ফেব্রুয়ারী ১৯৭০-এ কায়রোতে অনুষ্ঠিত ইসলামী গবেষণা কাউন্সিলের পঞ্চম অধিবেশনে পেশ করা হয় এবং এই গবেষণার উপর ভিত্তি করেই ইসলামী গবেষণা কাউন্সিলের উক্ত পঞ্চম অধিবেশনের প্রস্তা বসমূহ গৃহীত হয়। যে অধিবেশনে বিশ্বের বিভিন্ন প্রান্ত হ'তে মুসলিম জ্ঞানী-মনীষীগণ যোগদান করেছিলেন।

আমি এ বইয়ে আরব বিশ্বের প্রতি ইস্রাইলের সম্প্রসারণবাদী লালসার ইতিবৃত্ত তুলে ধরেছি কেবলমাত্র এই ভুল ধারণা দূর করার জন্য যে, ইস্রাইল অন্য আরব ভূখণ্ডে নয় বরং শুধুমাত্র ফিলিস্তীনের উপরেই তার সার্বভৌমত্ব বজায় রাখতে সচেষ্ট। তাছাড়া ইহুদী সম্প্রসারণবাদী নীতির পশ্চাতে মতবাদগত, অর্থনৈতিক, সামরিক অথবা রাজনৈতিক দিকগুলি সম্পর্কেও আমি আলোকপাত করেছি।

উক্ত আলোচনার জন্য আমি ইস্রাইলের সামরিক ও রাজনৈতিক নেতাদের বিভিন্ন উপলক্ষে দেওয়া বক্তৃতা-বিবৃতি, সংবাদপত্রে প্রকাশিত নিবন্ধসমূহের অংশ বিশেষ, সরকারী প্রকাশনা ও তাদের রেডিও-টেলিভিশনের প্রচারণা সমূহকে প্রমাণ হিসাবে পেশ করেছি। উপসংহারে আমি তাদের বাস্তব কর্ম পরিকল্পনা সম্পর্কে একটি সংক্ষিপ্ত আলোচনা তুলে ধরেছি।

এ বই পুনঃমুদ্রণের উদ্দেশ্য হ'ল, যাতে বইটি কেবল আরবদের ঘরে নয় বরং  
সমগ্র বিশ্ব মুসলিমের ঘরে ঘরে পৌছে যায়।<sup>১</sup>

পরিশেষে আমি প্রার্থনা করি আল্লাহর নিকট যেন তিনি অধিক সংখ্যক  
লোককে এই বই হ'তে উপকার লাভের তাওফীক দান করেন। আমি  
মহাশক্তিমান আল্লাহর নিকট সকল কৃতজ্ঞতা ও শ্রদ্ধা নিবেদন করছি এবং  
দরজ পেশ করছি তাঁর শেষনবী সর্বযুগের সর্বশ্রেষ্ঠ সংক্ষারক মুহাম্মাদ (ছাঃ)  
এবং তাঁর পরিবারবর্গ ও ছাহাবায়ে কেরামের উপর। ইতি-

মাহমুদ শীছ খাত্বাব

কায়রো :

তৃরা জুমাদাল উলা ১৩৯০ হি./৬ই জুলাই ১৯৭০ খ.

১. অনুবাদকের মূল উদ্দেশ্যও তাই, যাতে বাংলার প্রত্যেকটি মুসলিমের ঘরে ইহুদীদের স্বরূপ  
উদযাচিত হয়ে যায়। -অনুবাদক।

بسم الله الرحمن الرحيم

## লেখকের ভূমিকা (Introduction)

যারা মনে করেন যে, ইস্রাইল একটি দুর্বৈর শক্তি, এ কেবল ফিলিস্তীনের উপর আপত্তি হয়েছে, এর লালিত আগ্রাসী ও সম্প্রসারণবাদী আকাঙ্ক্ষা ফিলিস্তীনের সীমানা অতিক্রম করে অন্যের দিকে ধাবিত হবে না, তারা ইহুদীদের লক্ষ্য ও পরিকল্পনা সম্পর্কে একেবারেই অজ্ঞ। বরং বাস্তব সত্য এটাই যে, ইস্রাইলী বিষফোঁড়া আজ আরবদের সাংস্কৃতিক উত্তরাধিকার ও ঐতিহাসিক অস্তিত্বের জন্য ভূমিকার কারণ হয়ে দাঁড়িয়েছে। শুধু তাই নয়, প্রতিবেশী আরব দেশগুলোর উপর আক্রমণ ও দখল কায়েম করার জন্য ইস্রাইল বর্তমানে বস্ত্রগতভাবে একটি সুসজ্জিত ত্রাস।

ইস্রাইলের ঐতিহাসিক উৎপত্তি সম্পর্কে পর্যালোচনা করলে, যার মধ্যে ইহুদীদের সম্প্রসারণবাদী ও আগ্রাসী লালসা এবং ভবিষ্যৎ চক্ৰজাল পরিকল্পনা লুকিয়ে আছে, আমাদেরকে ইস্রাইলী সম্প্রসারণবাদের মুখোশ উন্মোচনে সাহায্য করবে এবং এর ফলে আরবরাও সজাগ হ'তে পারবে যে, কিভাবে তারা ভবিষ্যৎ ইস্রাইলী আগ্রাসন থেকে নিজেদের দেশগুলিকে রক্ষা করবে।

ইস্রাইলের প্রস্তুতি পর্বকে আমরা দু'টি পর্যায়ে ভাগ করে নিতে পারি।-

১. ১৮৯৭ খ্রিষ্টাব্দের পূর্বের সময়কাল : যখন ইহুদীবাদ তাদের বুদ্ধিভূক্তিক উন্নয়নে ব্যাপৃত ছিল।

২. ১৮৯৭ খ্রিষ্টাব্দের পরবর্তীকাল : যখন ইহুদীবাদী আন্দোলন একটি সাংগঠনিক কাঠামো লাভ করে এবং উক্ত সালে সুইজারল্যাণ্ডের ‘ব্যাস্ল’ (Basle) নগরীতে অনুষ্ঠিত প্রথম ইহুদী সম্মেলনে গৃহীত উদ্দেশ্য ও লক্ষ্যসমূহ বাস্তবায়নে একটি নিয়মিত কর্মপদ্ধতি গ্রহণ করে।

ইসরায়েল কোহেন (Israel Cohen) তার ‘ইহুদীবাদের সংক্ষিপ্ত ইতিহাস’ নামক বইয়ে লেখেন যে, ইহুদীবাদী আন্দোলনের প্রধান লক্ষ্য হ'ল তাদের প্রাচীন স্বদেশ ভূমি ফিলিস্তীনকে পূর্ণভাবে নিজেদের দখলে ফিরিয়ে আনা।<sup>২</sup>

২. Israel Cohen, A short History of Zionism, -New York 1951.

খ্রিস্তীয় অষ্টাদশ শতাব্দীতে ইহুদীবাদ বাইবেলের (*The Bible*) সাথে তার আঘিক সম্পর্ক থেকে বিচ্যুত হয়নি এবং বিভিন্ন উৎসবাদি ও ধর্মীয় অনুষ্ঠান ছাড়াও ফিলিস্তীনে পুনরায় ফিরে যাওয়ার ইহুদী আকাঙ্ক্ষা ছিল পুরোপুরি ধর্মীয় বিশ্বাসের অঙ্গীভূত বিষয়।

১৮৯৭ সালে সুইজারল্যান্ডের ‘ব্যাসল’ নগরীতে সর্বপ্রথম ইহুদী সম্মেলন শেষ হওয়ার মাত্র কয়েকদিন পরে ‘হার্জেল’ (Hertzel) তাঁর স্মৃতিকথায় লেখেন ‘আমি যদি ব্যাসল সম্মেলনের ফলাফল এক কথায় বলতে চাই, যদিও তা আমি প্রকাশ্যভাবে বলতে চাই না, তবে তা হ’ল এই যে, ইহুদী রাষ্ট্রের ভিত্তি উক্ত ব্যাস্ল সম্মেলনেই স্থাপিত হয়েছে। কিন্তু এটা যদি এখন আমি বলি, তাহ’লে পৃথিবীর লোকেরা আমাকে ঠাট্টা করবে। এটা পাঁচ বছরেও হ’তে পারে অথবা আগামী পঞ্চাশ বছরের মধ্যে সুনিশ্চিত যে, আমার এই কথা প্রত্যেকেই উপলব্ধি করবে। লোকদের মনে যে রাষ্ট্র প্রতিষ্ঠার স্বপ্ন অংকিত হয়েছে, তা অবশ্যই আমার উক্ত বক্তব্যকে প্রতিষ্ঠিত করবে’।<sup>১</sup> ব্যাস্ল নগরীতে এই দিন কি ঘটেছিল? কি কি মৌলিক নীতি ও প্রস্তাবসমূহ সেখানে গৃহীত হয়েছিল?

ইহুদীবাদের এই প্রথম সম্মেলন তাদের বিশ্বাস ও সিদ্ধান্তসমূহকে একীভূত করেছে। যাতে তারা কূটনৈতিক ও কৌশলগত পথ-পরিকল্পনায় এবং মানবিক ও বস্ত্রগত অস্তিত্ব বাস্তবায়নের উপায় উদ্ভাবনে এক হয়ে সুনির্দিষ্ট লক্ষ্যে একটি ঐক্যবন্ধ ইহুদী জাতিতে পরিণত হ’তে পারে। উক্ত সম্মেলনে গৃহীত প্রস্ত বাসমূহে তাদের যে মূল উদ্দেশ্য বিধৃত হয়েছে। আর সেটি হ’ল ইহুদীদের জন্য ফিলিস্তীনে একটি জাতীয় আবাসভূমি প্রতিষ্ঠা করা। যা সর্বসাধারণের গৃহীত আইন অনুযায়ী শাসিত হবে। সম্মেলন মনে করে যে, নিম্নোক্ত উপায়সমূহ তাদের উদ্দেশ্য বাস্তবায়নের পথে এগিয়ে নিয়ে যাবে।

১. স্পষ্ট মূলনীতির অনুসরণে ইহুদী কৃষি ও শিল্প কর্মীদের দ্বারা সমস্ত ফিলিস্তীনকে একটি কলোনীতে পরিণত করা।

৩. R. Memoirs of Theodore Hertzel : Translated into English by Harry en, N.Y.  
1960 (8511-2).

২. প্রত্যেক দেশে প্রচলিত আইন-কানুনের সঙ্গে সঙ্গতি রেখে বিশ্ব ইহুদী সংগঠন ও বিভিন্ন আধ্যাত্মিক ও আন্তর্জাতিক সংস্থাসমূহের মধ্যে বন্ধন প্রতিষ্ঠা করা।

৩. ইহুদীদের জাতীয় অনুভূতি উন্নয়ন ও শক্তিশালী করা।

৪. নিজেদের উদ্দেশ্য বাস্তবায়নের পথে সরকারী সম্মতি ও অনুমোদন আদায়ের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।

এইভাবে উক্ত সম্মেলন ঘোষণা করেছে যে, ইহুদীরা একটি সম্প্রদায়গত ও ধর্মীয় সত্তা হিসাবে রূপ লাভ করেছে। তাই পরিপূর্ণ অর্থে একটি ‘জাতি’ হিসাবে তাদের একটি নিজস্ব আবাসভূমি প্রয়োজন এবং সেটি অবশ্যই হ’তে হবে তাদের পূর্বপুরুষদের প্রতিশ্রুত ভূমি ফিলিস্তীন ভূমিতে’।

### সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন (Execution of the Resolutions (p. 12) :

‘ব্যাস্ল নগরীতে অনুষ্ঠিত প্রথম ইহুদী সম্মেলনের অন্ত কিছুদিনের মধ্যেই ইহুদীরা অনেকগুলি সংস্থা ও নিশ্চিত ফলায়ক প্রতিষ্ঠান গঠন করে। যেমন ইহুদী কংগ্রেস, কার্যনির্বাহী কমিটি, উপদেষ্টা কমিটি, কলোনীগুলোর জন্য ইহুদী ব্যাংক (১৮৯৮), কলোনী সমন্বয় কমিটি (১৮৯৮) এবং জাতীয় ইহুদী ফাউন্ডেশন (১৯০১)। এই প্রতিষ্ঠান, সংস্থা ও কমিটিসমূহ গঠনের পিছনে মূল কারণ ছিল ফিলিস্তীনকে কলোনী বানানোর জন্য প্রয়োজনীয় ফাও সংগ্রহ করা, উক্ত কার্যক্রমের সংগঠন ও সমন্বয় সাধন করা এবং ব্যাস্ল সম্মেলনের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ব্যাপক ইহুদী প্রচেষ্টাকে সুসংবন্ধ করা।<sup>৮</sup>

সম্ভবতঃ প্রথম দৃষ্টিতেই সকলে লক্ষ্য করে থাকবেন যে, হার্জেল (Hartzel) তাঁর সমস্ত লক্ষ্যের মধ্যে একটি শোগানেরই অবতারণা করেছেন, যেটি তিনি স্থীর স্মৃতিকথায় নিশ্চিত করে বলেছেন। সেটি হ’ল ‘স্থীর উদ্দেশ্য হাছিলের জন্য কারও কোন পছাই ছেড়ে দেওয়া উচিত নয়’।<sup>৯</sup>

ইহুদীবাদ একটি মূলনীতিতেই বিশ্বাসী। সেটি হ’ল The end justifies the means ‘লক্ষ্যই উপায় নির্ধারণ করে থাকে’। অতএব নিজেদের পরিকল্পিত

৮. বিস্তারিত দেখুন : Abd-el-Wahhab El-Kayall, ÔZionis-expansion aimsÕ Beirut, 1966 P. 7-24.

৯. Hartzal’s Memoirs (1616-4).

উদ্দেশ্য বাস্তবায়নে যেকোন কৌশল অবলম্বন করা থেকে বিরত হওয়া চলবে না। সেটা যত বড় নেতৃত্ব বিরোধী কৌশলই হোক না কেন।

নীলনদ থেকে ইউফ্রেটিসের (ফোরাত) তীরভূমি পর্যন্ত ফিলিস্তীনের সীমানা বলে ইহুদীরা মনে করে থাকে। হার্জেল বলেন, ‘এই পরিকল্পিত সীমানা প্রতিষ্ঠার আগে অবশ্যই একটা পট পরিবর্তনের সময়কাল অতিক্রম করতে হবে। যে সময়কালের মধ্যে ফিলিস্তীন অবশ্যই ইহুদী গভর্নর কর্তৃক শাসিত হবে এবং যখন ইহুদী অধিবাসীর সংখ্যা মোট জনসংখ্যার দুই-ত্রুটীয়াংশ হবে, তখন এই অঞ্চলের উপর ইহুদী আধিপত্য চেপে বসবে’।

ফিলিস্তীনে কলোনী স্থাপন প্রকৃত প্রস্তাবে শুরু হয় ১৯০৭-০৮ সালে একটি পরিকল্পিত নীলনকশা অনুযায়ী ইহুদী উদ্বাস্তুদের আগমনের সূত্র ধরে। উক্ত নীলনকশা ফিলিস্তীনের বিভিন্ন অংশে ইহুদী কলোনীসমূহের একটি নেটওয়ার্ক স্থাপনের জন্য সামরিক ও রাজনৈতিক উদ্দেশ্য সম্বলিত ছিল। একেই পরবর্তীকালে বৃটিশ সরকার কর্তৃক তাদের নিকট প্রদত্ত ‘সাইক্স প্রস্তাবসমূহ’ প্রত্যাখ্যানের ছুঁতো হিসাবে দাঁড় করানো হয়। ১৯১৫ সালে বৃটেন ও ফ্রান্সের মধ্যে স্বাক্ষরিত ‘সাইক্স-পিকো’ গোপন চুক্তি অনুযায়ী উক্ত প্রস্তাব পেশ করা হয়। এতে প্রস্তাবিত সীমানা অনুযায়ী আপার গ্যালিলীর (Upper Galilee) কলোনীসমূহ হ'তে এবং প্রস্তাবিত আন্তর্জাতিক এলাকা দ্বারা ইহুদীদেরকে তাদের স্বদেশ ভূমি হ'তে জেরুয়ালেম ও হাইফা বন্দরের নিকটবর্তী কলোনীসমূহ থেকে বঞ্চিত করা হ'ত।<sup>৬</sup>

ইহুদী ম্যাগাজিন ‘প্যালেস্টাইন’ ১৯১৮ সালের ১৯শে অক্টোবর সংখ্যায় সংক্ষেপে ইহুদী আন্দোলনের মূল লক্ষ্য সমূহ বর্ণনা করে। যেমন, ইহুদী প্যালেস্টাইন অবশ্যই সমগ্র প্যালেস্টাইন নিয়েই গঠিত হবে। তার মধ্যে কোনরূপ বিভক্তি তারা কখনোই স্বীকার করবে না। ১৯১৫ সালে সম্পাদিত ‘সাইক্স-পিকো’ (Sykes-Pico treaty) চুক্তি অবশ্য এর উন্নর সীমানাকে ক্ষতিগ্রস্ত করবে। কিন্তু অবিভক্ত প্যালেস্টাইন অবশ্যই ট্রাঙ্গ জর্দান, গ্যালিলী এবং ভূমধ্যসাগরীয় উপকূলকে সংযুক্ত করবে।<sup>৭</sup>

৬. Friscos Raanan, The Froniers of a Nation, (London 1955), p.78. v.

৭. The Palestine magazine, 4th Vol. No. II.

## (১) জর্ডনে ইহুদীবাদী অভিলাষী লক্ষ্য সমূহ ( Zionist acquisitive aims in Jordan (P. 15) :

জর্ডনে ইস্রাইলী প্রধানমন্ত্রী মেনাহিম বেগিন (Menahim Begin) প্রতিটি অনুষ্ঠানে ট্রান্স-জর্ডানকে ‘শক্র অধিকৃত এলাকা’ হিসাবে উল্লেখ করে থাকেন। বেগিন যে কথা বলেন, সে কথাই তাদের স্কুল-কলেজ-ইউনিভার্সিটির ছাত্রদের শেখানো হয়।

ইহুদীদের উচ্চাভিলাষ বিশেষভাবে প্রতিভাত হয় ১৯১৭-২০ সালের মধ্যে। যখন তারা কৃষি, সেচ ও শিল্পের জন্য প্রয়োজনীয় ভূমির দাবীতে আন্দোলন কেন্দ্রীভূত করল। যাতে প্যালেস্টাইনের সামরিক গুরুত্বপূর্ণ স্থানসমূহের উপর ইস্রাইলের কূটনৈতিক আধিপত্য নিশ্চিত করা যায়।

ইহুদীরা ট্রান্স-জর্ডানকে তাদের স্বদেশ ভূমি প্যালেস্টাইনের সঙ্গে সংযুক্ত করার ব্যাপারে খুব জোর দেয়। তাদের সরকারী প্রকাশনা সমূহেই একথা স্পষ্টভাবে ব্যক্ত হয়েছে। ১৯১৮ সালের অক্টোবর মাসে যখন প্যালেস্টাইনের উপর বৃটেনের সামরিক ম্যাণ্ডেট ঘোষিত হ'ল, তখন ইহুদীদের পরিচালিত প্যালেস্টাইন ম্যাগাজিন, ইন্টারন্যাশনাল জাইওনিস্ট রিভিউ পত্রিকায় ট্রান্স-জর্ডানকে জর্ডন নদীর পশ্চিম তীরবর্তী এলাকা থেকে পৃথক করার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানানো হয়।<sup>৮</sup>

১৯১৯ সালের ২৮শে জুন সংখ্যা প্যালেস্টাইন ম্যাগাজিন ট্রান্সজর্ডানের গুরুত্ব সম্পর্কে বর্ণনা করে যে, ভবিষ্যতে ইহুদী রাষ্ট্রে প্যালেস্টাইনের জন্য অর্থনৈতিক, কূটনৈতিক ও রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে ট্রান্সজর্ডানের অপরিহার্য গুরুত্ব রয়েছে। ইহুদী প্যালেস্টাইনের ভবিষ্যৎ সম্পূর্ণভাবে নির্ভর করছে ট্রান্স-জর্ডানের উপর। প্যালেস্টাইন ততদিন পর্যন্ত নিরাপদ নয়, যতদিন না ট্রান্সজর্ডান তার একটি অংশে পরিণত হচ্ছে। ট্রান্সজর্ডান হ'ল প্যালেস্টাইনের অর্থনৈতিক উন্নয়নের চাবিকাঠি।

ইহুদী সংস্থা কর্তৃক শান্তি সম্মেলনে (peace conference) পেশকৃত স্মারকলিপিতে জর্ডান নদীর পূর্ব তীরকে প্যালেস্টাইনের সাথে সংযুক্ত করার ব্যাপারে স্পষ্ট দাবী করা হয়। এই সংযুক্তির পক্ষে যুক্তি দেখিয়ে উক্ত স্মারকলিপিতে বলা হয় যে, খ্রিস্তীয় প্রথম যুগে (Biblical days) জর্ডান নদীর

৮. 'Palestine' issue of 23.11.1919.

পূর্বতীরের উর্বর ভূমি পশ্চিম তীরের সাথে অর্থনৈতিক ও রাজনৈতিক দিক দিয়ে ঘনিষ্ঠভাবে যুক্ত ছিল। আজকের দিনের স্বল্প জনসংখ্যা বিশিষ্ট ট্রান্সজের্ডান রোমকদের শাসনামলে খুবই ঘনবসতি পূর্ণ ও সমৃদ্ধিশালী ছিল। অতএব বর্তমান কালের নয়া উপনিবেশ বাদীদেরকে (অর্থাৎ ইহুদী বসতি স্থাপনকারীদের) স্বাগত জানানো তাদের জন্য অধিকতর যুক্তিসংগত।

ট্রান্সজের্ডানে কৃষি উন্নয়ন প্যালেস্টাইন ও লোহিত সাগরের মধ্যে মিলনস্থলে পরিগত করবে এবং এর ফলে আক্তাবা উপসাগরে ভাল ভাল বন্দর স্থাপন করা অত্যাবশ্যক হয়ে দাঁড়াবে। এখানে উল্লেখ্য যে, সোলায়মানের (*Days of Solomon*) আমলে ‘আক্তাবা নগরী প্যালেস্টাইনের একটি গুরুত্বপূর্ণ ব্যবসায় পথের প্রান্তসীমা (Terminus) ছিল। যখন বৃটেন ট্রান্সজের্ডান আমীরতন্ত্র প্রতিষ্ঠার দায়িত্ব নিল, তখন ইহুদী আন্দোলন এর তীব্র বিরোধিতা করে এবং জর্ডানের এই নতুন অবস্থা মেনে নিতে অস্বীকার করে। ইহুদী নেতাদের বিবৃতিতে মন্তব্য করা হয় যে, এর দ্বারা প্যালেস্টাইনকে তার দুই-তৃতীয়াংশ ভূমি থেকে এক আঘাতে বণ্টিত করা হয়েছে।

ইহুদীরা ট্রান্সজের্ডানে কলোনী স্থাপনে বারবার ব্যর্থ হওয়া সত্ত্বেও আশা ছাড়েনি, বরং উল্টা হেজায়ী রেলওয়ে পর্যন্ত একটা বিরাট এলাকা প্যালেস্টাইনের সঙ্গে জুড়ে দেওয়ার জন্য তীব্র চাপ অব্যাহত রাখে। জর্ডানের বর্তমান লোকসংখ্যার ৯৯% শতাংশ এখানেই বসবাস করে। ওয়াইজম্যান (Weizman) ট্রান্সজের্ডান আমীরতন্ত্র প্রতিষ্ঠিত হওয়ার পরে মন্তব্য করেন যে, প্যালেস্টাইনে অধিকহারে ইহুদী বসতি স্থাপনই জর্ডানে আধিপত্য বিস্তারের উপায়।<sup>৯</sup>

ইহুদী রাষ্ট্র প্রতিষ্ঠা সম্পর্কে যারা ইহুদী নেতাদের প্রদত্ত ঘোষণাপত্র ও লিখিত স্মৃতিকথাসমূহ পড়েছেন তারা ইস্রাইলের এ বিশ্বাস অবশ্যই উপলব্ধি করতে পেরেছেন যে, জর্ডান নদীর পূর্ব ও পশ্চিম তীরবর্তী এলাকা দখল করা তাদের জন্য রাজনৈতিক, অর্থনৈতিক ও সামরিক দৃষ্টিকোণ থেকে একটি অলংকনীয় বিষয় (*Fait accompli*) এবং ইহুদীরা যে কোন সুযোগে জর্ডান দখল করতে কঠিনভাবে সংকল্পিত নন।<sup>১০</sup>

৯. 'Palestine' magazine, volume 5, No. 20.

১০. Collected papers: The Arab cultural club, Beirut; P.I. See also Zionist expansion aims, p. 74-77.

## (২) সিরিয়ায় ইহুদীবাদী আগ্রাসী লক্ষ্য ( Zionist aggressive aims in Syria (P. 18) :

১৯১৭ সালের ২৩শে জুন সংখ্যা ‘প্যালেস্টাইন’ ম্যাগাজিন সিরিয়ার ‘হুরান’ (Houran) সমতল ভূমি সম্পর্কে একটি দীর্ঘ প্রবন্ধ শুরু করে এভাবে যে, নতুন প্যালেস্টাইন রাষ্ট্রের উন্নয়নের জন্য হুরানের চাইতে অধিকতর প্রভাবশালী এলাকা আর নেই। উক্ত প্রবন্ধে হুরান সমতল ভূমির বিরাট এলাকা নির্দেশ করা হয়েছে। দক্ষিণে যার্কা (Zarka), যা উত্তরদিকে রাজধানী দামেক পর্যন্ত বিস্তৃত, পশ্চিমে গৌর (Gour) অথবা জর্ডান উপত্যকা, পূর্বে তা ক্রমে গোলান (Joulan) মালভূমি এবং উত্তরের লাজা (Laja) আগ্নেয়গিরি সমূহ ও দক্ষিণের বালকুঠা এলাকা (Balka land) পর্যন্ত বিস্তৃত।

১৯১৮ সালের জুন সংখ্যা ‘প্যালেস্টাইন’ ম্যাগাজিন দীর্ঘ দিনের প্রাক্তন ইস্রাইলী প্রধানমন্ত্রী ডেভিড বেন গুরিয়ন (Devid Ben Gurion) এবং ওয়াইজম্যানের পরবর্তী ইস্রাইলী প্রেসিডেন্ট আইজাক বেন জিভি (Isaac Ben zvi) কর্তৃক লিখিত প্যালেস্টাইনের সীমানা ও এর আয়তন শীর্ষক একটি প্রবন্ধ প্রকাশ করে। এখানে প্যালেস্টাইনের আয়তন হিসাবে পশ্চিমে ভূমধ্যসাগর, উত্তরে লেবানন পাহাড়, পূর্বে সিরিয়ার মরাভূমি এবং দক্ষিণে সিনাই উপনিষৎ (Peninsula) দেখানো হয় এবং বলা হয় যে, এটাই হ'ল প্যালেস্টাইনের প্রাকৃতিক সীমানা।<sup>১১</sup>

দুইজন লেখক এভাবে ইহুদী আন্দোলনের দাবীসমূহ বর্ণনা করেন এবং পরিশেষে উপসংহার টানেন এই বলে যে, ‘অন্যকথায় প্যালেস্টাইন অন্তর্ভুক্ত করতে চায় সমগ্র নাজাব, জুদিয়া, সামারিয়া, গ্যালিলী, হুরান যেলা, মা‘আন ও আকুবা সহ কাঁক যেলা এবং কুনেত্রা, ওয়াদী আনজার ও হাসবিয়া সহ দামেক যেলার একাংশ।<sup>১২</sup>

এভাবে আমরা দেখতে পাই যে, ক্ষয়, পানি প্রবাহ, সামরিক ও রাজনৈতিক বিবেচনায় গুরুত্বপূর্ণ বিধায় ইহুদীরা দখল করে নিতে চায় হুরান সমতল ভূমি ও হারমন পাহাড়। যা প্যালেস্টাইনে পানি সরবরাহ করে। তারা দখল করতে

১১. Palestine magazine Vol. 3. No. 17.

১২. Zionist expansion aims, p. 77-81.

চায় দামেক যেলা, এমনকি দামেক মহানগরী এবং দামেক ও বর্তমান লেবানন-সিরিয়া সীমান্তের মধ্যস্থিত বিস্তৃত অঞ্চল।

প্রথম মহাযুদ্ধের পরে স্বত্ত্ব পরিষদের (Peace congress) নিকট পেশকৃত একটি সরকারী স্মারকলিপিতে (Official memorandum) কৃষি, সেচ ও রাষ্ট্রীয় নিরাপত্তার দোহাই পেড়ে ইহুদীরা সিরিয়ার গুরুত্বপূর্ণ এলাকাসমূহ দাবী করে বসে। উক্ত স্মারকলিপি থেকে কিছু উদ্ভৃতি এখানে পেশ করা হ'ল।-

‘প্যালেস্টাইনের অর্থনৈতিক সমৃদ্ধি নির্ভর করছে সিরিয়ায় অবস্থিত পানির উৎস সমূহের উপর এবং এটা অত্যন্ত যুদ্ধৱৰী যে, প্যালেস্টাইন তার প্রয়োজনীয় পানি প্রবাহের নিচয়তা লাভ করবে। যা দেশকে যথারীতি পানি সিঞ্চন করবে এবং এর সংরক্ষণাগারের উপর নিয়ন্ত্রণ লাভ করবে। হারমন পাহাড় (Hermon), যাকে এক সময় ‘প্যালেস্টাইনের পানির উৎস’ (Father of Palestine's water) বলা হ'ত, দেশের অর্থনৈতিক জীবনকে হৃষকির মুখে ঠেলে দেওয়া ব্যতীত কোনক্রমেই এটাকে প্যালেস্টাইন থেকে বিচ্ছিন্ন করা যাবে না। এটা অবশ্যই পুরোপুরিভাবে তাদের অধিকারে থাকতে হবে। যারা এ থেকে অধিকতর সুবিধা ভোগ করবে।’

উপরের আলোচনায় এটা পরিক্ষার যে, ইস্রাইল তার মধ্যে শামিল করে নিতে চায় দামেক মরুভূমির পূর্বের প্রত্যন্ত সীমানা পর্যন্ত এবং দামেকের দক্ষিণে সিরিয়া, প্যালেস্টাইন ও সিরিয়া-জর্ডান সীমান্তের মধ্যবর্তী বিস্তৃত অঞ্চল। ১৯৪৮ সালে ইস্রাইল রাষ্ট্রের জন্মাত্তের বহু পূর্বে এগুলো ছিল সিরিয়ার উপরে ইহুদীদের ‘বিনয়ী’ (Modest) দাবী। এখন তারা ইক্সান্দ্রারং যেলা পর্যন্ত সমগ্র সিরিয়াকে নিজেদের অন্তর্ভুক্ত করতে চায়।

### (৩) লেবাননে ইহুদীবাদী আঘাসী লক্ষ্য ( Zionist aggressive aims in Lebanon (P. 21) :

প্যালেস্টাইন রাষ্ট্র প্রতিষ্ঠার প্রস্তুতি যুগ থেকেই ইহুদীদের লেবানন দখলের স্বপ্ন ছিল। এ ব্যাপারে দক্ষিণ লেবাননকে অধিক গুরুত্ব প্রদানের পিছনে দুঁটি প্রধান কারণ সক্রিয় ছিল।-

(ক) জর্ডান নদীর উৎস এবং লিতানী নদীর মূল স্রোত ও মোহনা এই এলাকায় অবস্থিত।

(খ) ভবিষ্যৎ ইহুদী রাষ্ট্রের নিরাপত্তার জন্য এই অঞ্চলের সামরিক গুরুত্ব।

একথা স্পষ্ট যে, এ দু'টি উদ্দেশ্যই ছিল ইস্রাইলের সর্বাবস্থায় ও সকল সময়ের একমাত্র চিন্তা-ভাবনা।

১৯১৭ সালের মে সংখ্যা, ‘প্যালেস্টাইন ম্যাগাজিনে’র একটি নিবন্ধে মত প্রকাশ করা হয় যে, লেবাননের বেনিয়াস (Banious) ইহুদী গোত্রীয় অধিকারভুক্ত এলাকার একটি অংশ ছিল। এভাবে ইহুদীদের সকল প্রবন্ধ ও বিবৃতিতে দক্ষিণ লেবানন দখলের ও একে প্যালেস্টাইনের সাথে সংযুক্ত করার ব্যাপারে তাদের আকাঙ্ক্ষার প্রতিফলন দেখা যায়। স্বত্ত্ব পরিষদের নিকট পেশকৃত তাদের একটি স্মারকলিপিতে অন্যান্য দাবীর মধ্যে দক্ষিণ লেবাননের উপর তাদের দাবীর কথা জোর দিয়ে বলা হয়।

উক্ত স্মারকলিপিতে বলা হয়েছে যে, প্যালেস্টাইনের সীমানাসমূহ নিম্নোক্ত সীমান্ত রেখা অনুযায়ী হ'তে হবে। যথা, উত্তরে সিডন (Sidon) বন্দরের সন্নিকটে বর্তী ভূমধ্যসাগর থেকে লেবাননের পর্বতমালার নিম্নবর্তী কারওয়ান (Karoan) ব্রীজ। অতঃপর ‘আল-বিরাহ’ (El-Birah) পর্যন্ত। সেখান থেকে ওয়াদিউল কুণ্ড (Wadi-el-qarn) এবং ওয়াদিউত্তীম (Wadi-el-Teem)-এর দুই অববাহিকার মধ্যবর্তী বিভক্তি রেখা বেয়ে দক্ষিণে মোড় নিয়ে হারমন (Hermoun) পাহাড়ের পূর্ব ও পশ্চিমের ঢালুঘরের মধ্যবর্তী বিভক্তি রেখা বরাবর এগিয়ে যাবে। ইহুদীরা তাদের এই সরকারী স্মারকলিপিতে জর্ডান ও লিতানী (Litani) নদীর দুই পানির উৎসের উপরে তাদের নিয়ন্ত্রণ লাভের বিষয়ে জোর দিয়েছে’।

ইহুদীদের মূখ্যপত্র ‘প্যালেস্টাইন’ ম্যাগাজিনে ১৯১৯ সালের ২৩ নভেম্বর সংখ্যায় পরামর্শ দেওয়া হয় যে, উত্তর সীমানা সিডনের উত্তর প্রান্ত পর্যন্ত বিস্তৃত হবে এবং এই প্রাচীন নগরী সিডনকে প্যালেস্টাইন ভূমির সঙ্গে সংযুক্ত করে নেওয়ার পরে তা বৈরুতের উপকর্তৃ পর্যন্ত প্রলম্বিত হবে। উক্ত সাময়িকীর ১৯১৯ সালের ৬ই ডিসেম্বর সংখ্যায় ইহুদী আন্দোলনের নেতারা লেবানন সম্পর্কে তাদের পরিকল্পনা ব্যাখ্যা করেন নিম্নোক্তভাবে।-

‘মূলতঃ সত্য এটাই যে, প্যালেস্টাইন সীমান্ত এলাকায় সেচ ও পানি বিদ্যুৎ উৎপাদনের জন্য পানির প্রবাহ কজা করা একান্ত যরুরী বিষয়। সে কারণে লিতানী নদী ও জর্ডান নদীর উৎসসমূহ এবং হারমন পর্বত মালার তুষার সমূহ অবশ্যই প্রয়োজন’।<sup>১০</sup>

উত্তর সীমান্ত ও এর পানি প্রবাহণগুলোর ব্যাপারে একই ধরনের বক্তব্য আমরা দেখতে পাই হার্বার্ট স্যামুয়েলের চিঠিতে প্যারিস শান্তি আলোচনায়। যিনি বৃটিশ প্রতিনিধি দলের একজন সদস্য ছিলেন। সেখানে তিনি বলেছেন, প্যালেস্টাইনের ভবিষ্যৎ পরিকল্পনার বাস্তবায়ন সম্পূর্ণরূপে নির্ভর করছে এর সম্প্রসারণের উপর। যাতে দেশটি সমস্ত ইহুদী অভিবাসীদের জায়গা দিতে সক্ষম হয়। সঙ্গে সঙ্গে উক্ত পরিকল্পনার বাস্তবায়ন নির্ভর করছে শিল্প ও কৃষি উন্নয়নের উপর। আর এই উন্নয়নের জন্য প্রয়োজন পানি ও পানি-বিদ্যুতের অবিরত যোগান। যা পাওয়া যেতে পারে উত্তর সীমান্তের দেশগুলো থেকে। ইহুদী প্রস্তাব অনুযায়ী যা ভবিষ্যৎ প্যালেস্টাইন রাষ্ট্রের সঙ্গে যুক্ত হবে।<sup>১৪</sup>

সীমান্ত এলাকার উপর বৃটেন ও ফ্রাসের যৌথ ম্যাণ্ডেট প্রতিষ্ঠিত হ'লে ইহুদীরা এই চুক্তির বিরুদ্ধে তাদের ক্রোধ ও বিরক্তি প্রকাশ করে এজন্য যে, এতে তাদেরকে লিতানী নদী, আপার জর্ডান, হারমন পর্বতমালা এবং হুরান সমতল ভূমি থেকে বঞ্চিত করা হয়েছে। লেবানন ও লিবিয়ায় ইহুদী বসতি স্থাপনের মাধ্যমে তারা শান্তিপূর্ণ উপায়ে সীমানা নির্ধারণে কিছুটা রদবদল করতে চেষ্টা করেছিল। কিন্তু তাদের এই প্রচেষ্টা ফ্রাসের তীব্র বিরোধিতার সম্মুখীন হয়। এভাবে ইহুদী রাষ্ট্র প্রতিষ্ঠিত হওয়ার পূর্বে কিংবা পরে পানির উৎস সমূহ দখল করার ব্যাপারে তারা তাদের প্রচেষ্টাকে কখনোই হালকা করেনি। ১৯৫১ সালের মে মাসে ইস্রাইলী পররাষ্ট্রমন্ত্রী ‘আবা ইবান’ (Aba-Eban) ঘোষণা করেন যে, আমরা আমাদের যাবতীয় প্রচেষ্টা অব্যাহত রাখব জর্ডান ও তার পানির উৎসসমূহের ব্যাপারে।<sup>১৫</sup>

আমেরিকার একটি ইহুদী সাময়িকী বলে যে, ইস্রাইলীদের নিকট এ কথা অত্যন্ত পরিক্ষার যে, তাদের নাজাব (Nagab) এলাকা উন্নয়নের স্বপ্ন কখনই বাস্তবে রূপায়িত হবে না লিতানী নদীর পানি ব্যতীত।<sup>১৬</sup>

অর্থনৈতিক ও সামরিক প্রয়োজনে ইস্রাইলী আগ্রাসী লক্ষ্যসমূহের মধ্যে লেবাননী ভূখণ্ডকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে তারা বিবেচনা করে থাকে। এজন্য

১৪. The British Government documents, year 1919, Vol. 4, No. 197, article 3, P. 285.

১৫. Zerusalem post paper, Issue of May 2, 1951.

১৬. Middle Eastern Affairs, Issue at the beginning of the year 1955.

তাদের প্রধান লক্ষ্য দক্ষিণ লেবানন, যা লেবাননের এক-তৃতীয়াংশ জুড়ে আছে এবং অন্যতম লক্ষ্য জর্ডান ও লিতানী নদীর উৎসসমূহ দখল করা।<sup>১৭</sup>

লেবাননে ইহুদী আঘাসনের শেষ লক্ষ্য হ'ল রাজধানী বৈরুত শহর ও লেবাননের পাহাড় দখল করা। সঙ্গে সঙ্গে পানির উৎসের নিরাপত্তা রক্ষার অজুহাতে ক্রমে এর উত্তর সীমানাসহ সমগ্র লেবানন কজা করা। লেবাননে ক্রমবর্ধমান ইহুদী তৎপরতা আরব দেশসমূহে তাদের সম্প্রসারণবাদী আকাঙ্ক্ষার কথা তাদের অঙ্গাতেই প্রকাশ করে দিয়েছে।<sup>১৮</sup>

#### (৪) সংযুক্ত আরব প্রজাতন্ত্রে (মিসর) ইহুদীবাদী আঘাসী লক্ষ্য ( Zionist aggressive aims in the United Arab Republic (P. 25) :

হার্জেল (Hartzel) বলেন, ‘সিনাই এবং আল-আরিশ হ'ল স্বদেশে প্রত্যাগত ইহুদীদের আবাসভূমি’।

১৯০২ সালের ২০শে অক্টোবর তারিখে হার্জেল কলোনী বিষয়ক বৃটিশ মন্ত্রী মি. চেস্বারলিনের সাথে দেখা করেন, যিনি ইহুদীদের প্রতি সহানুভূতির জন্য সুপরিচিত ছিলেন। হার্জেল স্থীয় স্মৃতিকথায় বলেন যে, তিনি বৃটিশ মন্ত্রীর নিকট আল-আরিশ প্রজেক্টের সাথে হাইফা ও এর পার্শ্ববর্তী এলাকার যোগসূত্রের বিষয়ে ব্যাখ্যা দিয়েছেন এবং বিপুল সংখ্যক ইহুদী অভিবাসীদের পুনর্বাসনের জন্য প্যালেস্টাইনের নিকটবর্তী কোন এলাকা বেছে নেবার কথা ব্যক্ত করেছেন। সাক্ষাৎকারের শেষ দিকে হার্জেল বৃটিশ মন্ত্রীর প্রতি সরাসরি প্রশ্ন রাখেন, ‘আপনি কি সিনাই উপনিষদে ইহুদী বসতি অনুমোদন করেন?’ উত্তরে মন্ত্রী বলেন, ‘হ্যাঁ, যদি (মিসরের গভর্নর) লর্ড ক্রোমার (Kromer) তা অনুমোদন করেন’।<sup>১৯</sup> এই সাক্ষাৎকারের পর হার্জেল তার স্মৃতিকথায় লেখেন যে, বৃটেন ভূমধ্যসাগরের দক্ষিণ-পূর্ব প্রান্তে একটি স্বায়ত্ত্বাসিত ইহুদী কলোনী স্থাপনে অনুমোদন দিয়েছে।<sup>২০</sup>

১৭. Zionist expansion aggressive aims. P. 71-97.

১৮. বিগত ৬ই জুন '৮২-তে দক্ষিণ লেবাননের উপর ইস্রাইলের সর্বাত্মক আঘাসী হামলা এর জলজ্যান্ত প্রমাণ। -অনুবাদক।

১৯. Hertzels memoirs, (1360-1362-2) বিগত ৬ই জুন '৮২-তে দক্ষিণ লেবাননের উপর ইস্রাইলের সর্বাত্মক আক্রমণ এর প্রকৃষ্ট প্রমাণ। -অনুবাদক।

২০. Hertzels memoirs, 1364-3.

উপরোক্ত সাক্ষাৎকারের পর পরই এবং বৃটিশ মন্ত্রী লর্ড ল্যাঙ্গডনের পরামর্শ মতে বৃটেনের পররাষ্ট্র সচিব হার্জেলকে অভ্যর্থনা জানান এবং তাকে আল-আরিশ উপত্যকার ও সিনাই উপদ্বীপে ইহুদী বসতি স্থাপনের পরিকল্পনা অনুমোদনের ব্যাপারে নিশ্চয়তা দেন। শুধু তাই নয়, মিসরে হার্জেলের সফর ও তার অনুসন্ধানী দলকে বিশেষ সুবিধাদানের জন্য গভর্নর লর্ড ক্রোমারকে তিনি চিঠি লেখারও ইচ্ছা ব্যক্ত করেন।

হার্জেলের বিশেষ দৃত এর পরপরই বৃটিশ পররাষ্ট্র মন্ত্রীর চিঠি ও কলোনী বিষয়ক মন্ত্রীর অনুমোদন পত্র নিয়ে মিসর রওয়ানা হয়ে যান। ১৯০৩ সালের ১৩ই নভেম্বরে হার্জেল তাঁর স্মৃতিকথায় লিখলেন, ‘গ্রীণবার্গ’<sup>১</sup> মিসর থেকে আশাতীত সাফল্য নিয়ে ফিরে এলেন। তিনি আমাদের স্বার্থের পক্ষে লর্ড ক্রোমার এবং প্রধানমন্ত্রী বুট্রোস গালী পাশা উভয়কেই জয় করে নিয়েছেন। আরও গুরুত্বপূর্ণ বিষয় যেটা, সেটা হ'ল, তিনি মি. বয়েল (Mr. Boyle) এবং ক্যাপ্টেন হান্টারসহ উল্লেখযোগ্য সংখ্যক বিশিষ্ট বৃটিশ অফিসারদের আস্থা অর্জনে সফল হয়েছেন।<sup>২</sup>

১৯০৩ সালে ‘ইহুদী কমিটি’ (Zionist Committee) নামে একটি কমিটি হার্জেল নিজে যার অন্যতম সদস্য ছিলেন, মিসর সফরে যায় এবং গভর্নর লর্ড ক্রোমারের সাথে আলোচনায় বসে। গভর্নর অত্যন্ত আন্তরিকতার সাথে তাদের দাবীসমূহের প্রতি সাড়া দেন এবং উক্ত ইহুদী কমিটিতে নিজের একজন প্রতিনিধি নিয়োগ করেন। কমিটি সিনাই ও আরিশ এলাকায় ব্যাপক ইহুদী বসতি স্থাপনের সম্ভাবনা যাচাইয়ের জন্য সেখানে একটি অনুসন্ধানী টীম প্রেরণ করেন।

এটা সিদ্ধান্ত ছিল যে, যদি উক্ত অনুসন্ধান রিপোর্টে একথা বুঝা যায় যে, ভূখণ্টি ব্যাপক ইহুদী বসতির উপযোগী, তাহ'লে ইহুদীদেরকে এই সুবিধা মঙ্গল করা হবে যে, আগামী ১৯ বৎসরের জন্য বৃটিশ সার্বভৌমত্বের অধীনে ইহুদীরা উক্ত এলাকায় নিজেদের স্বায়ত্ত্বাস্তুত ব্যবস্থাপনা গড়ে তুলবে। হার্জেল এই সময়কার দৈনন্দিন ঘটনাবলী লিপিবদ্ধ করেছেন। নিম্নে তাঁর স্মৃতিকথা থেকে কতগুলো উদ্ভৃতি পেশ করা হ'ল।-

১. Zionist expansion aggressive aims. P. 71-97.

২. Hertzl's memoirs, (1370-2).

### কায়রো ২ৱা এপ্রিল :

‘গতকালের আলোচনা নিষ্পত্তি ছিল। আমি বলতে পারব না এটা ভাল দিন ছিল, না মন্দ দিন ছিল? আরিশ এলাকায় সুবিধা আদায়ের জন্য আমার পরিকল্পনা প্রস্তুত এবং অনুমোদিত ছিল। কিন্তু জানি না এটা মিসরীয় সরকারের উপর কি থভাব ফেলবে?

আমি বিশ্বাস করি যে, মে ইলোরিথ (May Ellorith)-এর নিকট দেওয়া গ্রীণবার্গের পরিকল্পনার উপর আস্থা স্থাপন করে আমরা একটি ভুল করেছি। কেননা এখানে বিস্তারিত অনেক কিছু শামিল করা হয়েছে। অথচ আমার পরিকল্পনায় মাত্র কয়েকটি আলোচনা রয়েছে এবং সেখানে রয়েছে একটি অবিরোধীয় পরিকল্পনার সকল বৈশিষ্ট্যসমূহ। মোটকথা আমাদের অপেক্ষা করতে হবে।

### কায়রো ৩ৱা এপ্রিল :

গতকাল সন্ধ্যার পরে আমি মে ইলোরিথ-এর সঙ্গে দেখা করলাম তার টেনিস স্যুট পরা অবস্থায়। কেননা তিনি তখন কেবলমাত্র ‘জেয়িরা স্পোর্টস ক্লাব’ থেকে ফিরলেন। এই সাক্ষাতে তাঁকে পরিকল্পনার সফলতায় সন্দিপ্ত মনে হ'ল। আমার ধারণা হ'ল যে, টারবুশ পরিহিত বৃত্তিশ ভদ্রলোক মি. ব্রিনিয়ান্ট তাঁর চিন্তাধারা সম্পূর্ণরূপে পরিবর্তন করেছেন। যাই হোক (সাব্যস্ত হ'ল যে), পরিকল্পনাটি ক্যাবিনেটে আলোচিত হবে।

মূল আপত্তি হবে আমাদের দাবীকৃত এলাকাটির পরিমাণের ব্যাপারে। তারা আমাদেরকে কিছু ভূমি দিতে চান। কিন্তু একটি এলাকা নয়।

১৯০৩ সালের বসন্তকালে ইহুদী কমিশন আরিশ এলাকা থেকে কায়রো ফিরে এলো একটি আশাব্যঞ্জক ফল নিয়ে। হার্জেল পরিপূর্ণ আশা নিয়েই আল-আরিশ ত্যাগ করেন। কেননা তিনি মিসরে, বিশেষ করে আলেকজান্দ্রিয়ায় বসবাসরত বিভিন্ন ইহুদীদের প্রদত্ত প্রতিশ্রুতিসমূহের দ্বারা উৎসাহিত হয়েছিলেন।

গভর্নর লর্ড ক্রোমারের সঙ্গে সাক্ষাতের জন্য একটা সময় নেওয়া হয়েছিল। হার্জেল তার সঙ্গে অত্যন্ত আশাবাদী ও খুশী মনে দেখা করলেন। এমন সময়

হঠাৎ মিসরীয় সরকার ঘোষণা দিলেন যে, পূরা বিষয়টি পুনর্বিবেচনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পরক্ষণেই আর এক ঘোষণায় বলা হ'ল যে, ইহুদীদের জন্য যে এলাকার কথা বিবেচনা করা হয়েছিল, সেটা একেবারেই শুক্ষ ও অনুর্বর এবং সেখানে নীলনদের পানি দ্বারা নিয়মিত সেচকার্য চালাতে হবে। অথচ নীলনদের প্রতিবিন্দু পানিই মিসরের জন্য অত্যন্ত যুক্তি। ইহুদী মিশন ব্যর্থ হ'ল। হার্জেল যেন বজ্রাহত হ'লেন।

এভাবে সেই প্রথম দিন থেকেই সিনাই উপদ্বীপ ও আরিশ উপত্যকাকে কলোনী বানানোর পথে বিভিন্ন প্রকারের বাধা-বিয়ন্তি প্রতিরোধ হয়ে দাঁড়িয়েছে। ডেভিড টারাটিশ লেখেন যে, ‘ব্যাপারটি খুবই সহজ। কেউ তার দেশ প্যালেস্টাইনের দক্ষিণ-পূর্বাংশ শুধুমাত্র পানির অভাবে পরিত্যাগ করতে পারে না’।<sup>২৩</sup>

এ কথা স্পষ্ট যে, ইহুদীদের দ্বারা সিনাইকে কলোনী বানানোর ব্যর্থতার পিছনে প্রধান কারণ ছিল উক্ত এলাকায় নীলনদের পানি সরবরাহে অসুবিধা। যাই হোক, ইহুদীরা তাই বলে সিনাই দখলের পরিকল্পনা ত্যাগ করেনি, বরং তারা এ ব্যাপারে নিশ্চিত যে, মিসরীয় প্যালেস্টাইন (সিনাই) অবশ্যই বৃহত্তর প্যালেস্টাইনে অন্য কথায় ইহুদীদের স্বদেশ ভূমিতে পরিণত হবে।

১৯১৭ সালের ১৫ই ফেব্রুয়ারী সংখ্যা ‘প্যালেস্টাইন ম্যাগাজিনে’ প্যালেস্টাইনের সীমানা সম্পর্কিত একটি নিবন্ধে ইহুদীরা প্রথম মহাযুদ্ধ শেষে সিনাই উপদ্বীপ এবং অন্যান্য সীমানা সম্পর্কে মিসরের সঙ্গে পুনরায় আলোচনা শুরু করার আন্তরিক আকাঙ্ক্ষা ব্যক্ত করে।

১৯১৮ সালে উক্ত সাময়িকীতে বেন গুরিয়ন ও বেন জিভি লিখিত নিবন্ধে ইহুদীদের স্বদেশ ভূমির সাথে আরিশ উপত্যকার সংযুক্তির উপর বিশেষ জোর দেওয়া হয় এবং বলা হয়, প্যালেস্টাইনের পূর্ব অংশ এর দক্ষিণ অংশ থেকে মোটেই ছোট নয়, যা ৭৭,০০০ বর্গ কিলোমিটার এলাকা পরিব্যঙ্গ। আমরা যদি এটাকে আল-আরিশের সঙ্গে যুক্ত করি, তাহলে এর আয়তন দাঁড়াবে ৯০,০০০ বর্গ কিলোমিটার।<sup>২৪</sup>

২৩. Rabinovitch, p. 75.

২৪. Palestine Magazine, 3rd Vol. No. 17.

ইতিপূর্বে বর্ণিত স্বত্তি পরিষদের (Peace congress) নিকট পেশকৃত স্মারকলিপিতে ইহুদীদের পক্ষ থেকে বলা হয় যে, দক্ষিণ সীমানা অবশ্যই মিসরীয় সরকারের অর্থাৎ বৃত্তিশ কর্তৃপক্ষের স্বীকৃতি পাবে। ইহুদীদের নিকট সিনাই উপনীপ প্যালেস্টাইনের নিকটতম প্রস্তর ধাপ (Stepping stone) এবং তারা সিনাইকে তাদের ধর্মীয় পূর্বস্মৃতির গভীর অনুভূতির সঙ্গে স্মরণ করে থাকে।

বস্তুতঃপক্ষে ইহুদীরা ইস্রাইল রাষ্ট্রের সীমানা সুয়েজ খালের পূর্ব তীর পর্যন্ত বিস্তৃত করার ঈক্ষিত লক্ষ্য থেকে এক মুহূর্তের জন্য বিচ্যুত হয়নি। এই লক্ষ্য বাস্তবায়নের জন্য ১৯৪৮ সালে প্যালেস্টাইনের উপর আরোপিত বেলফোর ম্যাণ্ডেটের (১৯ বৎসরের) সময়কালের মধ্যে তারা তাদের অবিরত প্রচেষ্টা জোরদার করে।

ইহুদীরা সর্বদা অত্যন্ত সজাগ, কিভাবে এক আরব রাষ্ট্রকে অপর আরব রাষ্ট্র থেকে পৃথক করা যায় এবং যেকোন মূল্যে আরব ঐক্যে বাধা সৃষ্টি করে নিজেদের লক্ষ্য অর্জনে সকল প্রতিবন্ধকতা দূর করা যায়। ইহুদীরা সিনাই উপনীপ ও আল-আরিশ এলাকা দখলের গুরুত্ব উপলক্ষ্মি করে এবং এই লক্ষ্য হাছিলের কোন প্রচেষ্টাই তারা বাদ দেয় না। যারা মাইনার তেশানজেনের (Meiner Teshangen) স্মৃতিকথা পড়েছেন, তারা বিষয়টির গুরুত্ব বুঝতে পারবেন।<sup>২৫</sup>

১৯৫৬ ও ১৯৬৭ সালে ইস্রাইলের উপর্যুপরি দুঃসাহসিক মিসর অভিযান সম্ভবতঃ সময় ও সুযোগমত সিনাই ও আরিশ এলাকা দখলের পূর্ব-পরিকল্পিত নীল নকশারই অংশ।<sup>২৬</sup>

১৯৬৭-এর যুদ্ধের পর ইস্রাইল শের্ম আল-শেইখ এলাকায় ০পর্যটন পরিকল্পনাসমূহ গড়ে তুলতে শুরু করে এবং সিনাই অঞ্চলে তেল অনুসন্ধানের চেষ্টা চালায়। সিনাইয়ের সেন্ট ক্যাথেরিন মঠের আর্ট বিশপ তখন গীর্জাসমূহের নেতৃত্বনের কাছে এই বলে প্রতিবাদ লিপি প্রেরণ করেন যে, ‘এই পবিত্র মঠটি চক্ষুল সেনাবাহিনীর পদভারে কম্পিত গ্যারিসনে রূপান্তরিত হ’তে চলেছে। বিগত পঞ্চদশ শতাব্দীকাল ধরে এই স্থানটি উপাসনাকারীদের পবিত্র তীর্থ

২৫. R. Menier Teshangan, Middle East Agenda, 1917–1956, London 1959.

২৬. Zionist expansion intentions P. 89–91.

হিসাবে গণ্য হয়ে আসছে। অথচ এবারই প্রথম এটিকে অপবিত্র করা হচ্ছে। ইহুদীরা মঠের নিকটেই দু'শ কামরার একটি হোটেল নির্মাণের পরিকল্পনা করেছে, যা ভবিষ্যতে নাইট ফ্লাবে পরিণত হবে। যেখানে তারা সারারাত মদ খেয়ে মাতলামি করবে আর দিনের বেলা উলঙ্গ হয়ে সূর্যম্বান করবে'।

এগুলো ১৯৬৭ সালের যুদ্ধে দখলীকৃত এলাকা থেকে সরে না আসার ব্যাপারে ইস্রাইলের সম্প্রসারণবাদী আকাঙ্ক্ষা ও প্রতিজ্ঞার চূড়ান্ত দলীল।

তবে মিসরে ইস্রাইলের আগ্রাসী লক্ষ্য আরো আগেকার। তাদের লক্ষ্য সুয়েজ খাল দখল করা, যাতে ওটাকে নিজেদের ও উপনিবেশিক শক্তিগুলোর স্বার্থে ব্যবহার করা যায় এবং যাতে উপনিবেশিক শক্তিসমূহ এ বিষয়ে নিশ্চিত থাকতে পারে যে, তাদের নিজেদের স্বার্থরক্ষার তাগিদে সুয়েজ খালের উপর খবরদারীর ব্যাপারে ভবিষ্যতে তাদের পথ উন্মুক্ত থাকবে। এর ফলে মিসর তার একটি বিরাট আয়ের উৎস থেকে বঞ্চিত হবে এবং যা একচেটিয়া ভোগ করত উপনিবেশিক শক্তিগুলো। এসব ছিল ১৯৫১ সালে সুয়েজ খাল জাতীয়করণ করে নেওয়ার আগেকার ঘটনা। ইস্রাইলের অন্যতম লক্ষ্য হ'ল ডেল্টা ও আলেকজান্দ্রিয়া দখল করা। যাতে নীল নদ থেকে ইউক্রেনিস পর্যন্ত বিস্তৃত বিশাল ইস্রাইল রাষ্ট্রের ভবিষ্যৎ স্বপ্ন তাদের সফল হয়।

#### (৫) ইরাকে ইহুদীবাদী আগ্রাসী লক্ষ্য ( Zionist aggressive aims Towards Iraq (P. 34) :

লর্ড রথচাইল্ড নামক একজন ইহুদী পুঁজিপতির নিকট আরিশ, সিনাই উপন্থীপ ও সাইপ্রাস দ্বীপ<sup>২৭</sup> ইহুদী অভিবাসীদের বসতি স্থাপনের ভবিষ্যৎ পরিকল্পনার সংক্ষিপ্ত নকশা হার্জেল একটি চিঠির মাধ্যমে ১৯০২ সালে প্রেরণ করেন। ইহুদী নেতা হার্জেল উক্ত চিঠিতে এ বিষয়ে খুব জোর দিয়ে বলেছেন যে, ইহুদী বসতি স্থাপনের প্রধান উদ্দেশ্য হ'ল রাজনৈতিক। পূর্ব ভূমধ্যসাগরীয় তীরবর্তী ঐ এলাকায় ইহুদী কলোনী স্থাপন তাদেরকে প্যালেস্টাইনে খুঁটি গাঢ়তে উৎসাহিত করবে। এই সঙ্গে হার্জেল সর্বপ্রথম দ্যর্থহীনভাবে ইরাকে কলোনী স্থাপনের একটি গোপন পরিকল্পনা বিবেচনার জন্য উপস্থাপন করেন।

২৭. ভূগোলে উল্লেখিত সাইপ্রাস দেশ নয়। বিস্তারিত দেখুন Lexicon of the countries, P. 7-26.  
এবং প্রাচীন ঐতিহাসিক ও ভৌগলিক আরবী সূত্রসমূহ।

উল্লেখ্য যে, ইরাকে কলোনী স্থাপনের উক্ত পরিকল্পনা হঠাতে করে পেশ করা হয়নি। ১৯০৩ সালের ৪ঠা জুন তারিখে তৎকালীন ওচমানীয় খেলাফতের অধীনে মিসরের প্রধানমন্ত্রী ইয্যত পাশার নিকটে হার্জেল কর্তৃক লিখিত একটি পত্রে ইরাকে ও একর (Acre) যেলাতে ইহুদী অভিবাসনের অনুমতি দান ও এ ব্যাপারে কোনরূপ বাধা না দেওয়ার বিষয়ে তার পূর্ব প্রতিশ্রূতির কথা স্মরণ করিয়ে দেওয়া হয়।<sup>২৮</sup>

ইরাকে ইহুদী আঘাসী লক্ষ্য শুরু হয় ‘আন্তর্জাতিক ইহুদী সংস্থা’ গঠনের উষাকাল থেকেই।<sup>২৯</sup> তখন থেকে ১৯৪৮ সাল পর্যন্ত, যে সময়ে ইরাকের অধিকাংশ ইহুদী অধিবাসী অধিকৃত প্যালেস্টাইনে হিজরত করে। ইহুদীরা সে সময়ে একটি বড় ধরনের উদ্যোগ নেয় এবং দেশের অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জনের জন্য বিরাট অংকের টাকা ব্যয় করে। তারা সৌধ নির্মাণের জন্য শহরে বহু জমি ও কৃষিকাজের জন্য বহু কৃষি জমি ক্রয় করে। তাদের এই অর্থনৈতিক আধিপত্য বিস্তার লাভ করে দীওয়ানীয়ার পাহাড়ী এলাকায় ডেহুক, নাছিরা ও আমারা অঞ্চলে যেখানে তারা সর্বাপেক্ষা উর্বর ভূমি ক্রয় করে।

তারা খোদ বাগদাদেও বিরাট এলাকা কিনে নেয়। বিশেষ করে কাররাদার (Karrada) পূর্ব উপশহর এলাকায়। তবে সুখের বিষয়, আয়মেই (Azmieh) এলাকার বাসিন্দারা ইহুদীদের গোপন অভিসন্ধি বুঝতে পারে এবং তাদের নিকট জমি বিক্রয়ের প্রস্তাব প্রত্যাখ্যান করে।

১৯৪৮ সালে ইহুদীরা ইরাক ছেড়ে চলে আসার সময় প্রকাশ্যে ঘোষণা দিয়েছিল এই বলে যে, ‘সেদিন অচিরেই আসবে, যেদিন আমরা পুনরায় ইরাকে ফিরে আসব এবং আমাদের ভূমি ও সম্পত্তির উপর দাবী উত্থাপন করব’।

ইহুদীদের সম্প্রসারণবাদী তৎপরতা শুধু মাত্র নীল নদ ও ইউফ্রেটসের মধ্যবর্তী এলাকাতেই সীমাবদ্ধ থাকবে না। বরং টাইগ্রীস নদীর এলাকাসহ সমগ্র ইরাককে কলোনী বানানোর প্রচেষ্টায় লিপ্ত থাকবে। যাতে তাদের সীমানা উত্তর ও পূর্ব ইরাকে যথাক্রমে তুকী ও ইরানী সীমান্ত পর্যন্ত বিস্তৃত হ'তে পারে। ১৯৬৭ সালের ৬ই জুন জেরুয়ালেম দখলের দিন (তৎকালীন ইস্রাইলী

২৮. Hertzel's memoirs P. 1503-4.

২৯. ১৮৯৭ সালে সুইজারল্যান্ডের ব্যাস্ল নগরীতে।

প্রতিরক্ষা মন্ত্রী) মোশে দায়ান (Moshe Dayan) ঘোষণা করেন, ‘আমরা জেরুয়ালেম অধিকার করেছি এবং এখন ইয়াছরিব (মদীনা) ও বাবেল (ইরাক) দখলের পথে রয়েছি’।

(৬) সউদী আরবে ও আরব উপসাগরে ইহুদীবাদী আগ্রাসী লক্ষ্য ( Zionist aggressive aims in Saudi Arabia and the Arab Gulf (P. 36) :

ইহুদীরা সর্বদা আকৃতা উপসাগর তীরবর্তী সউদী ভূমিসমূহ দখলের আশা পোষণ করে। যাতে পূর্ব সীমান্তে ৯৫ মাইল দীর্ঘ একটি নিরাপদ বাউগুরী সৃষ্টি হয়। ইস্রাইল আকৃতা উপসাগরকে একটি ভুদে পরিণত করতে চায়, যা লোহিত সাগর এবং প্রাচ্যের আফ্রিকা ও এশিয়ার দেশসমূহের মধ্যে যোগসূত্র স্থাপন করবে। ইস্রাইল তার প্রভাব বলয় দক্ষিণে বহু দূরবর্তী মদীনা পর্যন্ত বিস্তৃত করতে চায় এই অজুহাতে যে, এই অঞ্চলসমূহ এককালে তাদেরই ছিল এবং সেখান থেকে নবী মুহাম্মাদ (ছাঃ) তাদেরকে বের করে দিয়েছিলেন।

তারা আরও উচ্চ আশা পোষণ করে যে, তাদের সীমানা বর্ধিত হবে মদীনা থেকে ১১২ মাইল দক্ষিণে ইয়াম্বু (Yambu) বন্দর পর্যন্ত এবং নাজদের তৈলকৃপ এলাকা পর্যন্ত। এর পিছনে তারা এই উন্নত দাবী পেশ করে যে, আরবদের তুলনায় তারাই তেল সম্পদের ব্যবস্থাপনায় অধিক যোগ্যতার অধিকারী।

ইহুদীরা আরব সাগর তীরবর্তী আমীর শাসিত ও শেখ শাসিত এলাকাসমূহ নিজ অধিকারে আনতে চায়। যাতে এই এলাকার তৈলখনি গুলিকে কাজে লাগানো যায় এবং ভারত ও দূরপ্রাচ্যের এশীয় দেশসমূহের মধ্যে যোগাযোগের মাধ্যম হিসাবে এই এলাকাকে ব্যবহার করা যায়। ১৯৬৭ সালের ৬ই জুন জেরুয়ালেম দখলের পর মোশে দায়ান ঘোষণা করেছিলেন, ‘মদীনা ও মক্কা দখলের পথ এখন আমাদের জন্য উন্মুক্ত’।

আরব দেশসমূহে ইস্রাইলের সম্প্রসারণবাদী লালসার কোন শেষ নেই। তারা দাবী করে যে, আরব দেশসমূহের অগাধ সম্পদ ভোগ করার ন্যায্য হকদার তারাই। কেননা তারাই এসব দেশে পাশ্চাত্য সভ্যতা বহন করে এনেছে এবং তারাই আরবদের সামাজিক ও অর্থনৈতিক অগ্রগতির মূল কারণ।

## ইহুদীদের আঘাসী লক্ষ্যসমূহের পিছনে উদ্দেশ্য (The motives behind Zionist aggressive expansion aims (P. 37)

ইহুদীদের আঘাসী লক্ষ্যসমূহের পিছনে মূল উদ্দেশ্যসমূহকে চারভাগে সাজানো যেতে পারে। যথা : (১) মতবাদগত (২) সামরিক (৩) অর্থনৈতিক এবং (৪) রাজনৈতিক।

### ১. মতবাদগত কারণ (The Dogmatic factor (P. 38) :

ইহুদী সম্প্রসারণবাদী প্রেরণা সরাসরি ভিত্তি লাভ করেছে তাদের ধর্ম বিশ্বাস থেকে। যার উপরে ভিত্তি করে ইহুদী মতবাদ অগ্রগতি সাধন করেছে। বিশ্বের অন্য সব এলাকা বাদ দিয়ে প্যালেস্টাইনকে তাদের ঐতিহাসিক জাতীয় ভূমি হিসাবে নির্বাচন করার মূলেও এই ধর্মীয় কারণ ওৎপ্রোতভাবে জড়িত।

১৮৯৭ সালে প্রথম ইহুদী কংগ্রেসে প্রদত্ত উদ্বোধনী ভাষণে হার্জেল বলেন, ইহুদীরা তাদের নিজস্ব ভূমিতে ফিরে যাবার আগে তাদের ইহুদী মন্দিরে গমন করবে। The Jewish state (ইহুদী রাষ্ট্র) শিরোনামে একটি প্যাস্ফলেটে হার্জেল লেখেন, Faith unifies us ‘ধর্মবিশ্বাস আমাদের ঐক্যবন্ধ করছে’।<sup>৩০</sup> তিনি আরও লেখেন যে, আমি আমার সন্তানদেরকে ‘ঐতিহাসিক খোদা’ (Historical God) বিশ্বাসের উপরে লালন-পালন করতে চাই। তিনি বলেন, খোদা আমাদেরকে কখনোই পিছনে রেখে আসা যুগে ফেলে রাখবেন না। তিনি কি আমাদের ভাগ্যে মানব ইতিহাসে কোনরূপ ভূমিকা পালনের সুযোগ রাখেননি?<sup>৩১</sup> ইস্রাইলে বর্তমানে কয়েকটি শক্তিশালী ধর্মীয় পার্টি রয়েছে। যেমন মিয়রাহী (Mizrahi) পার্টি, লেবার মিয়রাহী পার্টি, এগোডাট (Agodat) পার্টি ও লেবার এগোডাট পার্টি।

### (ক) মিয়রাহী পার্টির মূলনীতি থেকে একটি উদ্ভৃতি নিম্নরূপ (P. 39) :

‘আমাদের দেশের সাংস্কৃতিক আবহাওয়া অবশ্যই আমাদের স্বর্গীয় ঐতিহ্যগত সম্পদ অনুযায়ী হ’তে হবে। আমাদের আইন অবশ্যই ইহুদী ধর্মীয় বিধানের

৩০. Theoder Hertzl, The Jewish state: An attempt at a modern solution of the Jewish question. Translated by Sylvic D. Avigdor 4th edition (London 1946) P.54 and P. 71.

৩১. পূর্বোক্ত ৫৪ পৃ.।

উপর ভিত্তিশীল হ'তে হবে। আমাদের প্রধান পুরোহিত অবশ্যই এমন মর্যাদা সংরক্ষণ করবেন, যা সংগতিপূর্ণ হবে বিভিন্ন দেশের সেরা ধর্মীয় ও আধ্যাত্মিক নেতাদের প্রাপ্য উচ্চ মর্যাদার সঙ্গে। এছাড়া শনিবার অবশ্যই তাদের ছুটির দিন হিসাবে ঘোষিত হবে’।

### (খ) এগোড়ট পার্টির মূলনীতি থেকে একটি উদ্ভৃতি নিম্নরূপ (P. 39) :

ইস্রাইলী জনগণ সৃষ্টি লাভ করেছে সিনাই পাহাড়ে, যেখানে তারা তাওরাত (The Bible) লাভ করে। ইহুদী রাষ্ট্র তার উদ্দেশ্যসমূহ বাস্তবায়নে কখনোই সক্ষম হবে না, যতক্ষণ না সে তাওরাতের মূল উদ্ভৃতিসমূহ ঠিক মত পালন করে চলবে এবং সে কোনক্রমেই তার সমস্যাসমূহ দূরীকরণে সক্ষম হবে না একমাত্র তাওরাতের মাধ্যম ছাড়। সকল প্রকারের শিক্ষাসূচী অবশ্য তাওরাতের দেওয়া নকশা অনুযায়ী হ'তে হবে। ইহুদী জনগণ অবশ্যই দৃঢ়ভাবে পালন করবে তাদের যাবতীয় ধর্মানুষ্ঠান, শনিবারের ছুটি এবং উৎসব অনুষ্ঠানসমূহ। তাদেরকে অবশ্যই ইহুদী জীবনের অক্রিয়তা বজায় রাখতে হবে। যাবতীয় নাগরিক আইন অবশ্যই ভালভাবে পরীক্ষা করে দেখতে হবে এবং সমস্ত প্রাধান্য ও সার্বভৌমত্ব অবশ্যই পুরোহিতদের হাতে থাকবে।

### (গ) এগোড়ট লেবার পার্টির মূলনীতির কিছু উদ্ভৃতি নিম্নরূপ (P. 40) :

‘ইস্রাইল অন্যান্য দেশের মত একটি দেশ নয়। তাওরাতের (The Bible) শাশ্঵ত বিধানসমূহই ইস্রাইলী জনগণের ও রাষ্ট্রের প্রাকৃতিক সংবিধান (Natural Constitution)। পবিত্র তাওরাতের বিধান ব্যতীত অন্য কোন আইন ও বিধান আমাদের প্রণীত আইনসমূহের উপর প্রভাব বিস্তার করতে পারবে না। জনগণ এবং রাষ্ট্র মিলে একটি পরিবারের ন্যায়। ইস্রাইলের এই পরিবারকে ধ্বংসের হাত থেকে কেউই রক্ষা করতে পারবে না, কেবলমাত্র তাওরাতের নীতিনির্দেশ ও আইনসমূহ পালন করা ছাড়। বিশ্বাস্তি বজায় রাখার গুরুত্বপূর্ণ পূর্বশর্ত হিসাবে একটি শক্তিশালী সেনাবাহিনীর অবস্থিতি অবশ্য প্রয়োজন। যদিও সেনাবাহিনীর প্রভাব দ্বারা রাষ্ট্র পরিচালিত হবে না। বরং সেনাবাহিনী অবশ্যই পরিচালিত হবে ইস্রাইলের মূল প্রেরণা (Original spirit) দ্বারা, যা খোদায়ী শক্তি দ্বারা উন্নতি লাভ করে, কোন অন্ত্রের শক্তি দ্বারা নয়’।<sup>১২</sup>

৩২. The existence of a strong army is an important pre-requisite for the maintenance of world peace, yet the military spirit must not affect the

### (ঘ) মিয়রাহী লেবার পার্টির কিছু মূলনীতির উন্নতি নিম্নরূপ (P. 40) :

‘পবিত্র তাওরাত (The Bible) অবশ্যই নিয়ন্ত্রণ করবে রাষ্ট্রীয় সংগঠনকে এবং রাষ্ট্রের যাবতীয় আইন-কানুনকে অবশ্যই তাওরাতের উপর ভিত্তিশীল হ’তে হবে’।<sup>৩৩</sup>

১৯৭০ সালের ২৮শে ফেব্রুয়ারী মার্কিন যুক্তরাষ্ট্রে সরকারী সফরে গিয়ে ফ্রান্সের প্রেসিডেন্ট পম্পিডু (Pompidou) ইস্রাইল সম্পর্কে বলেন যে, মধ্যপ্রাচ্যে ইস্রাইলের একটি বিশেষ অবস্থান রয়েছে। কিন্তু যদি সে সাম্প্রদায়িক ও ধর্মীয় রাষ্ট্র না হয়ে অন্যান্য সাধারণ রাষ্ট্রগুলোর মত হ’ত, তাহ’লে প্রতিবেশীদের সঙ্গে তার সম্পর্কের উন্নতি হ’ত’। এই সময় আন্তর্জাতিক ইহুদীবাদ ধর্মের প্রতি খুবই আগ্রহ দেখায়। অন্যদিকে অন্যান্য দেশে অসামরিক সরকার প্রতিষ্ঠায় উৎসাহ যোগায়। যাতে ঐসব সরকারের নেতৃত্বে অবক্ষয় ও অধঃপতন তুরান্বিত হয়।

ইহুদী আন্দোলন অত্যন্ত দৃঢ়ভাবে দু’টি মৌলিক দাবীর উপরে জোর দেয়, যা তারা কোন অবস্থাতেই পরিত্যাগ করবে না।-

১. নীলনদ থেকে ইউফ্রেটিস পর্যন্ত বিস্তীর্ণ এলাকায় তাদের ভাষায় The promised land or the land of Israel অর্থাৎ প্রতিশ্রূত ভূমি অথবা ইস্রাইল ভূমি প্রতিষ্ঠা করা।

২. ইহুদী জনগণকে তাদের জাতীয় ভূমিতে (National land) ফিরে আসা। কেননা প্যালেস্টাইনের বাইরে নির্বাসনে জীবন যাপন করা ইহুদী জনগণের ধর্ম বিশ্বাস ও স্বাভাবিক জীবন ধারার বিরোধী। ইহুদী ইতিহাসের সকল পর্যায়ে তাদের অঘোষিত লক্ষ্য ও পথ নির্দেশক নীতি সর্বদাই ছিল এই যে, ‘স্বীয় লক্ষ্যচ্যুত না হয়ে যা পারো করে যাও। তোমার নগদ ও দীর্ঘ মেয়াদী লক্ষ্য বাস্তবায়নের প্রচেষ্টায় যেকোন সুযোগ গ্রহণ কর’।<sup>৩৪</sup>

state and the army must be governed by the original spirit of Israel which is capable of elevation and exaltation through God's spirit and not through power. p. 40.

৩৩. The Bible should be condition of organization of the state and the laws of the state must be based upon the Bible. p. 41.

৩৪. Obtain whatever you can, without giving up any of your objectives; take advantage of everything in an effort to realize both your immediate and long term objectives. p. 42.

ইহুদীবাদ (Zionism) সব সময় নীলনদ থেকে ইউক্রেটিস পর্যন্ত ঐতিহাসিক প্যালেস্টাইন প্রতিষ্ঠার উপর জোর দিয়েছে এবং তাদের নিজস্ব ভূমিতে ইহুদীদের অধিকার বজায় রাখতে চেয়েছে। যদিও তাদের এই ‘ন্যায় অধিকার সমূহের’ (Legal rights) দাবী কালের আবর্তনে সাময়িকভাবে গুরুত্বহীন হয়ে পড়েছে।

‘হিরট’ (Hirout) পার্টির নেতা ও (বর্তমান ইস্রাইলী প্রধানমন্ত্রী) ইহুদী সন্ত্রাসবাদী (Zionist terrorist) মেনাহিম বেগিন The Revolt (বিদ্রোহ) নামক স্বীয় বইয়ে লেখেন, তাওরাতের অবতরণকাল থেকেই এই মাটি ইস্রাইলের সন্তানদের জন্য নির্দিষ্ট, যা পরবর্তীকালে ‘প্যালেস্টাইন’ নামে অভিহিত হয়েছে এবং এটা সবসময় জর্ডান নদীর দুই তীরকে অন্তর্ভুক্ত করে। সেজন্য প্যালেস্টাইনকে বিভক্ত করা অন্যায় এবং সে অবস্থায় তা কখনোই আইনগত স্বীকৃতি পেতে পারে না। এর বিভক্তির চুক্তিতে সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানের স্বাক্ষর থাকলেও তা কখনোই আইন সম্মত হবে না। বরং ইস্রাইলী ভূমি সম্পূর্ণভাবে এবং চিরকালের জন্য ইস্রাইলী জনগণের অধিকারেই ফিরে আসবে।<sup>৩৫</sup>

১৯৫০ সালের ৭ই এপ্রিল মেনাহিম বেগিন বলেন যে, আমরা কোন শান্তিচুক্তি করি বা না করি, যতদিন পর্যন্ত আমরা আমাদের দেশকে সম্পূর্ণভাবে স্বাধীন করতে না পারব, ততদিন পর্যন্ত ইস্রাইল এমনকি আরব জনগণের জন্যেও কোন শান্তি আসতে পারে না।<sup>৩৬</sup>

১৯৫৭ সালের ১৬ই আগস্ট ২৩তম ইহুদী সম্মেলনে (Zionist Congress) আমেরিকান ইহুদী নেতা আবা হিল্লেল সিলভার (Ebba Hillel Silver) বলেন যে, ইস্রাইল রাষ্ট্র এখনো ছোট ও অমীমাংসিত (Unsettled)। অতএব আমাদেরকে এর মোকাবেলায় সকল সমস্যার সমাধান করা উচিত।<sup>৩৭</sup>

১৯৫১ সালের ৮ই আগস্টের ইহুদী সম্মেলনে ইস্রাইল সরকারের পক্ষ থেকে এক বক্তৃতায় ধর্মমন্ত্রী রাব্বী ইহুদা মায়মুন (Rabbi yehuda maimon)

৩৫. Menahim Begam, The Revolt, London 1950, p. 335.

৩৬. Israel an economic, military and political danger. Beirut, p. 31.

৩৭. Ibid. P- 12.

বলেন যে, আপনাদের এই সম্মেলন বিরাট গুরুত্বের সঙ্গে ঐসব সমস্যা বিবেচনা করবে, যেগুলো পূর্ণাঙ্গ ইস্রাইল রাষ্ট্র সম্পর্কিত, যা বিস্তৃত হবে ইউক্রেটিস থেকে নীলনদ পর্যন্ত।<sup>৩৮</sup>

১৯৪৮-এর যুদ্ধ শেষ হবার পরপরই বেন গুরিয়ন (Ben Gurion) বলেন, যে তরবারী আজ খাপের মধ্যে ফিরে এসেছে, তা অত্যন্ত অস্থায়ীভাবে এসেছে। আমরা একে আবার ব্যবহার করব যখন আমাদের স্বাধীনতা ভূমকির সম্মুখীন হবে অথবা যখন তাওরাতের নবীগণের স্বপ্ন বিপদগ্রস্ত হবে। সকল ইহুদী জনগণ তাদের পিতৃপুরুষদের ভূমিতে বসতি স্থাপনের জন্য অবশ্যই ফিরে আসবে যা নীলনদ থেকে ইউক্রেটিস পর্যন্ত বিস্তৃত হবে'।

১৯৫০-৫১ সালে ইস্রাইলের বার্ষিক সরকারী রিপোর্টের ভূমিকায় বেন গুরিয়ন বলেন, আমরা উত্তরাধিকার সূত্রে কোন বড় একটা দেশ লাভ করিনি। বরং দীর্ঘ ৭০ বৎসরের কঠিন সংঘাতের পর আমরা আমাদের ছোট দেশটির স্বাধীনতার প্রাথমিক পর্যায়ে পৌঁছেছি মাত্র।<sup>৩৯</sup>

ইস্রাইলের বার্ষিক সরকারী বই ১৯৫২-এর ভূমিকায় বেন গুরিয়ন ইস্রাইলের সম্প্রসারণবাদী নীতিকে নিম্নোক্ত ভাষায় ঘোষণা করেন,

'প্রত্যেকটি দেশই একটা নির্দিষ্ট ভূমি ও জনগণ নিয়ে গঠিত। ইস্রাইলও এই নীতির ব্যতিক্রম নয়। কিন্তু এই রাষ্ট্রটি গঠিত হয়েছে তার ভূমির সঙ্গে অসংগতিপূর্ণ অবস্থায়। যখন আমাদের রাষ্ট্র গঠিত হয়, তখন পূর্ণ ইস্রাইলী ভূমির মাত্র একটি অংশে তা স্থাপিত হয়, যা সর্বমোট ইহুদী জনসংখ্যার মাত্র ০৬% শতাংশ ধারণ করতে সমর্থ হয়।<sup>৪০</sup>

প্রতিবেশী আরব দেশসমূহের উপর সম্প্রসারণবাদী থাবা বিভারের উদ্দিত অঙ্গীকার ইহুদী নেতা ও রাজনৈতিক দলগুলোকে ছাড়িয়ে খোদ ইস্রাইলী সরকারের মুখ্যে শোনা যায়। ১৯৫৫ সালে প্রকাশিত ইস্রাইলের সরকারী বইয়ে বলা হয় যে, একটি নতুন রাষ্ট্রের সৃষ্টি দ্বারা কোনক্রমেই ইস্রাইলের প্রাকৃতিক সীমানা-কাঠামোকে ধ্বংস করতে দেওয়া যায় না।<sup>৪১</sup>

৩৮. Ibid. P- 31.

৩৯. Ben Gerion's speech of 7th June, 1949.

৪০. Introduction to the annual book of the Israeli Govt. for the year 1952. P. 15.

৪১. Annual book of the Israeli Govt. for the year 1955. P. 230.

১৯৫৬ সালে মিসরের উপরে ত্রয়ী হামলার মাত্র ৯ দিন পরে বেন গুরিয়ন ইস্রাইলী পার্লামেন্টে সদস্যে ঘোষণা করেন যে, ইস্রাইলী প্রতিরক্ষা বাহিনীর দুঃসাহসিক আক্রমণ আমাদের স্বদেশ ভূমি ও সিনাই পাহাড়ের সঙ্গে বন্ধনকে নবায়ন করেছে।<sup>৪২</sup>

বেন গুরিয়ন বিগত ২০ বৎসর যাবত পুনঃ পুনঃ এ কথার উল্লেখ করেন যে, জেরুয়ালেম ছাড়া ইস্রাইলের কোন অর্থ হয় না এবং ধর্মমন্দির (Temple) ছাড়া জেরুয়ালেমের কোন অর্থ হয় না। বেন গুরিয়ন এখানে ধর্মমন্দির অর্থে কি বুঝিয়েছেন? নিচয়ই তা আল-আকচা মসজিদ ছাড়া আর কিছুই নয়।<sup>৪৩</sup>

### ইস্রাইলী স্কুলসমূহে ভূগোলের একটি পাঠ্য বইয়ে শেখানো হয়েছে (P. 46) :

১৯৪৯ সালের শান্তি আলোচনায়<sup>৪৪</sup> ইস্রাইলী প্রতিনিধি দল ব্যাখ্যা করে বলেন যে, ইস্রাইল ও এর প্রতিবেশী রাষ্ট্রসমূহের মধ্যে শান্তি ও অর্থনৈতিক সহযোগিতা বজায় রাখবার জন্য জাতিসংঘ কর্তৃক পার্টিশন স্কীমের ভিত্তিতে যে মীমাংসা নির্ধারণ করা হয়, আরব আগ্রাসনের ফলে ঐ সীমানা বর্তমানে গ্রহণযোগ্য নয়।<sup>৪৫</sup>

আবা ইবান (Ebba Iban) বলেন, আমরা সর্বদা আমাদের পূর্ণ মনোযোগ নিবন্ধ রাখব জর্ডান এবং এর পানির উৎসগুলির উপর।<sup>৪৬</sup>

উপরের ঘোষণাসমূহ এ কথা পরিক্ষার করে দিয়েছে যে, ইস্রাইলের উন্নতি, এর জনসংখ্যা বৃদ্ধি ও বণ্টন, এর কৃষি ও শিল্পোৎপাদন বৃদ্ধি সবকিছুই তার সরকারের উপর দায়িত্ব অর্পণ করছে। জর্ডান নদীর পানি এবং লেবানন,

৪২. Jerusalem post newspaper, Nov. 8, 1956.

৪৩. ইস্রাইলের প্রধান রাজনৈতিক দল লেবার পার্টি ১৯৬৯ সালের ৫ই আগস্টে সমাপ্ত সঙ্গাহব্যাপী নির্বাচনী অভিযানে নিচয়তা দেয় যে, তারা কখনোই জেরুয়ালেম, গায়া, গোলান মালভূমি, সিনাই-এর বৃহত্তর এলাকা ও জর্ডান নদীর পশ্চিম তীর থেকে হটে আসবে না। তারা জর্ডান নদীকে ইস্রাইলের জন্য নিরাপদ পূর্ব সীমানা বলে মনে করে।

৪৪. ভূমধ্যসাগরীয় দ্বীপ রোডস-এ এই শান্তি আলোচনা অনুষ্ঠিত হয়। যার ফলশ্রুতি হিসাবে আরব ভূমির বহু এলাকা যা ইতিপূর্বে ইস্রাইলীদের অধিকারে ছিল না, তাকে দিয়ে দেওয়া হয়। যার মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ এলাকা হ'ল জেনিন যেলার একটি বিস্তীর্ণ ভূখণ।

৪৫. Jerusalem post Issue of 2-5-1951.

৪৬. Jerusalem post newspaper Issue, dated 10.7.51.

সিরিয়া ও জর্ডানের অন্যান্য পানির উৎসসমূহ ব্যবহারের মাধ্যমে তাদের নাজার মরণভূমিকে কাজে লাগানোর জন্য ১৯৬৭-এর যুদ্ধে ইস্রাইলী সেনাবাহিনী সিরিয়া ও জর্ডানের কতকগুলো পানির উৎসের উপর দখল কায়েম করতে সমর্থ হয়।

মেটকথা ইহুদী আগ্রাসন ও সম্প্রসারণবাদের পিছনে পানিই একমাত্র অর্থনৈতিক লক্ষ্য নয়। বরং ইস্রাইলের ব্যবসায় সমস্যা, ইস্রাইলী পণ্য সমূহের বাজার সৃষ্টি এবং আরবদের অর্থনৈতিক অবরোধ ভেঙ্গে দেওয়া পানির উৎসসমূহের উপর নিয়ন্ত্রণ লাভের চেয়ে কম গুরুত্বপূর্ণ নয়।

১৯৫১ সালে দেওয়া এক বক্তৃতায় বেন গুরিয়ন ঘোষণা করেন, ‘আমরা অবশ্যই ‘আইলট’ বন্দর (Harbour of Eilat) প্রতিষ্ঠা করব এবং ভারত মহাসাগরে নৌ-চলাচলের স্বাধীনতা নিশ্চিত করব। আমরা তা সম্পাদন করব আমাদের আকাশ, নৌ ও স্থল বাহিনীর সাহায্যে।<sup>৮৭</sup>

বেন গুরিয়ন উপরোক্ত পরিকল্পনা বাস্তবায়িত করার প্রচেষ্টা চালান ১৯৫৬ সালে সিনাই ও গায়া সেক্টরে ত্রয়ী হামলা চালানোর সময়। বেন গুরিয়নের ভাষায় উক্ত হামলার পিছনে তিনটি উদ্দেশ্য ছিল :

১. সিনাই উপদ্বীপে শক্রশক্তি ভেঙ্গে দেওয়া।
২. পূর্ব পুরুষদের ভূমি উদ্ধার করা। যা বিদেশী অধিকারে নিষ্পিষ্ট হচ্ছে।
৩. আক্রাবা উপসাগর ও সুয়েজ খালে নৌ-চলাচলের স্বাধীনতা নিশ্চিত করা।<sup>৮৮</sup>

১৯৬৭ সালের মে মাসে সংযুক্ত আরব প্রজাতন্ত্র (মিসর) যখন আক্রাবা উপসাগরে ইস্রাইলী জাহায চলাচল নিষিদ্ধ করে, তখন ইস্রাইল আরব দেশসমূহের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনা করে এবং জোর করে আক্রাবা উপসাগরে তার জাহায পুনরায় চালু করে। কারণ এই নৌ-চলাচলের স্বাধীনতাকে ইস্রাইল তার অর্থনৈতির জন্য জীবন রক্ষাকারী হিসাবে গুরুত্ব দিয়ে থাকে।

৮৭. Ephrain Orny Walisha Ephrai (Geography of Israel): translated into English by the Israeli office for scientific translations, Jerusalem, 1964. P. 170.

৮৮. Jerusalem post newspaper. Issue dated 9.11.56.

আকুলাবা উপসাগরে জাহায চলাচল বন্ধ করা হ'লে ইস্রাইল বধিত হবে পূর্ব, মধ্য ও দক্ষিণ আফ্রিকা এবং দূরপ্রাচ্যের দেশসমূহ ও অন্তেলিয়ার সঙ্গে তার বিরাট ব্যবসা থেকে।

যারা ১৯৪৮ সালে ইস্রাইল রাষ্ট্র প্রতিষ্ঠার আগের ও পরের ইহুদীদের প্রবীণ ও নবীন নেতাদের লেখা পড়েছেন, তারা অবশ্যই উপলক্ষ্মি করেছেন যে, এই নেতাদের ইস্রাইল রাষ্ট্র প্রতিষ্ঠার অবিরত প্রচেষ্টা ও তা রক্ষার জন্য বিরামহীন সামরিক প্রস্তুতির পিছনে মুখ্য কারণ হিসাবে কেবলমাত্র অর্থনৈতিক কারণই ক্রিয়াশীল ছিল।<sup>৪৯</sup>

ইস্রাইলী সরকার ও লেখকগণ বিশ্ব ইহুদী সম্প্রদায়ের প্রতি নবপ্রতিষ্ঠিত ইস্রাইল রাষ্ট্রে হিজরত করার জন্য উৎসাহিত করেন ও আহ্বান জানান এবং সেখানে অর্থনৈতিক স্বার্থকেই টোপ হিসাবে ব্যবহার করা হয়। তারা তাদেরকে স্বাধীনভাবে ব্যবসা করতে দেওয়ার প্রতিশ্রুতি দেন, যা তাদেরকে আন্তর্জাতিক বাণিজ্য পূর্ণভাবে নিয়ন্ত্রণের সুযোগ এনে দেবে। ইহুদী নেতারা একই সুরে বার বার একই কথা উচ্চারণ করতে থাকেন। কোন বন্ধই তাদেরকে এই ধরনের কথাবার্তা থেকে একবিন্দু নড়াতে পারে না।

১৯৬৭ সালের যুদ্ধ শেষে শান্তিচুক্তির সময় তাদের দেওয়া দফাগুলোতে অর্থনৈতিক বিষয়সমূহ প্রথম সারিতে স্থান পায়। এই দফাগুলো ছিল সংক্ষেপে নিম্নরূপ:

১. আকুলাবা উপসাগরে নৌ-চলাচলের স্বাধীনতা এবং এই স্বাধীনতা নিশ্চিত করার জন্য সাগর তীরবর্তী সিনাই মরুভূমির পশ্চিম অংশ ও (মিসরের) শারম আল-শেখের উপর ইহুদী নিয়ন্ত্রণ বজায় রাখা।
  ২. সুয়েজ খালে জাহায চলাচলের স্বাধীনতা।
  ৩. জর্ডান নদীর উৎসসমূহের উপর ইহুদী নিয়ন্ত্রণ বজায় রাখা।
  ৪. আরব অর্থনৈতিক বয়কটের সমাপ্তি টানা।
- আরবরা দ্যর্থহীনভাবে এসব দফা প্রত্যাখ্যান করে। কেননা এসব প্রস্তাব মেনে নেওয়া অর্থ পূর্ণভাবে আত্মসমর্পণ করা।

৪৯. বিস্তারিত বিবরণের জন্য 'Days prior to the decisive battles and after it', Beirut 1967, P.34-42.

এভাবে আমরা দেখতে পাই যে, অর্থনৈতিক তাকীদেই ইস্রাইল আরব দেশসমূহে বার বার আগ্রাসন চালায়। এক্ষত প্রস্তাবে এই তাকীদই ইস্রাইলী সম্প্রসারণবাদী পরিকল্পনায় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।<sup>৫০</sup>

## ২. সামরিক কারণ (The military factor p. 50) :

এটা মোটেই বিশ্ময়ের ব্যাপার নয় যে, ইস্রাইল তার সমস্যার সামরিক দিকটির ব্যাপারে বিশেষ গুরুত্ব দেবে। কেননা ইস্রাইলের আগ্রাসী ও সম্প্রসারণবাদী লক্ষ্য রয়েছে (এবং তারা ভাল করেই জানে যে), আরববরা তাদের ভূমি, মর্যাদা ও ধর্মবিশ্বাসের পক্ষে অবশ্যই মাথা তুলে দাঁড়াবে এবং তারা অবশ্যই তাদের কাছ থেকে অন্যায়ভাবে অধিকৃত আরব ভূমি ফিরে পাবে।

ইস্রাইলী সীমানাসমূহের প্রকৃতি, অধিকৃত ভূমির আয়তন, জনসংখ্যা বন্টন, পূর্ব পুরুষদের ভূমি পুনর্দখলের জন্য ইস্রাইলের প্রবল আকাঙ্ক্ষা এবং শক্ত ভাবাপন্ন আরব দেশগুলোর মাঝখানে অন্যায়ভাবে আরব ভূমি দখল করে রাখা প্রভৃতি কারণে ইস্রাইল সামরিক বিষয়টিকে অন্যতম অপরিহার্য বিষয় বলে মনে করে থাকে।

ইস্রাইলের সামরিক নীতি-কোশলের সমালোচনা করার অপরাধে আদালতে জনেক ইস্রাইলী লেখকের বিচার হয়। আত্মপক্ষ সমর্থনে উক্ত গ্রন্থকার আদালতকে বলেন :

‘আমি দেখেছি যে, রাষ্ট্র একদল অত্যন্ত গেঁড়া ধর্মান্ধ যুবদল সৃষ্টি করার জন্য তার পূর্ণ প্রচেষ্টা জোরদার করছে। যারা সামরিক প্রশিক্ষণ লাভ করবে এবং অবশেষে নিজেদেরকে সরাসরি যুদ্ধ এবং আগ্রাসী লক্ষ্যসমূহ অর্জনের প্রতি নিয়োজিত করবে। এই সংকীর্ণ ও গেঁড়া সামরিক শিক্ষা, যা তারা লাভ করছে, তা মোটেই পৃথক নয় ঐসব শিক্ষা থেকে, যা দেশে দেশে সামরিক শাসনের অধীনে দেওয়া হয়ে থাকে। জাপানী ও নার্সীদের ন্যায় এরাও একটি বিশেষ আদর্শে সৈন্যদের গড়ে তুলবার মানসে দেশের যুব সমাজকে সেনাবাহিনীতে যোগ দিতে প্রস্তুত করছে। এমনকি তারা ছোট শিশুদেরকেও

৫০. See details in 'Israel's Militarism' Beirut, 1968, p. 63-65.

সামরিক বিষয়ে প্রশিক্ষণ দিতে কচুর করছে না। তারা দেশের সবকিছুতেই সামরিক চেতনার ছাপ রাখতে চায়। যে ছাপ তারা মারতে চায়, সে ছাপ হ'ল আক্রমণ-অভিযানের এবং কলোনী স্থাপনের’।<sup>১১</sup>

যাবতীয় বস্তুগত ও নৈতিক সম্ভাবনাসহ সমস্ত ইস্রাইলকে একটি বিরাট সৈন্য শিবির বলা যায়। কোন ইহুদী বালক ১২ বৎসর বয়সে পা দিলেই তার নিয়মিত সামরিক প্রশিক্ষণ শুরু হয়ে যায়। ১৮ বৎসর পর্যন্ত এই প্রশিক্ষণ চলে। তারপর তাকে নিয়মিত সেনাবাহিনীতে যোগ দিতে হয় একটি বাধ্যতামূলক সামরিক প্রশিক্ষণ কোর্স (term) শেষ করবার জন্য। প্রশিক্ষণ শেষে উক্ত সৈনিক সেনাবাহিনীর রিজার্ভ সেকশনের অন্তর্ভুক্ত হবে এবং সে তার ৩৯ বৎসর বয়সের পূর্বে প্রয়োজনমত যেকোন সময়ে যেকোন সামরিক কাজে নিয়োজিত হ'তে বাধ্য থাকবে। ৩৯ বৎসরের পর সে বিভিন্ন কলোনীতে ন্যাশনাল গার্ড সার্ভিসে যোগ দেবে এবং যতদিন পর্যন্ত সে অন্তবহনের ক্ষমতা রাখবে ততদিন সে উক্ত চাকুরীতে বহাল থাকবে। এভাবে ইস্রাইলে সামরিক চাকুরী শুরু হয় শিশুকাল থেকেই এবং তা শেষ হয় তার মৃত্যুর সাথে।

১৯৬৭ সালের যুদ্ধে ইস্রাইল তার মোট জনসংখ্যার ১১ শতাংশকে সক্রিয় সামরিক কাজে লাগাতে সমর্থ হয়। প্রকৃত প্রস্তাবে নিয়মিত সেনাবাহিনীর বাইরে অন্ত বহনে সক্ষম প্রত্যেক ইস্রাইলীকে দেশ রক্ষার জন্য রিক্রুট করা হয়।

অন্যদিকে আরবরা মাত্র তিন হায়ার সৈন্য এদের বিরুদ্ধে দাঁড় করাতে সক্ষম হয়েছিল।

ইস্রাইল তার যাবতীয় নৈতিক সম্ভাবনা নিয়ে যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল। অথচ আরবরা কি করেছিল? ইস্রাইলের এই সামরিক কারণের পশ্চাতে উদ্দেশ্যগুলি ছিল নিম্নরূপ :

(ক) নৈতিক সমর্থন (**Moral support p. 52**) : ইস্রাইল সর্বদা তার যুদ্ধের সেনাবাহিনী ও জনগণের মনোবল উঁচু রাখতে চায়। অন্যদিকে সে আরব শক্তি ও আরব জনগণকে ধ্বংস করতে চায়।<sup>১২</sup>

৫১. In the Tel-Aviv court on 19.4.1951. See the book entitled 'The road to victory in the Battle of revenge' p. 128.

একটি উঁচু মনোবলসম্পন্ন সেনাবাহিনী যুদ্ধে নিশ্চিতভাবে জয় লাভ করে। ইস্রাইলী সেনাবাহিনীকে তার পরিচালনা, সংগঠন, অস্ত্রসজ্জা, প্রশিক্ষণ প্রভৃতির মাধ্যমে বস্ত্রগতভাবে এবং ইহুদী ধর্মের আইন-কানূন ও নীতিশিক্ষা সমূহ গভীরভাবে অনুধাবন এবং ইহুদী উত্তরাধিকার ও হিকুভাষার প্রতি গভীর সম্মান প্রদর্শনের আহ্বানের মাধ্যমে নৈতিকভাবে শক্তিশালী করে গড়ে তোলা হয়। শুধু সেনাবাহিনী নয়; বরং ইস্রাইল ও ইস্রাইলের বাইরে বিশ্বের সকল প্রান্তের ইহুদী জনগোষ্ঠীর মনোবল এর দ্বারা উন্নত হবে। প্রকৃত প্রস্তাবে বহু বৎসরের অপমান ও নিষ্ঠাহ ভোগের প্রেক্ষাপটে ইস্রাইল বা ইহুদীরা এখন সবচাইতে প্রয়োজন উপলব্ধি করছে তাদের নৈতিক উন্নতির।

ইহুদীরা সত্য ও ন্যায়ের পথ থেকে বিচ্যুত হয়েছিল। তারা মিথ্যা প্রতিমা সমূহের পূজা করত<sup>৫০</sup> এবং আল্লাহর পথ থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। তারা অশ্লীলতায় লিঙ্গ হয়ে অন্যের উপর অত্যাচার করত এবং তাদের নিজেদের গোত্রীয় নবীদেরকে অন্যায়ভাবে হত্যা করেছিল। আল্লাহ তাদের শক্রদেরকে তাদের বিরুদ্ধে উৎসাহিত করেন এবং আসীরিয়রা খৃঃ পৃঃ ৭২১ সালে ইস্রাইলের রাজত্বকে ও ব্যবিলনীয়রা খৃঃ পৃঃ ৫৮৭ সালে ইয়েহুদা (Yehuda) রাজত্বকে নিশ্চিহ্ন করে দেয়। তাদের ধর্মমন্দির বিধ্বস্ত হয় এবং জীবিত সকলেই বন্দী হয়। ইহুদীরা বন্দী জীবনে দারুণ নির্যাতন ভোগ করে যতদিন না পারসিকরা (Persians) তাদের সাহায্যে এগিয়ে আসে এবং তাদের মধ্যে ইচ্ছুক ব্যক্তিদেরকে খৃঃ পৃঃ ৫৩৮ সালে জেরুয়ালেমে প্রত্যাবসনের ব্যবস্থা করে।

ইহুদীরা তাদের বিগত ঘটনাবলী থেকে শিক্ষা গ্রহণ কিংবা তাদের নবীদের ঝঁশিয়ারী ও উপদেশসমূহের প্রতি কোনৰূপ মনোযোগ দেয় বলে মনে হয় না। রোমকরা (Romans) তাদেরকে দু'বার পর্যন্দস্ত করেছে। একবার খৃঃ পৃঃ ৭০ সালে সন্ত্রাট তিতাস ফ্লাভিয়াসের (Titus Flavious) আমলে। যিনি জেরুয়ালেম নগরীকে ধ্বংস করেন এবং এর উপসনালয়কে জ্বালিয়ে দেন।

৫২. The Arab Military unity, Beirut 1969, P. 132.

৫৩. তারা সিডনীদের (Sidonites) দেবতা ‘আস্তারাউত’ (Ashtarout) এবং এমোনিয়দের (Anomites) দেবতা ‘ম্যালকমের’ (Malcom) পূজা করত। দেখুন : Kings 18th 11 : 6 and 2.

দ্বিতীয়বার খঃ পঃ ১৩৫ সালে সন্ত্রাউ ইলিয়াস হাদিয়ানুসের (Ilius Hadianus) হাতে, যিনি জেরুয়ালেম নগরীকে সম্পূর্ণরূপে নিশ্চিহ্ন করে দেন এবং মহান ইলিয়ার নামানুসারে এর নাম রাখেন ‘ইলিয়া কাপিতুলুনা’ (Elia Kapituluna)। তিনি এই নগরীর বাসিন্দাদের উৎখাত করে চারিদিকে ছড়িয়ে দেন।

খৃষ্টীয় চতুর্থ শতাব্দীতে রোমানরা যখন খৃষ্টধর্ম গ্রহণ করল, তখন তাদের প্রভু যীশুর সাথে (তাঁর উপর শান্তি বর্ষিত হোক!) দুর্ব্যবহারের প্রতিশোধ হিসাবে তারা ইহুদীদের উপর অত্যাচারের মাত্রা বাড়িয়ে দিল। জেরুয়ালেম নগরীতে ইহুদীদের প্রবেশ নিষিদ্ধ করা হ'ল এবং শহর ও পার্শ্ববর্তী এলাকার সমস্ত ময়লা-আবর্জনা উপাসনালয়ের পাশে স্তুপীকৃত করা হ'ল।

৬৩৮ খ্রিস্টাব্দে মোতাবেক ১৭ হিজরীতে মুসলমানগণ এই পবিত্র নগরী অধিকার করেন এবং ইহুদীদের জন্য একটি নবজীবনের সূত্রপাত ঘটে। যে জীবন ছিল মর্যাদার এবং সম্মানের; যা তারা ইতিপূর্বে কখনোই উপলব্ধি করতে সক্ষম হয়নি।

মুসলিম খলীফা হ্যরত ওমর (রাঃ) ইস্রাইলী সন্তানদের বিরোধিতায় রোমানদের দ্বারা স্তুপীকৃত ময়লা-আবর্জনাসমূহকে উপাসনালয়ের উপর থেকে নিজ হাতে অপসারণ করেন। তিনি তার ঢিলা বড় জামা বিছিয়ে তাই দিয়ে আবর্জনা মুছতে থাকেন এবং মুসলমানদের এ কাজে সহায়তার জন্য আহ্বান করেন।<sup>৫৮</sup>

মুসলমানগণ তখন তাদের মনোযোগ নিবন্ধ করেন নবীদের সমাধিগুলোর দিকে এবং শুরু করেন সর্বপ্রথম হ্যরত ইব্রাহীম (আঃ) থেকে, যিনি সবশেষে জেরুয়ালেমে সমাহিত হয়েছেন। মুসলমানরা এগুলোকে সাজিয়ে তোলেন এবং এ সবের পবিত্রতা, সৌষ্ঠব ও মর্যাদা ফিরিয়ে আনেন। রোমান, প্যাগান ও খ্রিস্টানদের দীর্ঘ রাজত্বকালে চিরদিনের জন্য অধিকার বঞ্চিত ইহুদীরা পুনরায় ফিরে আসতে থাকে মসলিম শাসনামলে, প্রথমতঃ শুধুমাত্র দেখবার

৫৮. Aluns Al-jalil Mujier el Dine el Hanbaly, Cairo 1283 A. H. II : 153, 227. মূল বইয়ে 'Last' কথাটি লেখা আছে। -অনুবাদক।

জন্য, তারপর কাজের জন্য এবং তারপর ক্রমে উপাসনা ও বসবাসের জন্য।<sup>৫৫</sup>

আরব এবং মুসলমানগণ ইহুদীদের সঙ্গে অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ ব্যবহার করেন যার সাক্ষ্য ইহুদীরাই দিয়ে থাকেন। কিন্তু ১৯৪৮ সালে যখন তারা একটি সম্মানজনক অবস্থায় উপনীত হ'ল, তখন আরবদের সঙ্গে তাদের ব্যবহার অত্যন্ত অকৃতজ্ঞতাপূর্ণ প্রমাণিত হ'ল।

ব্যাবিলনের রাজা নেবুচাদনেয়ার (Nebuchadnezzar) যিনি খঃ পূঃ ৫৮-৭ সালে ইহুদীদেরকে বন্দী করেন, তখন থেকেই ইহুদীরা ছিল ঘৃণিত ও অবজ্ঞার পাত্র। তাদের না ছিল কোন শক্তি, না ছিল কোন অস্তিত্ব। কিন্তু এই সুদীর্ঘ দিনের ভবঘূরেমি ও উদ্বাস্ত অবস্থা শেষে যেইমাত্র তারা একটি রাষ্ট্র পেল, পেল একটি পতাকা, একটি সরকার এবং পেল দুনিয়ার বুকে একটি সম্মানজনক অবস্থান, অমনি তারা ভুলে গেল সেই বাস্তব সত্য কথাটি যে, তাদের রাষ্ট্রের কখনো কোন অস্তিত্ব ছিল না এবং এই ফিলিস্তীন কখনোই কোন উপনিবেশবাদীদের জন্য ছিল না। তারা ভুলে গেল এ কথাও যে, তাদের কৃত্রিম সন্তা কখনোই স্থায়ী ছিল না এবং তাদের এখনকার এই বাস্তবতা কখনোই আরবদের দুর্বলতা ও মতবিরোধের কারণে ছিল না। সর্বোপরি তারা এ সত্য ভুলে গেল যে, তাদের নিজস্ব প্রচেষ্টায় তাদের রাষ্ট্রটি প্রতিষ্ঠিত হয়নি। বরং তা প্রতিষ্ঠিত হয়েছে উপনিবেশিক শক্তির সহায়তায় বেয়নেটের মুখে।

সুদীর্ঘ ছারিশ শতাব্দীকালের অপমান, বঞ্চনা ও গ্লানিকর অবস্থার ফলে সৃষ্টি হীনমন্যতা ও দুর্বলতা যা তাদের মন-মস্তিষ্ক ও রগ-রেশায় চুকে গিয়েছিল, তা কাটিয়ে উঠবার জন্য তারা একটি সামরিক রাষ্ট্রের সৃষ্টি করে, যা কেবলমাত্র শক্তির উপরে বিশ্বাস রাখে এবং তাদের সন্তানদেরকে উৎসাহিত করে প্রলুক্কারী সামরিক আকৃতি-প্রকৃতিকে প্রশংসনীয় করবার জন্য। যা একটি শক্তিশালী সেনাবাহিনী গঠন করে এবং তাদের সমস্ত প্রচেষ্টা কেন্দ্রীভূত করে তাকে আরও শক্তিশালী ও উন্নতকরণের জন্য। যা তাদের সন্ত্রাসবাদী আন্দোলনকে সংগঠিত করে এবং সাধারণ নাগরিকদের অন্তর্চালনার প্রশিক্ষণ দেয়।

৫৫. The position of Jerusalem in Islam. Dr. Ishak Moussa el Husseini, Cairo 1969, PP. 58-59.

১৯৪৮ সালে ইস্রাইল রাষ্ট্র সৃষ্টির পর থেকেই ইহুদীরা সারা বিশ্বকে সর্বদা এই ধারণা দেবার চেষ্টা চালিয়ে আসছে যে, আরবদের তুলনায় তারা শ্রেষ্ঠ। যেকোন ধরনের প্রোপাগাণ্ডা ও কূটনীতির মাধ্যমে নিজেদের অপরাজেয় মনোভাবকে সাড়স্বরে প্রদর্শন করার কোনরূপ প্রচেষ্টা তারা বাদ দেয়নি। ইস্রাইল এটা করে থাকে বিশেষ করে তার জনগণ এবং বিশ্বের অন্যান্য এলাকার ইহুদীদের মাঝে গভীরভাবে বন্ধমূল দীর্ঘদিনের লালিত হীনমন্যতা দূর করার প্রচেষ্টা হিসাবে।

ইস্রাইলী সেনানায়কগণ তাদের অহমিকা ও আত্মস্তুরিতার সীমা ছাড়িয়ে গেছে। ১৯৬৭ সালের যুদ্ধের পর বিদেশী সাংবাদিকগণ, যারা সরকারী কিংবা সামাজিক কাজের অজুহাতে তাদের সান্নিধ্যে যাওয়ার সুযোগ পেয়েছিলেন তারা বলেছেন যে, ইস্রাইলীরা তাদের সঙ্গে খোদায়ী আচরণ করেছে।<sup>১৬</sup>

১৯৪৮ সাল থেকেই ইস্রাইল আরবদের বিরুদ্ধে আক্রমণ ও আগ্রাসনের কৌশল অনুসরণ করে চলেছে, তার সেনাবাহিনী ও জনগণের নৈতিক মান উঁচু রাখবার জন্য। সে প্রতিটি আরব সামরিক তৎপরতার প্রতিশোধ নেওয়ার জন্য সর্বদা দৃঢ়ভাবে প্রস্তুত থাকে এই ভয়ে যে, পাছে লোকে তাদেরকে দুর্বল বলে ব্যঙ্গ করে। অধিকস্তু সে তার জনগণের মনোবল উঁচু রাখার জন্য তাদের ঐতিহাসিক সামরিক দলীলসমূহ মিথ্যাভাবে প্রকাশ করে। ইস্রাইলী নেতারা আশংকা করে থাকে যে, সেনাবাহিনী ও জনগণের নীচু মনোবল তাদেরকে এক স্নায়বিক পতনের দিকে ঠেলে দিতে পারে। সে কারণে তারা তাদের সামরিক বিজয়সমূহকে অনেক বাড়িয়ে প্রচার করে জনগণের ও সেনাবাহিনীর একেবারে ভেঙ্গে পড়ার মত অবস্থা রোধ করবার জন্য।

এটা স্পষ্ট যে, ১৯৪৮-এর পর থেকে আরবদের উপর বিভিন্ন বিজয়ের কারণে ইস্রাইলীদের মনোবল এখন অনেক উঁচুতে রয়েছে। তবে এটা সুনিশ্চিত যে, মাত্র একটি পরাজয়ের ঘটনা ঘটলেই তাদের সমস্ত মনোবল উঁবে যাবে। যেকোন একটি পরাজয় তাদেরকে নৈরাশ্য ও ক্রমবিপর্যয়ের দিকে ঠেলে নিয়ে

১৬. The Israelis behaved more like Gods than human beings. P. 57.  
এখানে ‘খোদায়ী আচরণ’ বলতে ‘চরম উদ্দত্যপূর্ণ আচরণ’ বুঝানো হয়েছে। -অনুবাদক।

যাবে। এমনকি সমুদ্রও তখন তাদেরকে বাঁচাতে পারবে না। আল্লাহর ইচ্ছায় অদূর ভবিষ্যতে এটা অবশ্যই তাদের জন্য ঘটবে।

(খ) আরব ভূ-খণ্ডসমূহে সম্প্রসারণ অব্যাহত রাখা (Expansion on the account of the Arabs p.58) : ইহুদীরা শক্তি ছাড়া আর কিছুতেই বিশ্বাস করে না। তাদের সম্প্রসারণবাদী উদ্দেশ্য হাচিলের জন্য তারা প্রথমেই নির্ভর করে নিজেদের সামরিক শ্রেষ্ঠত্বের উপর। এ বিষয়ে ইস্রাইলী নেতারা তাদের আগ্রাসী মনোভাব কখনোই লুকিয়ে রাখেনি। অন্তর্শস্ত্রের বিশাল ভাগুর জমা করা, ইস্রাইলের সমস্ত বস্ত্রগত ও নৈতিক সম্পদ পরিপূর্ণভাবে যুদ্ধের কাজে লাগানো প্রত্যুত্তি তাদের সামরিক শ্রেষ্ঠত্ব বজায় রাখার ব্যাপারে কঠিন প্রতিজ্ঞার নিশ্চিত প্রমাণ বহন করে। যা ব্যতীত সে কখনোই তার আগ্রাসী লক্ষ্যসমূহ অর্জনে সক্ষম হবে না।

১৯৬৫ সালে একটি আমেরিকান ম্যাগাজিনে লিখিত এক নিবন্ধে (তৎকালীন) ইস্রাইলী পররাষ্ট্র মন্ত্রী আবা ইবান বলেন, এ কথা ধারণা করা নির্বুদ্ধিতাপূর্ণ হবে না যে, আরব নেতারা আমাদেরকে ১৯৬৬ বা '৬৭ সালের সীমানায় ফিরে যেতে যদি ধরবেন, যেমন তারা যদি ধরতেন ১৯৪৮ সালের সীমানায় ফিরে যাওয়ার জন্য। যে সীমানা তারা এককালে অস্বীকার করেছিলেন।<sup>৫৭</sup>

ইস্রাইল তার যুদ্ধ প্রস্তুতিতে মোট জাতীয় আয়ের বৃহদাংশ ব্যয় করে। শতকরা হিসাবে যা পৃথিবীর অন্যান্য রাষ্ট্র, এমনকি আমেরিকা ও রাশিয়ার তুলনায়ও অধিক। ১৯৬৭ সালের জুন মাসে যুদ্ধের জন্য ইস্রাইলের সামরিক বাজেট মোট জাতীয় আয়ের শতকরা ৩০ ভাগ ছাড়িয়ে যায়। যা ঐ বৎসর চার বিলিয়ন ডলারে পৌছে যায়।

সুইস ফেডারেল ব্যাংক ১৯৬৯ সালের ফেব্রুয়ারীতে তার নিয়মিত মাসিক রিপোর্টে উল্লেখ করে যে, ১৯৬৭ সালের পরে ইস্রাইলের বার্ষিক সামরিক বাজেটের শতকরা হার পৃথিবীর যেকোন দেশের তুলনায় বেশী। ১৯৬৮ সালের বাজেট ১৯৬৭-এর তুলনায় বেশী ছিল। তেমনি ১৯৬৯-এর বাজেট ৬৮-এর তুলনায় ছিল আরও বেশী।

৫৭. 'Foreign Affairs', July 1965.

আমরা যদি ইস্রাইলের জাতীয় আয়ের সাথে সেই বিরাট অংকের আয় শামিল করি, যা দানের আকারে কেবলমাত্র সামরিক খাতে ব্যয়ের জন্য তারা বিশ্বের বিভিন্ন এলাকার ইহুদীদের কাছ থেকে সংগ্রহ করে থাকে, তাহলে আমরা ভালভাবে উপলক্ষ্মি করতে সক্ষম হব যে, এই বিরাট অংক কেবলমাত্র তার আগ্রাসী ও সম্প্রসারণবাদী উদ্দেশ্য হাছিলের জন্যই ব্যয়িত হয়ে থাকে।

যুদ্ধের ক্ষতিপূরণস্বরূপ ইস্রাইল ১৯৬৯ সালের এপ্রিলে ১২টি ফ্যান্টম বিমান এবং ১৯৭০ সালের মে, জুন, জুলাই ও অক্টোবর মাসে আরও ৫৪টি ফ্যান্টম বিমান লাভ করে। এছাড়াও সে মার্কিন যুক্তরাষ্ট্রের নিকট থেকে ৮০টি স্কাই হক বিমান ও পাঁচ শত মিলিয়ন ডলার মূল্যের অন্তর্শস্ত্র ও গোলাবারণ লাভ করেছে এবং এভাবে চুক্তির বাকীগুলো সে পেতে থাকবে বিমানের প্রথম চালান পাওয়ার বেশীর বেশী এক বছরের মধ্যেই, অর্থাৎ ১৯৭০-এর সেপ্টেম্বর-এর শেষ নাগাদ।

**ইস্রাইলের বার্ষিক সামরিক বাজেট (Israel's fiscal year defence budget p. 61) :**

এছাড়াও ইস্রাইল নিজ দেশে অন্ত উৎপাদনের কোন প্রচেষ্টা বাদ রাখছে না। ১৯৬৭-৬৮ সাল থেকে ৭০-৭১ সাল পর্যন্ত ইস্রাইলের মোট জাতীয় বাজেট ছিল মিলিয়ন ডলারের হিসাবে যথাক্রমে ১৬৬৭, ১৬৮০, ২১৪৭ ও ২৮৩১ মিলিয়ন ডলার। এর মধ্যে প্রতিরক্ষা ব্যয় ছিল যথাক্রমে ৭৫০, ৬২৯, ৮৪০ ও ১১৮৯ মিলিয়ন ডলার।

১৯৬৮-এর মাঝামাঝি নাগাদ তেল আবিব বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের মধ্যে ১৯৬৭ সালের জুন যুদ্ধে অধিকৃত আরব ভূখণ্ড থেকে ইস্রাইলী প্রত্যাহার সম্পর্কে তাদের মতামত যাচাই করে একটি জরিপ চালানো হয়। তাতে দেখা যায় যে, শতকরা ৪৪জন সমস্ত অধিকৃত আরবভূমি ইস্রাইলের সঙ্গে সংযুক্তি সমর্থন করে। শতকরা ৩৭জন সংযুক্তির বিপক্ষে, ১৯ জন কয়েকটি নির্দিষ্ট এলাকা সংযুক্তির পক্ষে এবং মাত্র ২ জন এক্ষুণি ইস্রাইলী প্রত্যাহারের পক্ষে সমর্থন দিয়েছে।

১৯৬৭-এর জুন যুদ্ধে ইস্রাইল যা কিছু দখল করেছে, তা সে কখনোই ছাড়বে না। আরব শক্তি! হ্যাঁ, কেবলমাত্র আরব শক্তির হস্তক্ষেপ ছাড়া।

ইস্রাইলের আগ্রাসী ও সম্প্রসারণবাদী লক্ষ্যসমূহ হাতিলের জন্য তাদের নেতারা ইস্রাইলকে একটি সামরিক রাষ্ট্র পরিণত করেছে এবং সবকিছুতেই সামরিক ছাপ অংকিত করেছে।

১৯৬৭ সালের ১০ই অক্টোবর সংখ্যা ইহুদী পত্রিকা হারেজ (Haaretz)-এ প্রকাশিত এক নিবন্ধে বেন গুরিয়ন বলেন যে, অধিকৃত জেরুয়ালেম চিরকালের জন্য ইস্রাইলের রাজধানী হিসাবে থাকবে, যা ৩০০০ বছর পূর্বে ছিল এবং তা প্রলয়কাল অবধি থাকবে।<sup>৫৮</sup>

১৯৬৯ সালের ৯ই জুন তারিখে লঙ্ঘন পৌছে বেন গুরিয়ন ঘোষণা করেন, ইস্রাইল কখনোই জেরুয়ালেম ও গোলান মালভূমি ছেড়ে যাবে না, যদিও অন্যান্য সীমান্তে কিছু পরিবর্তন সম্ভব হ'তে পারে। যতদিন পর্যন্ত না একটা মীমাংসায় উপনীত হওয়া যাচ্ছে, ততদিন পর্যন্ত ইস্রাইল কোনক্রমেই তার ছয় দিনের যুদ্ধে দখল করা আরব এলাকা থেকে ফিরে আসবে না।

একই বছরের ২৪শে অক্টোবর লঙ্ঘনের এক সাংবাদিক সম্মেলনে বেন গুরিয়ন পুনরায় বলেন যে, ইস্রাইল অবশ্যই জেরুয়ালেম ও গোলান মালভূমি নিজ অধিকারে রাখবে।

লেভি ইশ্কল<sup>৫৯</sup> (Levi Eshkol) বলেন, ১৯৬৭-এর জুন যুদ্ধের পূর্ববর্তী অবস্থায় কোনমতেই ফিরে আসা হবে না। বর্তমানের যুদ্ধ বিরতি রেখার কোন পরিবর্তন হবে না, যতক্ষণ না একটা স্থায়ী শান্তিচুক্তির কাঠামোর মধ্যে নিরাপদ সীমানা লাভ করা যায়। আমরা পশ্চিম তীরের কোন বসতি এলাকা যেমন নাবলুস, জেনিন বা অন্যান্য কোন এলাকা আটকে রাখতে চাই না। আমরা যেটার উপর জোর দিতে চাই, সেটা হ'ল জর্ডান নদী সত্যিকার অর্থেই আমাদের জন্য একটি নিরাপদ সীমানা হবে এবং আমাদের সেনাবাহিনী কেবল ঐ সীমানা বরাবর এলাকাগুলোই দখল করবে।

৫৮. Haaretz newspaper, Tel-Aviv. 20. I, 1970.

৫৯. লেভি ইশ্কল (১৮৯৫-১৯৬৯ খ.) ইস্রাইলের প্রতিষ্ঠাতাদের অন্যতম ছিলেন। তিনি লেবার পার্টির অন্যতম প্রতিষ্ঠাতা এবং ৩ বারের প্রধানমন্ত্রী ছিলেন। শেষবারে ১৯৬৩ থেকে ১৯৬৯ সালে হার্ট এ্যটাকে মৃত্যুবরণ করা পর্যন্ত তিনি উক্ত দায়িত্বে নিয়োজিত ছিলেন। -অনুবাদক।

আমরা বিশেষভাবে কোন বিষয়ে জোর করি না। আমরা সিনাইকে অন্তর্মুক্ত এলাকা হিসাবে দাবী করেছি। তথাপি আমরা ‘শেরম আল-শেইখে’ একটি ঘাঁটি রেখে দেব যাতে আমাদের পশ্চাদরক্ষী সেনাদল সরাসরি তিরান, (Tiran) এলাকার প্রতিরক্ষায় কাজে লাগতে পারে। আমরা এসব ব্যাপারে কোন চুক্তির উপরে কিংবা কোন বিদেশীর (সেনাবাহিনীর) উপরে ভরসা রাখতে পারি না। জেরুয়ালেম এবং গোলান মালভূমির ব্যাপারে আমাদের কোনরূপ নমনীয়তা নেই। আমরা কখনোই এগুলো ছাড়ব না’।<sup>৬০</sup>

১৯৬৯ সালের ঢুরা জুনে প্রকাশিত এক ভাষণে তৎকালীন ইস্রাইলী প্রধানমন্ত্রী মিসেস গোল্ডামেয়ার<sup>৬১</sup> (Golda Meir) বলেন, ১৯৬৭-এর পরে যুদ্ধ বিরতি সীমান্তের চাইতে উভয় কোন সীমান্তের কল্পনাও আমরা করতে পারি না। আমরা অন্য কোন সীমান্ত চাই না’।

ইস্রাইলী সেনাবাহিনীর কাছে প্রদত্ত অন্য এক ভাষণে, যা ১৯৬৯-এর ১০ই জুলাইয়ে প্রকাশিত হয়েছে, মিসেস গোল্ডামেয়ার বলেন, অন্যেরা সিদ্ধান্ত নেবে না আমাদের সীমানা কতদূর হবে। তোমরা যতদূর পৌঁছতে পারবে এবং দখল করতে পারবে, তা-ই আমাদের সীমানার একটি অংশে পরিণত হবে’।

একই বছর ২০শে অক্টোবরের এক ঘোষণায় তিনি বলেন, ১৯৬৭ সালের পূর্বের কোন সীমানার অস্তিত্ব এখন আর নেই। আমরা বর্তমান অধিকৃত সীমানা থেকে এক ইঞ্চি সরে আসব না, যতদিন না আরবদের সঙ্গে একটি ম্যবূত শান্তিচুক্তি সম্পাদিত হয়।

ইস্রাইলী পার্লামেন্ট ‘নেসেট’-এ নতুন মন্ত্রীসভা কাজ শুরু করার সময় ১৯৬৯-এর ১৪ই সেপ্টেম্বর গোল্ডামেয়ার বলেন, ইস্রাইল তার বিজিত আরবভূমিতে

৬০. The American Newsweek Review-Interview of Levi, Ishkol, issue 11, 17.2.1969.

৬১. মিসেস গোল্ডামেয়ার (১৮৯৮-১৯৭৮ খৃ.) একজন ইস্রাইলী শিক্ষিকা ও রাজনীতিবিদ ছিলেন। তিনি লেভি ইশকের পরে ইস্রাইলের ৪র্থ প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত হন। তিনি পৃথিবীর ৪৮ এবং ইস্রাইলের ১ম প্রধানমন্ত্রী হন। ইতিপূর্বে তিনি ইস্রাইলের শ্রম ও পরামর্শ মন্ত্রী ছিলেন এবং ‘লোহ মানবী’ (Iron Lady) হিসাবে পরিচিত ছিলেন। ১৯৭৩-এর ৬-২৫শে অক্টোবর আরব-ইস্রাইল যুদ্ধের পর ১৯৭৪ সালে তিনি পদত্যাগ করেন। অতঃপর ১৯৭৮ সালে মৃত্যুবরণ করেন। -অনুবাদক।

অবস্থান করবে, যতদিন মধ্যপ্রাচ্যে শান্তি বহাল থাকবে। কোন আন্তর্জাতিক চাপ কিংবা আরব সম্ভাসবাদ ইস্রাইলকে জোর করে '৬৭-এর (৫ হ'তে ১০ই জুন) ছয়দিনের যুদ্ধের (Six-Day War) পূর্বেকার সীমান্তে ফিরিয়ে নিয়ে যেতে পারবে না'।

১৯৬৮-এর ১৫ই জুন প্রতিরক্ষামন্ত্রী মোশে দায়ান<sup>৬২</sup> (Moshe Dayan) ঘোষণা করেন যে, আমাদের পূর্বপুরুষেরা 'পার্টিশন স্কীমে'র আওতায় আরোপিত সীমান্ত স্বীকার করে নিয়েছিলেন। আমাদের বংশধরেরা সেটা সংশোধন করেছে এবং ছয়দিনের যুদ্ধে সেটা বাড়িয়ে সুয়েজ, জর্ডান ও গোলান মালভূমিকে শামিল করে নিয়েছে। এটাই শেষ নয়। আমাদের নতুন যুদ্ধবিরতি সীমান্ত জর্ডানের সীমানা অতিক্রম করবে, এমনকি লেবানন ও মধ্য সিরিয়া পর্যন্ত'।

১৯৬৯-এর ২৭শে জুন তিনি আরও বলেন, গোলান মালভূমি কখনোই সিরিয়াকে ফিরিয়ে দেওয়া হবে না। আমরা অবশ্যই শেরম আল-শেইখ এবং আইলাট বন্দরমুখী প্রগালী আমাদের অধিকারে রাখব; একীভূত জেরায়লেম আর কখনোই বিভক্ত হবে না। তবে ইস্রাইল ইগান এলোন পরিকল্পনা (Igan Allon Project) কাঠামোর অধীনে অধিকৃত পশ্চিম তীর জর্ডানের নিকট ফিরিয়ে দিতে প্রস্তুত আছে। যেখানে শর্ত রয়েছে যে, পশ্চিম তীরকে জর্ডানের নিকট ফিরিয়ে দেওয়া হ'লে সেটাকে অস্ত্রমুক্ত করা হবে। কেবলমাত্র কয়েকটি ইস্রাইলী কৌশলগত সৈন্য ছাউনি ছাড়া, যা জর্ডান নদী বরাবর বিস্তৃত থাকবে'।

৬২. মোশে দায়ান (১৯১৫-১৯৮১ খ.) ইস্রাইলের একজন সামরিক নেতা ও রাজনীতিবিদ ছিলেন।

১৯৩০ সালে লেবাননে রেইড করার সময় গুলিতে তার এক ঢোখ বিনষ্ট হয়। এসময় তিনি বেন গুরিয়নের নিকটবর্তী হন। ১৯৪৮ সালে আরব-ইস্রাইল যুদ্ধের সময় তিনি জেরায়লেম ফ্রন্টের কম্যাণ্ডার ছিলেন এবং ১৯৫৩-৫৮ সালে ইস্রাইলী প্রতিরক্ষা বাহিনীর চীফ অফ স্টাফ ছিলেন। ১৯৫৯ সালে সেনাবাহিনী থেকে অবসর গ্রহণের পর তিনি বেন গুরিয়নের নেতৃত্বাধীন মধ্য-বাম 'মাপাই' পার্টিতে যোগদান করেন। ১৯৬৪ পর্যন্ত তিনি কৃষিমন্ত্রী ছিলেন। ১৯৬৫-তে মাপাই পার্টি ছেড়ে সাইমন পেরেস-এর সাথে মিলে 'রাফি' (Rafi) পার্টি গঠন করেন। ১৯৬৭-এর ছয়দিনের যুদ্ধের পূর্বে তিনি প্রতিরক্ষা মন্ত্রী হন। যুদ্ধে দুঃসাহসিক নেতৃত্বের জন্য তিনি ইস্রাইলের 'যুদ্ধের প্রতীক' (Fighting Symbol) হিসাবে বরিত হন। লিকুদ পার্টির নেতা প্রধানমন্ত্রী মেনাহিম বেগিনের সময় তিনি ১৯৭৭-৭৯ পর্যন্ত প্ররস্ত্রমন্ত্রীর দায়িত্ব পালন করেন। ১৯৭৭ সালে তিনি মিসর-ইস্রাইল শান্তি চুক্তির আলোচনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

-অনুবাদক।

১৯৬৯ সালের তুরা আগস্ট এক শ্রমিক সম্মেলনে ভাষণ দিতে গিয়ে মোশে দায়ান বলেন, জর্ডান নদী যাকে আমরা ইস্রাইলের পূর্ব সীমানা বলে মনে করি, সিরিয়ার গোলান মালভূমি ও গায়া এলাকা কখনোই ত্যাগ করা হবে না। আইলট বন্দরে ও এর দক্ষিণের নৌপথ অবশ্যই নিশ্চিত হ'তে হবে এবং আমাদের সেনাবাহিনী দ্বারা তাকে অবশ্যই নিরাপদ রাখতে হবে। যারা অবশ্যই প্রণালী এলাকার উপর নিয়ন্ত্রণ বজায় রাখবে, যা ঈসরাইলের আঞ্চলিক সীমানার একটি অংশ’।

২০শে আগস্ট তিনি পুনরায় ঘোষণা করেন যে, লেবার পার্টির বার্ষিক পরিকল্পনা আসলে ইস্রাইল সরকারের বিবৃতি ও সিন্দ্বাসনমূহের ব্যাখ্যা বা পর্যালোচনা। যার উদ্দেশ্য আরব সেনাবাহিনীকে জর্ডান নদীর সীমানায় পৌছা থেকে বিরত রাখা এবং গায়া, গোলান ও শেরম আল-শেইখ এলাকা যা একটি স্থল করিডোর দ্বারা ইস্রাইলের সঙ্গে যুক্ত হয়েছে, এসবের উপরে স্থায়ীভাবে দখল কায়েম রাখা’।

১৫ই আগস্ট তিনি বলেন, আমাদেরকে নতুনভাবে ইস্রাইলের মানচিত্র অংকন করতে হবে। যেখানে জেরুয়ালেম গায়া, শেরম আল-শেইখ ও গোলান এলাকা অন্তর্ভুক্ত হবে। যদি আরবরা এই মানচিত্র প্রত্যাখান করে, তবে আমরা যুদ্ধ চালিয়ে যাব’।

১৯৬৯ সালের ২১শে অক্টোবর তিনি ঘোষণা করেন, নতুন প্যালেস্টাইন অবশ্যই বিস্তৃত হবে উভরে গোলান মালভূমি, জর্ডান নদীর পশ্চিম তীর এবং শেরম আল-শেইখ পর্যন্ত। সিনাই এলাকার একটি অংশকে অন্তর্ভুক্ত করার জন্য, যা সিনাই উপদ্বীপের দক্ষিণ প্রান্তের একটি সামরিক গুরুত্বপূর্ণ অঞ্চলে অবস্থিত। যাকে ‘ইহুদী জিরাল্টার’ (jewish Gibraltar) হিসাবে গণ্য করা হয়ে থাকে’।

২২শে অক্টোবর তিনি পুনরায় ঘোষণা করেন, একমাত্র সেই শান্তিচুক্তিতে ইস্রাইল বিশ্বাস রাখতে পারে, যা একথা মেনে নেবে যে, সমস্ত ইস্রাইলী সীমান্ত কেবলমাত্র ইস্রাইলী সেনাবাহিনী দ্বারাই রক্ষা করা হবে।

২৩শে অক্টোবর জেরুয়ালেমের এক নির্বাচনী সভায় মোশে দায়ান ঘোষণা করেন যে, ‘আমি শেরম আল-শেইখকে যুদ্ধাবস্থায় ইস্রাইলী সেনাবাহিনীর

দখলে রাখাকে অধিকতর পদ্ধতি করি, শান্তি বহাল করে তাকে আরবদের হাতে ছেড়ে দেওয়ার চাইতে।

১৯৬৮ সালের ২৮শে মে মেনাহিম বেগিন ঘোষণা করেন যে, আরব ভূমিতে আমাদের এই বর্তমান অধিকার একটি আইনগত সার্বভৌমত্বের পর্যায়ে রূপান্তরিত হওয়া উচিত। কেননা অধিকৃত আরবভূমি আসলে সেই ভূমি, যা অন্যের অবৈধ দখল থেকে ইস্রাইল মুক্ত করেছে'।

১৯৬৭-এর যুদ্ধের পরপরই ‘নেসেট’-এর এক আলোচনায় তিনি বলেন, আমি আমার এই অটল দাবী কখনোই পরিত্যাগ করব না যে, জর্ডান ও গায়ার সমন্বয়ে ইস্রাইলের যে ঐতিহাসিক সীমান্ত (নীলনদ থেকে ইউফ্রেটিস), তা-ই ইস্রাইলের প্রকৃত সীমান্ত।<sup>৬৩</sup>

১৯৬৮-এর ১৮ই সেপ্টেম্বর ইস্রাইলী হেরাট পার্টির (Hairout Party) কেন্দ্রীয় কমিটিতে বক্তৃতা করার সময় তিনি বলেন, আমাদের শক্রদের মোকাবেলায় ভালভাবে সফলতা অর্জনের জন্য আমাদেরকে অধিকৃত এলাকাসমূহে কলোনী স্থাপন অভিযান শুরু করা উচিত। অধিকৃত ভূমিতে বসতি স্থাপন কেবল যথার্থ নয়। বরং কর্তব্যও বটে। যার সম্পাদন আমাদের জাতীয় নিরাপত্তা বজায় রাখার জন্য অতীব ঘরোয়া।

১৯৬৯-এর ৪ঠা সেপ্টেম্বর ইস্রাইলী ভাইস প্রেসিডেন্ট আইগাল এলোন (Yigal Allon) এক ঘোষণায় বলেন, জেরুয়ালেম চিরদিন ইস্রাইলের রাজধানী হিসাবে অবিভক্ত থাকবে'।

তেলআবিব থেকে প্রকাশিত ইস্রাইলী সংবাদপত্র হারেজকে (Haaretz) দেওয়া ৬৯-এর ১২ই সেপ্টেম্বর এক ঘোষণায় তিনি বলেন, যুদ্ধ বিরতি সীমারেখা অবশ্যই বাঢ়াতে হবে। কৌশলগত সুবিধার জন্যই এটা আমাদের প্রয়োজন। খুবই পরিতাপের বিষয় যে, ৬৭-এর যুদ্ধে ইস্রাইল সিরিয়ার আরও অভ্যন্তরে ‘জাবাল আল-দ্রুজ’ (Jabal al-Druze) পর্যন্ত এগিয়ে যায়নি।

৬৩. বেগিন মনে করতেন যে, ১৯৬৭-এর যুদ্ধে যেসব আরবভূমি ইস্রাইলের দখলে এসেছে, এটি নীলনদ থেকে ইউফ্রেটিস ঐতিহাসিক সীমান্ত পর্যন্ত বৃহন্তর ইস্রাইল প্রতিষ্ঠার বাস্তবতার প্রতি একটি পদক্ষেপ।

একই দিনে অপর এক ঘোষণায় তিনি বলেন, ‘কেবল সামরিক উপস্থিতি যথেষ্ট নয়। বরং আমাদের অবশ্যই সারা বছর ধরে নাগরিক উপস্থিতি বজায় রাখতে হবে’।

*Fait accompli*-এর ভিত্তিতে রচিত সম্প্রসারণবাদী লক্ষ্য ইস্রাইল কোন প্রকার চুক্তির অপেক্ষা না করে তার অধিকৃত ভূমিতে সঠিক ছক অনুযায়ী বাস্ত ব পদক্ষেপ নিয়ে এগিয়ে যাচ্ছে।

১৯৬৭-এর জুন যুদ্ধের পরে সমস্ত ইস্রাইলী নেতা একসঙ্গে বা একের পর এক সর্বত্র একই ঘোষণা দিয়েছেন যে, ইস্রাইল কখনোই জেরুয়ালেম থেকে তার অধিকার প্রত্যাহার করবে না এবং শাস্তি আলোচনায় কখনোই জেরুয়ালেমকে জড়াবে না। গোল্ডামেয়ার নিজে দম্পত্তিরে বলেন যে, জর্ডানী পতাকা আর কখনোই জেরুয়ালেমে উড়বে না’।

ইস্রাইলীরা এ কথা কখনো অনুভব করে না যে, ১৯৬৭ সালে দখলীকৃত সিনাই, আল-আরিশ, গায়া, জর্ডান নদীর পশ্চিম তীর ও গোলান মালভূমি প্রভৃতি এলাকা তাদের অস্থায়ী দখলে রয়েছে। ইহুদীদের দাবী অনুযায়ী এসব এলাকার সঙ্গে ইহুদীদের সম্পর্ক একটি দেশ ও তার জনগণের মধ্যকার দীর্ঘদিনের গভীর সম্পর্কের ন্যায় এবং তাদের দাবী মতে যেহেতু তারা এককালে বহুদিন যাবৎ এসব এলাকায় বসবাস করত, সে কারণে এখানে তাদের দখল কায়েম করার অপ্রতিরোধ্য অধিকার রয়েছে। ইস্রাইল এরপ একটা সুযোগের জন্য বহুদিন ধরে অপেক্ষায় ছিল।

ইহুদী প্রশ্নে ইহুদীবাদী আন্দোলনের সমাধান ছিল মূলতঃ কতগুলো ধারণা, বাস্তবতা ও ধর্মীয় অঙ্গীকার ও মতবাদের উপর ভিত্তিশীল। এভাবে বহু পূর্বে ১৯০৭ সালে ইস্রাইলীদের সুসংগঠিতভাবে ঐতিহাসিক প্যালেস্টাইনে প্রত্যাবর্তনের সময় থেকেই ইহুদী আন্দোলনের লক্ষ্য একই আছে।

ইস্রাইলের তৎকালীন শাসক পার্টি ‘মাপাই’ (Mapai) বিষয়টি আরও সুস্পষ্টভাবে ব্যক্ত করে ১৯৫১ সালের নির্বাচনের সময় ২৩তম ইহুদী সম্মেলনের (Zionist Congress) প্রতিনিধিদের সম্মুখে। যখন পার্টির উদ্দেশ্য ব্যাখ্যা করা হয় নিম্নোক্তভাবে যে, ইহুদী আন্দোলনের কাজ একটাই

ছিল এবং ভবিষ্যতেও হবে, সেটা হ'ল ইহুদী প্রশ্নের সমাধান হচ্ছে পৃথিবীর বিভিন্ন এলাকার ইহুদীদের স্বদেশ প্রত্যাবর্তন।

প্রাক্তন ইস্রাইলী প্রধানমন্ত্রী লেভি ইশ্কল (Levy Ishkol) ১৯৬৪-৬৫ সালের জন্য লিখিত ইস্রাইল সরকারের বার্ষিক রিপোর্ট বইয়ের ভূমিকায় লিখেন যে, আমরা যদি সত্যিকারের ইহুদীবাদী হই, তাহ'লে ইহুদী প্রত্যাগমনের ব্যাপারে আমাদের দাবী পরিত্যাগ করতে পারি না। বরং সকল ঘটনাতেই তাদেরকে এর নিশ্চয়তা দিতে হবে। বেন গুরিয়ন ১৯৬১ সালে এক বক্তৃতায় বলেন, ‘প্রত্যেক ইহুদী যে তাদের প্রতিশ্রুত ভূমিতে আসতে অস্বীকার করবে, সে ইস্রাইলের প্রভুর দয়া ও অনুকম্পা থেকে বঞ্চিত হবে’।<sup>৬৪</sup>

ইহুদী জনগণের জন্য ইহুদী আন্দোলনের মতবাদগত লক্ষ্যের সার সংক্ষেপ হ'তে পারে ‘ইস্রাইলের সীমানা নীলনদ থেকে ইউফ্রেটিস পর্যন্ত বিস্তৃত করা এবং এখানে পৃথিবীর সকল ইহুদীর বসতি স্থাপন করা’। যারা এ ব্যাপারে সন্দেহের মধ্যে ছিল ১৯৬৭-এর যুদ্ধ তাদের জন্য ছিল উত্তম জওয়াব।<sup>৬৫</sup>

### ৩. অর্থনৈতিক কারণ (The Economic factor p. 70) :

যারা ইস্রাইলের ভৌগলিক অবস্থান গভীরভাবে পর্যবেক্ষণ করেছেন, দেখেছেন এর ক্ষমির প্রয়োজনীয়তা ও ইহুদী উদ্বাস্তুদের সংখ্যা বাড়ানোর ব্যাপক উদ্যোগ, তারা অবশ্যই উপলব্ধি করবেন যে, এ সমস্যা সমাধানের জন্য মাত্র দু'টি বিকল্প রয়েছে।-

(ক) মূল বাসিন্দাদের উৎখাত করে উর্বর আরবভূমি দখলের মাধ্যমে ইস্রাইলের সীমানা সরাসরি বিস্তৃত করা।

(খ) আরবের পানি ব্যবহারের মাধ্যমে নাজাব এলাকার উন্নয়ন। যে পানির উৎস, স্ন্যাত এমনকি তার মোহনা পর্যন্ত আরবভূমিতে অবস্থিত। ইস্রাইল তার নাজাব এলাকা সেচ করার জন্য নদীর স্ন্যাত বিভিন্ন দিকে বিভক্ত করেছে। যার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য ১৯৬৪ সালের ১ম আরব শীর্ষ সম্মেলনের প্রতিনিধিগণ জর্ডান নদীর শাখা নদীগুলির গতিপথ পরিবর্তনের সিদ্ধান্ত নেন।

৬৪. দ্রষ্টব্য : Israeli militarism' p. 58-63.

ইস্রাইল তার অধিকৃত অঞ্চলে যে গুরুত্বপূর্ণ পদক্ষেপসমূহ নিয়েছে তা সংক্ষেপে নিম্নরূপ :

১. যুদ্ধ বিরতি সীমারেখা বরাবর ইহুদী বসতি স্থাপন। যেখানে গুরুত্বপূর্ণ সামরিক অবস্থানসমূহে ইস্রাইল ঘাঁটি গেড়েছে।
২. সমস্ত নগরী ও গ্রামসমূহ থেকে অধিবাসীদের উৎখাত করা এই খোঁড়া অজুহাতে যে, তারা প্যালেস্টাইন প্রতিরোধ শক্তিসমূহকে সহযোগিতা করে। অন্যান্য কৌশলের মধ্যে এটি একটি ব্যাপক দণ্ডযোগ্য কৌশল যা সে সম্প্রতি অবলম্বন করেছে তার সম্প্রসারণবাদী উদ্দেশ্য হাতিলের জন্য।
৩. যেলা সমূহের নতুন ইহুদী নামকরণ এবং সমস্ত আরব নিদর্শন মুছে ফেলার মাধ্যমে অধিকৃত আরব এলাকায় ইহুদীবাদের ছাপ দিতে চেষ্টা করা।
৪. অধিকৃত আরবভূমি থেকে বাসিন্দাদের বের করে দেওয়া এবং তাদের ঘরবাড়ী ধ্বংস করে সমস্ত অঞ্চলকে খালি করে ফেলা।

(গ) ইস্রাইলের প্রতিরক্ষা। ইস্রাইলের মূল ভূখণ্ড এবং '৬৭-এর জুন যুদ্ধে অধিকৃত ভূখণ্ডের প্রতিরক্ষার জন্য প্রবল প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন একটি চমক লাগানো সেনাবাহিনী (Striking force) অবশ্য প্রয়োজন।<sup>৬৫</sup> সে কারণেই ইস্রাইল তার সেনাবাহিনীকে শক্তিশালী করার জন্য সমস্ত প্রচেষ্টা কেন্দ্রীভূত করছে এবং যুদ্ধের জন্য তার জনগণকে বস্ত্রগত ও নৈতিক উভয় প্রকারেই প্রস্তুত করে তুলছে।

মোশে দায়ান সেনাবাহিনী প্রধান থাকাকালে ১৯৫৫ সালের ৫ই জানুয়ারী লিখিত 'ইস্রাইলের সীমানা ও নিরাপত্তা সমস্যা' নামক এক নিবন্ধে বলেন, ইস্রাইল অস্বাভাবিক রকমের জটিল এক নিরাপত্তা সমস্যার সম্মুখীন হয়েছে। দেশের আয়তন ৮১০০ বর্গমাইলের বেশী হবে না। যখন তার সীমান্ত এলাকা ৪০০ মাইল পর্যন্ত বিস্তৃত। দেশের তিন-চতুর্থাংশ জনসংখ্যা হাইফা বন্দরের

৬৫. ইস্রাইল ১৯৬৭-এর পর থেকে এ বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করে। ফলে তাদের সক্রিয় সেনাবাহিনীর সংখ্যা ২৫ হাজার থেকে ৮০ হাজারে উন্নীত হয়। সেই সাথে তাদের সামরিক বাজেটও বৃদ্ধি পায়। American foreign affairs magazine, p. 250. Issue of January 1955.

উত্তর থেকে তেলআবিবের দক্ষিণ সীমানা পর্যন্ত বিস্তৃত সমতল ভূমিতে বাস করে। ভূমধ্যসাগর ও জর্ডান সীমান্তের মধ্যবর্তী ঘনবসতিপূর্ণ এই সরু ফালিটির প্রস্থ ১২ মাইল অতিক্রম করবে না। জেরুয়ালেমের ইস্রাইলী পার্লামেন্টের (নেসেট) মাত্র কয়েক শত মিটার দূরেই জর্ডানী সেনাবাহিনীকে দেখতে পাওয়া যায়।

উপকূলীয় সমতল ভূমিতে অবস্থিত ইস্রাইলের মিলিটারী হেড কোয়ার্টারগুলি জর্ডানের সীমান্তবর্তী পাহাড়গুলো থেকে খুব ভালভাবেই দেখা যায়। প্রধান সড়ক পথ ও রেলপথগুলো খুব সহজে ও দ্রুত হামলার জন্য উন্মুক্ত। তাই বলতে গেলে শক্তির গোলার নাগালের বাইরে ইস্রাইলের কোন স্থানই নেই নাজাব (Nagav desert) মরু এলাকা ব্যতীত।

ইস্রাইলী তদন্ত ব্যরো প্রধান হেইম হার্জগ (Chaim Herzog) মিলিটারী সেনারশীপের উপরে বক্তৃতা প্রবর্তন করেন। তিনি ১৯৬১ সালের ৩০শে মে তেলআবিবে অনুষ্ঠিত একটি সম্মেলনে যোগদানরত আন্তর্জাতিক সংবাদ সংস্থার (I.P.I.) প্রতিনিধিদের উপস্থিতিতে ঘোষণা করেন যে, আপনারা এখন ইস্রাইলের সঙ্গে যুদ্ধাবস্থায় উপনীত জর্ডানী সেনাবাহিনীর মধ্যম ধরনের বন্দুকের নাগালের মধ্যে বসে আছেন। এখান থেকে মাত্র কয়েক মাইল উত্তরে হার্জলিয়ায় (Hertzlia) আপনারা সম্মেলন করার পরিকল্পনা করেছিলেন, যা ছিল ঐ একই সেনাবাহিনীর ভূমিবন্দুকের (Field gun) নাগালের মধ্যে। আপনারা ইস্রাইলী পার্লামেন্ট নেসেট (Knesset) পরিদর্শন করবেন, স্টেটও জর্ডানী সেনাবাহিনীর মর্টারের গোলার নাগালে। যেখানে লোকেরা ঐ সমস্ত সরকারী অফিস ভবনেই পিস্তলের গুলি দ্বারা আক্রান্ত হ'তে পারে।<sup>৬৬</sup> এক্ষণে এই সমস্যার সমাধান কি?

ইস্রাইলী হেরোট (Heirut) পার্টির<sup>৬৭</sup> এ্যাংলো-স্যাক্সন (Anglo Saxon) বিষয়ক কর্মকর্তা আইজাক লাইবারম্যান (Isaac Lieberman) এই প্রশ্নের উত্তরে বলেন, ইস্রাইলকে বিদ্যুৎগতিতে একটা ত্বরিত হামলা চালাতে হবে এবং

৬৬. (T.C. Hurewitz): The role of the military and government in Israel.

৬৭. Terrorist-roots for the Israeli Heirut party, Bassam Abu Gazaleh, Beirut, 1966. P. 67-75.

গায়া এলাকা সহ সীমান্তের সকল সামরিক গুরুত্বপূর্ণ স্থানগুলো দখল করে নিতে হবে। অতঃপর সমস্ত জর্ডানে ব্যাপক আক্রমণ পরিচালনা করতে হবে।<sup>৬৮</sup>

১৯৫৬ সালে মিসরের উপর ত্রয়ী হামলার সময় বেন গুরিয়ন (Ben Gurion) ইস্রাইলের নেসেটে উক্ত হামলার পক্ষে বলেন যে, এই হামলা ইস্রাইলের নিরাপত্তাকে শক্তিশালী ও স্থিতিশীল করবে, শক্র হাত থেকে তাকে রক্ষা করবে এবং তার পূর্বপূর্বদের ভূমিকে অন্যায়ভাবে দখলকারীদের কবল থেকে মুক্ত করবে।

১৯৬৭ সালে লেভি ইষ্কল (Levi Eshkol) বেন গুরিয়নের ন্যায় একই যুক্তি পেশ করেন এবং তা বাস্তবায়ন করার দায়িত্ব মোশে দায়ান ও তার সেনাবাহিনীর উপর ছেড়ে দেন।

ইস্রাইল তার দখলকৃত আরবভূমি স্বীয় অধিকারে রাখার জন্য বার বার সীমান্ত নিরাপত্তার অজুহাত দিয়ে থাকে। কিন্তু ইস্রাইলীরা সীমান্ত নিরাপত্তা চায় কেন? গায়া সেট্টের, আল-আরিশ এবং সিনাই এলাকায় ইস্রাইলের আগ্রাসী লক্ষ্য সবারই জানা কথা। শেরম আল-শেইখ এবং আক্তাবা উপসাগরের পশ্চিম তীর দখলের ফলে আক্তাবা উপসাগরের নৌপথ ও আইলট (Eilat) প্রণালীর নিরাপত্তা নিশ্চিত হ'ল। সুয়েজখালের পূর্বতীর দখলের ফলে পূর্ব ও পশ্চিমের এই গুরুত্বপূর্ণ সংযোগ রেখাটি ইস্রাইলের নৌ-চলাচলের জন্য নিরাপদ রইল। এই খাল ট্যাংকসমূহের বিরুদ্ধে প্রাকৃতিকভাবেই একটি দারুণ প্রতিবন্ধক হয়ে আছে। খালের দখলকৃত পূর্বতীরে যখনই আরবদের দ্বারা কোন হামলা আসবে এবং উভয় পক্ষে প্রচণ্ড গোলা বিনিময় হবে, তখন আরব বাহিনী খোলা ময়দানে বের হ'তে বাধ্য হবে, যা তাদেরকে ব্যাপক বিমান হামলার সম্মুখীন করবে।

বিমান শক্তির আধিপত্যসহ সিনাই দখল সংযুক্ত আরব প্রজাতন্ত্র (মিসর) বরাবর সীমান্তকে যেকোন সন্ত্বাব্য সামরিক বিপদ থেকে ইস্রাইলকে রক্ষা

৬৮. A declaration published in the pamphlet 'The Arab palestinian refugee' The Arab palestinian refugees office, April 1956. পুনরুক্তির কারণে পরবর্তী প্যারাটির অনুবাদ বাদ দেওয়া হ'ল।-অনুবাদক।

করবে। জর্ডান নদীর পশ্চিম তীর দখলের ফলে পূর্বতীর সুনিশ্চিতভাবে পানির বাধার কারণে প্রাকৃতিক নিয়মেই নিরাপদে থাকবে।

সিরীয় উপত্যকায় অনেকগুলো পানির উৎস রয়েছে। অধিকন্তে এর একটিকে পূর্বাঞ্চলীয় ইস্রাইলী কলনী ও উত্তর দিকে সিরীয় ভূমি থাকার প্রেক্ষাপটে এটি একটি সামরিক গুরুত্বপূর্ণ এলাকা হিসাবে পরিগণিত হয়েছে। গোলানে (Golan Heights) সিরীয়-আরব বাহিনীর উপস্থিতি ইস্রাইলের নিরাপত্তার জন্য একটি সরাসরি ভূমকি। অতএব ইস্রাইল তার উত্তর সীমান্তের প্রতিরক্ষার জন্য এই সামরিক কৌশলগত গুরুত্বপূর্ণ এলাকাটির উপর এবং এই মালভূমি ও হারমন পর্বতের পানির উৎসগুলোর উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার জন্য এই এলাকাটিকে নিজ দখলে আনা অত্যন্ত যন্ত্রণা মনে করে। ওদিকে গোলানে ইস্রাইলী বাহিনী পূর্বে ডেরা (Deraa) এবং পশ্চিমে দামেক পর্যন্ত বিস্তৃত সিরীয় ভূখণ্ডের জন্য হুমকি তৈরী করেছে।

সিরীয় মালভূমির একটি বিশেষ সামরিক কৌশলগত গুরুত্ব রয়েছে। যারা এই মালভূমি নিয়ন্ত্রণ করবে তারাই লেবানন, সিরিয়া, ট্রাঙ্গ জর্ডান ও প্যালেস্টাইন নিয়ন্ত্রণ করবে।

হয়রত খালিদ বিন অলীদ (রাঃ)-এর নেতৃত্বে ১৩ হিজরী সনের ঐতিহাসিক ইয়ারমূক যুদ্ধ এই স্থানেই সংঘটিত হয় এবং একথা সবাই জানেন যে, ইয়ারমূক ছিল একটি সিন্দ্বাসকারী যুদ্ধ। এই যুদ্ধে রোমানদের বিরুদ্ধে মুসলমানদের বিজয় এবং এই অঞ্চলের উপর মুসলিম শক্তির নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হওয়ার ফলে তাদের পক্ষে লেবানন, সিরিয়া, জর্ডান ও প্যালেস্টাইন বিজয় অতি সহজেই সম্ভব হয়।

সে কারণেই ১৯৬৭-এর জুন যুদ্ধের পরে মোশে দায়ান ঘোষণা করেন, ইস্রাইলী সীমান্তসমূহের প্রতিরক্ষা পূর্বে যা ভাবা হ'ত, তার চেয়ে এখন অনেক বেশী সহজ (Much easier) হয়েছে।<sup>৬৯</sup>

১৯৬৯-এর ৫ই আগস্ট সমাপ্ত ইস্রাইলের শাসক লেবার পার্টির সম্মেলনে একথা প্রকাশ করা হয় যে, ইস্রাইল তার অধিকৃত এলাকা থেকে সরে আসবে

৬৯. এই ঘোষণা ১৯৬৭-এর জুলাই মাসের প্রথমার্ধে করা হয় এবং এ সময়কার বিভিন্ন সংবাদ মাধ্যম ও পত্র-পত্রিকা থেকে এ তথ্য সংগ্রহ করা হয়।

না। এই পার্টির অন্যতম প্রধান নেতা মোশে দায়ান ঘোষণা করেন যে, ইস্রাইল তার অধিকৃত জেরাম্যালেম, গায়া, সিনাই, সিরীয় মালভূমি এবং পশ্চিম তীরে অবস্থান করতে চায়। ইস্রাইল জর্ডান নদীকে তার নিরাপদ পূর্ব সীমানা বলে মনে করে।

#### **৪. রাজনৈতিক কারণ (The political factor p.78) :**

ইস্রাইলের সম্প্রসারণবাদী আগ্রাসী পরিকল্পনার পিছনে যে রাজনৈতিক কারণ রয়েছে তার সঙ্গে বিশ্ব ইহুদী আন্দোলন একটি বিশেষ গুরুত্ব সংযোগ করেছে। আন্দোলন একথা উপলব্ধি করে যে, জুন যুদ্ধের পূর্ববর্তী ও পরবর্তী রাজনৈতিক যোগসূত্রসমূহ একটি চূড়ান্ত সামরিক বিজয়ের পথ দেখাবে।

১৯৬৭-এর জুন যুদ্ধে কি কি বিষয় ইস্রাইলকে আরবদের উপর জয় লাভে সহায়তা করেছে এ ধরনের এক প্রশ্নের উত্তরে জনেক দায়িত্বশীল ইস্রাইলী নেতা পশ্চিম জার্মান টেলিভিশনকে বলেন যে, নিম্নোক্ত পাঁচটি বিষয় আরবদের উপর আমাদের বিজয়কে ত্বরান্বিত করেছে। ১. রাজনৈতিক ২. গণ তথ্য ৩. বৈজ্ঞানিক ৪. নৈতিক ও ৫. সামরিক।<sup>৭০</sup>

এই দায়িত্বশীল নেতা উপরোক্তের সকল বিষয়ের মধ্যে রাজনৈতিক বিষয়কেই অগ্রাধিকার দিয়েছেন, এর সর্বাধিক গুরুত্বের কারণে এবং সিদ্ধান্ত কারী ফলশ্রুতির কারণে যা চূড়ান্ত বিজয়ের জন্য পথ দেখাতে পারে।

আরব দেশসমূহের সঙ্গে ইস্রাইলও জাতিসংঘের একটি সদস্য দেশ। জাতিসংঘের চুক্তিনামায় কয়েকটি নিবন্ধ সংযোজিত রয়েছে, যেখানে একটি সদস্য রাষ্ট্র কর্তৃক অপর সদস্য রাষ্ট্রের বিরুদ্ধে আগ্রাসী তৎপরতা চালানো কিংবা পরস্পরের ভূমি অন্যায়ভাবে দখলে রাখার বিরুদ্ধে স্পষ্ট নিষেধাজ্ঞা রয়েছে।

ইস্রাইল ১৯৬৭ সালের যুদ্ধে একই সঙ্গে সংযুক্ত আরব প্রজাতন্ত্র, সিরিয়া ও জর্ডান সহ মোট তিনটি রাষ্ট্রের বিরুদ্ধে আগ্রাসী তৎপরতা চালায়। এই আগ্রাসনের বিরুদ্ধে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ ও সাধারণ পরিষদ কয়েকবার

৭০. The Decisive days, 149.

প্রস্তাব গ্রহণ করে। যাতে উদ্বাস্ত্বদের ফিরিয়ে নেওয়া ও যুদ্ধের সময় অধিকৃত ভূমি থেকে ইস্রাইলী প্রত্যাহার এবং জেরুয়ালেমকে কুক্ষিগত ও ইস্রাইলী অধিকারে নেওয়ার বিরুদ্ধে তীব্র নিন্দা করা হয়। ইস্রাইল প্রকাশ্যে জাতিসংঘের প্রস্তাবসমূহ মেনে নিতে অস্বীকার করে। কেউ বিস্মিত হ'তে পারে যে, ইস্রাইল কিভাবে জাতিসংঘ প্রস্তাব অগ্রহ্য করে? কিন্তু আসলে এসব তার আগ্রাসনের প্রতি বিশেষ দেশসমূহের প্রকাশ্য ও গোপন সমর্থন ও উৎসাহের ফলশ্রুতি নয় কি?

মনে করুন যদি আরবরা ইস্রাইলের কোন একটি অংশ দখল করত, তা'হলে আন্তর্জাতিক সংস্থাগুলো কি চূপ করে থাকত? বিশেষ করে মার্কিন যুক্তরাষ্ট্র কি এই দখলের প্রতিবাদে কিছুই না করে পারত?

ইস্রাইলের রাজনৈতিক তৎপরতার উদ্দেশ্যগুলো কি কি?

(ক) শান্তির বাহানা (*Pretension of peace p.80*) : ইস্রাইল, যা প্রতিষ্ঠা লাভ করেছে সহিংসতা, সন্ত্রাসবাদ ও রাজন্মানের মধ্য দিয়ে এবং যা অস্তিত্ব লাভ করেছে ইহুদী আন্দোলনের ভিত্তিতে। সে আরব দেশসমূহে তার আগ্রাসী ও সম্প্রসারণবাদী উদ্দেশ্য চরিতার্থ করার জন্য ‘ভায়োলেন্স’ বা সহিংসতাকেই একমাত্র পথ হিসাবে দৃঢ়ভাবে বিশ্বাস করে।

ইস্রাইল শান্তি প্রস্তাব পেশ করার কোন একটি সুযোগকেই ছেড়ে দেয় না। এটা কেবল প্রোপাগাণ্ডা বৈ কিছুই নয়। এর দ্বারা সে বিশ্ব জনমতকে এ কথা বুঝাতে চায় যে, সে আরবদের সঙ্গে শান্তি চায়। আরবদের মধ্যে যারা বহির্দেশ ভ্রমণ করেছেন, তারা প্রায়ই প্রশ্নের সম্মুখীন হন যে, ‘আপনারা কেন ইহুদীদেরকে শান্তিতে বাস করতে দিচ্ছেন না?’ এইভাবে ইস্রাইলী প্রোপাগাণ্ডা বহির্বিশ্বের জনমতকে ধোঁকা দিয়ে প্রকৃত অবস্থার বিপরীতে আগ্রাসনবাদী যালিমকে ময়লূম এবং ময়লূমকে যালিম হিসাবে পেশ করতে সক্ষম হয়েছে।

অধিকৃত আরবভূমিতে বহাল তবিয়তে অবস্থান করে ইস্রাইল শান্তির বুলি আওড়াচ্ছে। সে নিজের অস্তিত্বকে সমস্ত তর্কের উর্ধ্বে নিষ্পন্ন বিষয় (*Fait accompli*) বলে মনে করে। সে এ বিষয়ে কোনরূপ আলোচনায় জড়াতে চায় না। বরং সে মনে করে যে, পরিশেষে আরবরা ইস্রাইলের আইনগত ও সাংবিধানিক অস্তিত্ব স্বীকার করে নিবে।

ইস্রাইলীরা প্যালেস্টাইনী আরব উদ্বাস্তদেরকে জাতিসংঘের প্রস্তাববলী অনুযায়ী দেশে ফিরিয়ে আনতে অস্বীকার করেছে। ১৯৪৮ সালের ডিসেম্বরে জাতিসংঘে উক্ত মর্মে প্রথম প্রস্তাব গৃহীত হয়।

ইহুদী নেতারা এ ব্যাপারে বহুবার ঘোষণা দিয়েছেন। কিছু সংখ্যক ফিলিস্তীনীকে স্বদেশে ফিরিয়ে আনার ব্যাপারে ১৯৫৭ সালে বেন গুরিয়নকে প্রশ্ন করা হ'লে তিনি বলেন, ‘ঘড়ির কাঁটা কেউ পিছনের দিকে ফিরাতে পারে না। ইস্রাইল একজন আরব উদ্বাস্তকেও গ্রহণ করবে না’। এ ব্যাপারে সবচেয়ে সুন্দর এবং বাস্তবসম্মত সন্তাব্য সমাধান হ'ল, তাদেরকে সিরিয়া ও ইরাকের কোন অনাবাদী এলাকায় পুনর্বাসন করা, যা প্রাকৃতিকভাবেই সমৃদ্ধ।<sup>৭১</sup>

জাতিসংঘ সাধারণ পরিষদের সম্মুখে গোল্ডামেয়ার ১৯৬০ সালের নভেম্বরে ঘোষণা করেন, ইস্রাইল অত্যন্ত স্পষ্টভাবে দ্যর্থহীন ভাষায় বলে দিয়েছে যে, সে তার দেশে কোন উদ্বাস্তকে ফিরে আসার অনুমতি দেবে না।<sup>৭২</sup>

বেন গুরিয়নের উক্তরাধিকারী লেভি ইস্কল, যাকে মনে করা হ'ত যে, তিনি আরবদের সঙ্গে শান্তি চান, তিনি মধ্যপন্থী এবং যুদ্ধকে ঘৃণা করেন, তিনি ঘোষণা করেন যে, উদ্বাস্ত সমস্যার একমাত্র সামাধান হ'ল তাদেরকে আরব দেশসমূহে পুনর্বাসন করা। এতে যেমন তাদের মৌলিক স্বার্থ রক্ষা পাবে, আমাদেরও তেমনি স্বার্থরক্ষা হবে।<sup>৭৩</sup> তিনি আরও বলেন, আধুনিক যুগের ইতিহাসে কোন বড় ধরনের উদ্বাস্ত সমস্যার সমাধান তাদেরকে তাদের আপন দেশে প্রত্যাবর্তনের মাধ্যমে হয়নি।<sup>৭৪</sup> ইস্রাইল আরবদের সঙ্গে তার সীমানা সম্পর্কিত যেকোন রূপ সংশোধনীকেও অস্বীকার করেছে। যদিও উক্ত মর্মে জাতিসংঘে প্রস্তাব গৃহীত হয়।

তিনি যেকোন দায়িত্বশীল আরব নেতার সঙ্গে যেকোন স্থানে, যেকোন সময়ে আলোচনায় বসতে প্রস্তুত। লেভি ইস্কলের এ কথার উদ্ভৃতি পেশ করে ফ্রান্সের নামযাদা সংবাদ পত্র ‘লা মণ্ডে’ (Le Monde)-এর সংবাদদাতা বলেন, ইস্কল

৭১. The Jewish Bulletin of information. Vol. 13, No. 14, 8th of June, 1957.

৭২. The Jewish Bulletin of information, Vol. 16, No. 20, 28th November. 1960.

৭৩. Kissinger's memoirs, 1965-1966.

৭৪. Kissinger's memoirs, 1965-1966.

তাহ'লে অবশ্যই একথা পুরো নিশ্চয়তার সাথে বলেছেন যে, তিনি ইস্রাইলী ভূখণ্ডের এক ইঞ্জি ভূমি ছাড়তে প্রস্তুত নন এবং তিনি একজন উদ্বাস্তকেও কখনো ইস্রাইলে ফিরতে দেবেন না।<sup>৭৫</sup>

ইস্রাইল জেরুয়ালেম প্রশ্নে আলোচনায় বসতে অস্বীকার করে, তা দখলের উপরে জোর দেয়। ইস্রাইল ১৯৬৭ সালের জুন মাসে জাতিসংঘ সাধারণ পরিষদের গৃহীত প্রস্তাব মেনে নিতে অস্বীকার করে। বরং উল্টো সুয়েজ খালে জাহায চলাচলের পূর্ণ অধিকার দাবী করে বসে। সে এমনকি আরব অর্থনৈতিক বয়কট প্রত্যাহারেরও দাবী জানায় এবং ১৯৬৭-এর যুদ্ধ-পূর্ব কালের নিজ দেশের সীমানা বাড়াতে চায়।

ইস্রাইল কি তাহ'লে সেই শান্তি চায় যা তার নিষ্পন্ন বিষয়ের (*Fait accompli*) ভিত্তিতে ও তার নিজস্ব হৃকুমে রচিত শর্ত অনুযায়ী সশন্ত্ব বাহিনী দ্বারা চাপিয়ে দেওয়া হয়ে থাকে।<sup>৭৬</sup> নাকি অন্য কথায় বললে এই দাঁড়ায় যে, সে স্থায়ী শান্তির জন্য আলোচনায় বসতে প্রস্তুত। কিন্তু এজন্য কোনরূপ ত্যাগ স্বীকারে ইচ্ছুক নয়।<sup>৭৭</sup>

উক্ত প্রবণতা বর্তমানে (১৯৭০ সাল) ইস্রাইলে খুব নিশ্চিতভাবে দেখা যাচ্ছে। যখন লেভি ইস্কল ঘোষণা করেন যে, ইস্রাইল কখনোই জেরুয়ালেম ও গোলান মালভূমি ছেড়ে দেবে না এবং জর্ডান নদী সব সময় ইস্রাইলের নিরাপদ উত্তর সীমানা হিসাবে থাকবে।<sup>৭৮</sup>

লেভি ইস্কল বলেন যে, আমরা আমাদের বিজয়কে বিক্রয় করতে চাই না। এমনকি শান্তির জন্যও নয়। যে শান্তি আমাদেরকে পুনরায় যুদ্ধ বিরতি সীমানায় অথবা ৬৭-এর ৪ঠা জুনের সীমানায় ফিরিয়ে নিয়ে যাবে, সে শান্তি আমাদের নিকট গ্রহণযোগ্য নয়।<sup>৭৯</sup>

৭৫. Le Monde - Paris, 12th March 1960.

৭৬. Burns - Between the Arabs and Israelis. London 1965, P. 51.

৭৭. Harary Itar, Making the wolf vegetarian - The New look magazine vol. 6., Number 2, Feb. 196... (মূল বইতে একপ লেখা আছে)। - অনুবাদক।

৭৮. Al-Ahram, Cairo, Issue 11.2.1969.

৭৯. Al-Akbar-el Youmiah, a Cairo paper, Issue of 21.2.1969.

আমরা বিস্মিত হই যে, শান্তির অর্থ সম্পর্কে ইস্রাইলের এই ধারণা কিভাবে প্রকৃত শান্তির সঙ্গে যোগসূত্র গড়তে পারে? ইস্রাইলের প্রকৃত মনোভাব এবং তার নেতাদের দেওয়া ঘোষণা সমূহের মাঝে আমরা কিভাবে মেলাতে পারি? যেখানে তারা দাবী করছেন যে, তারা কোনরূপ পূর্বশর্ত ছাড়াই আরবদের সঙ্গে আলোচনায় বসতে প্রস্তুত!

ইস্রাইলের শান্তি প্রস্তাব সম্পূর্ণ মিথ্যা এবং ধোঁকাপূর্ণ। কেননা তারা প্রধান সমস্যাগুলো বিবেচনায় আনতে চায় না, যা শান্তি প্রতিষ্ঠায় প্রধান বাধা এবং যেগুলো অব্যাহত থাকলে কোন প্রকার শান্তিচুক্তিই সম্পন্ন হ'তে পারে না। এ বিষয়ে একটি প্রধান প্রশ্ন হ'ল ইস্রাইলের অস্তিত্ব এবং এর ফলে উদ্ভূত জটিলতা ও সমস্যাবলী। ১৯৫৬ সালের ১লা নভেম্বরে শান্তির এক আবেদন জানিয়ে আবা ইবান বলেন, আমাদের উদ্দেশ্য পুনরায় যুদ্ধাবস্থায় ফিরে যাওয়া নয়। বরং আমরা চাই শান্তির দিকে এগিয়ে যেতে। আমাদের ভবিষ্যৎ অবশ্যই হবে শান্তিময় ভবিষ্যৎ। যার ভিত্তি হবে মতৈক্য, সমরোতা এবং যুদ্ধ ও সামরিক ভীতিমুক্ত অবস্থার উপর।<sup>৮০</sup>

আবা ইবান যখন এই ঘোষণা দিচ্ছেন, তখন ইস্রাইলী বাহিনী মিসর সীমানার অভ্যন্তরে প্রবেশ করেছিল এবং ১৯৫৬ সালে মিসরের উপরে ইঙ্গ-ফরাসী আক্রমণের প্রস্তুতি পর্বে ইস্রাইল তখন গায়া ও সিনাই সেক্টরে সর্বাঞ্চক হামলা শুরু করে দিয়েছিল। শান্তির এই আবেদন বিশ্ববাসীর মনোযোগকে ইস্রাইলী আগ্রাসন থেকে অন্যদিকে ফিরিয়ে রাখার জন্য নিঃশব্দে নেতাদের একটি ধোঁকা ও সত্য বিকৃতকরণের অপচেষ্টা বৈ কিছুই নয়।<sup>৮১</sup>

১৯৫৬ সালে মিসরের উপরের ত্রয়ী হামলা চালানোর প্রাক্কালে ইস্রাইল যেভাবে শান্তির আশাবাদ ব্যক্ত করেছিল, ঠিক তেমনি ১৯৬৭ সালে আরবদের বিরংক্রি যুদ্ধ শুরুর প্রাক্কালে করেছিল। যেমন ১৯৬৭ সালের ৩০শে মে (যুদ্ধ শুরুর মাত্র পাঁচ দিন পূর্বে) তেলআবিবের সাংবাদিক সম্মেলনে আবা ইবান ঘোষণা করেছিলেন যে, ইস্রাইল কখনো যুদ্ধ শুরু করবে না, যতক্ষণ না জাতিসংঘ, নিরাপত্তা পরিষদ এবং বৃহৎ শক্তিশালী সমিলিতভাবে শান্তি প্রচেষ্টায় ফ্লান্ট না হয়।

৮০. Ebba Iban : The voice of Israel. New York 1957. P. 292.

৮১. Ibrahim el-Abd, Violence and Peace, Beirut 1967, PP. 67-71.

বিশ্বের সংবাদ মাধ্যমগুলো যখন উপরোক্ত শাস্তির ঘোষণা প্রচার করছিল। ওদিকে তখন ইস্রাইল তার সেনাবাহিনীতে ব্যাপকভাবে লোক ভর্তি শুরু করেছে এবং ঘরে ও বাইরে অবস্থানরত অন্তর্বহনের ক্ষমতা সম্পন্ন সকল ইস্রাইলীকে যুদ্ধে যোগ দেওয়ার নির্দেশ জারী করেছে। ইস্রাইল তার আগ্রাসী পরিকল্পনা চরিতার্থ করার জন্য আরবদের বিরুদ্ধে ব্যাপক যুদ্ধের সিদ্ধান্ত নেয়।

১৯৬৭-এর যুদ্ধের পরে ইস্রাইল পুনরায় শাস্তির ভান করে। কিন্তু জাতিসংঘ প্রস্তাব মেনে নিতে অস্বীকার করে। যেখানে তাকে অধিকৃত আরবভূমি থেকে সৈন্য প্রত্যাহার করে নিতে বলা হয়েছে। উপরন্তু সে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ এবং ড. ইয়ারিং-এর শাস্তি প্রচেষ্টায় বাধা সৃষ্টি করতে থাকে।

প্যালেস্টাইন সমস্যা পর্যালোচনার জন্য আহুত মার্কিন যুক্তরাষ্ট্র, রাশিয়া, ইংল্যাণ্ড ও ফ্রাসের মধ্যকার বৈঠকসমূহ অনুষ্ঠানেও সে বিরোধিতা করে এই মিথ্যা অজুহাতে যে, সে আরবদের সঙ্গে এ ব্যাপারে সরাসরি আলোচনায় বসতে চায়।

ইস্রাইলের দায়িত্বশীল নেতাদের মাধ্যমেই শাস্তি প্রস্তাবসমূহ পেশ করা হয় এবং ইহুদী তথ্য মাধ্যমসমূহ ইস্রাইলী আগ্রাসী নীলনকশাগুলো ঢেকে রাখার ব্যাপারে স্বেফ একটা ধূমজাল সৃষ্টি করে মাত্র। এটাও লক্ষ্য করার বিষয় যে, ইস্রাইলের আগ্রাসী হামলা ও তার শাস্তি প্রস্তাব পেশ করার সময়কালের মধ্যে একটা ঘনিষ্ঠ সংযোগ থাকে।

শাস্তি আলোচনার সুযোগে ইস্রাইল একদিকে নতুন আগ্রাসনের প্রস্তুতি নেয়, অন্যদিকে শাস্তির জন্য কঠিন আশাবাদ ব্যক্ত করে। অতঃপর সে তার আগ্রাসী সামরিক তৎপরতাকে এই বলে চালিয়ে দিতে চায় যে, এর পিছনে তার উদ্দেশ্য ছিল শাস্তি প্রতিষ্ঠা করা। ইস্রাইল প্রায়ই আগ্রাসন ও সন্ত্রাস এবং শাস্তি র আবেদন ও তার প্রশংসা ও সমর্থন সবকিছুকে একাকার করে ফেলে।

ইস্রাইল শাস্তির নামে ধোকা দেওয়ার এক নতুন কৌশল আবিষ্কার করেছে। সে দাবী করে যে, সে সর্বদা সে কার্যধারাকেই সম্মুখে নিয়ে চলেছে যা মধ্যপ্রাচ্যে শাস্তি প্রতিষ্ঠার জন্য সর্বশেষ প্রবল চেষ্টার দিকে এগিয়ে নিয়ে

যাবে ।<sup>৮২</sup> যাকে তারা মনে করে যে, তখনই হবে সত্যিকারের একটি ময়বৃত ও প্রতিরোধকারী শক্তি অর্জন।<sup>৮৩</sup> ইস্রাইলের অবিরত দাবী হ'ল অস্ত্র চাই, অস্ত্র, যা শান্তি প্রতিষ্ঠা করবে ও তাকে রক্ষা করবে।<sup>৮৪</sup> অস্ত্র দ্বারা সুসজ্জিত এবং শক্তিশালী সেনাবাহিনী সমৃদ্ধ শক্তিধর ইস্রাইল ব্যতীত শান্তি কখনোই প্রভাব বিস্তার করতে পারবে না।<sup>৮৫</sup> এ কারণেই ইস্রাইলের জীবনে সবচাইতে গুরুত্বপূর্ণ বিষয় হ'ল আরবদের উপর সামরিক প্রাধান্য বজায় রাখার সার্বিক প্রচেষ্টা অব্যাহত রাখা।<sup>৮৬</sup> বিগত ১০ বৎসর যাবৎ যে আপেক্ষিক শান্তি মধ্যপ্রাচ্যে বিরাজ করছে, তা কেবলমাত্র ইস্রাইলের সামরিক প্রাধান্যেরই বাস্তব ফলশ্রুতি।<sup>৮৭</sup> এটা এজন্য বলা হয়েছে যে, ইসরাইল শান্তির সময়ে যে যুদ্ধ করেছে তা ছিল (তাদের ভাষায়) শান্তি রক্ষা ও তাকে স্থিতিশীল করার জন্য।<sup>৮৮</sup>

আরবদের বিরংক্রে যুদ্ধকে সঠিক প্রমাণ করবার জন্য ইস্রাইল দাবী করে যে, এসব ঘটনা এই এলাকায় শান্তি অঙ্কুণ্ড রাখার স্বার্থে অপরিহার্য ছিল।<sup>৮৯</sup> ইস্রাইল শান্তি প্রত্যাশার ভান করে। কিন্তু আসলে সে কখনোই শান্তি চায় না। এতদসত্ত্বেও সে তার রাজনৈতিক মাধ্যমগুলোর সহযোগিতায় বহু বিদেশী রাষ্ট্রকে ও সেই সঙ্গে একটি বৃহৎ জনসংখ্যাকে একথা বুঝাতে সক্ষম হয়েছে যে, সে শান্তিতে বিশ্বাসী এবং সে শান্তি কামনা করে। এখন এটা আরব কূটনীতির উপর বাধ্যতামূলক দায়িত্ব হ'ল, ইস্রাইলী নেতাদের দেওয়া বিভিন্ন ঘোষণার মাধ্যমে তাদের আগ্রাসী পরিকল্পনার মুখোশ উন্মোচন করে দেওয়া।

৮২. ইস্রাইলের প্রাক্তন প্রধানমন্ত্রী লেভি ইঞ্জল কর্তৃক ১৯৬৪ সালের জুলাই মাসে বিদেশী সংবাদদাতা ক্লাবে দেওয়া ভাষণ থেকে যা New Look Magazine-এ প্রকাশিত হয়। Tel-Aviv. Vol. 7 No. 6, p. 8.

৮৩. The New Look Magazine, Tel-Aviv, July 1964, p. 58.

৮৪. The Jewish Information bulletin, New York, Vol. 10, No, 8 April 2, 1954.

৮৫. New York Herald Tribune, 20th December, 1965.

৮৬. The Eastern Israeli Society : Middle East Record, Vol. I. London 1960. P. 175.

৮৭. ১৯৬৬ সালের ২৪শে মে তারিখে ইস্রাইলী ব্রডকাস্টিং স্টেশন থেকে প্রচারিত লেভি ইঞ্জেলের ঘোষণা।

৮৮. Burns – p. 63.

৮৯. জর্জনের পানি সিরিয়ায় ব্যবহারের জন্য নির্মিতব্য প্রজেক্টের (Work site) উপর ইস্রাইলী হামলা উপলক্ষে জেরুয়ালেম পোস্ট-এ প্রকাশিত আবা ইবানের ঘোষণা।

(খ) বিদেশী রাষ্ট্রসমূহের সহানুভূতি আকর্ষণ (Gaining the sympathy of foreign countries p. 89) :

আরবদের মধ্যে কেউ কেউ এ কথা বিশ্বাস করে যে, ইস্রাইল যদি শান্তিতে বিশ্বাসী না হয়, তাহলে জাতিসংঘ তাকে বাধ্য করার ক্ষমতা রাখে এবং শান্তি প্রস্তাব গ্রহণে তার উপরে চাপ সৃষ্টি করতে পারে।

জাতিসংঘের সদস্য রাষ্ট্রসমূহের মধ্যে ইস্রাইল একমাত্র দেশ যার অন্তর্ভুক্তি নির্ভর করছে জাতিসংঘ সাধারণ পরিষদে গৃহীত কয়েকটি প্রস্তাব প্রতিপালনের উপর। নিম্নের বিবৃতিটি জাতিসংঘ সাধারণ পরিষদে ১৯৪৯ সালের ১১ই মে তারিখে গৃহীত প্রস্তাব নং ৩৭৩/৩ থেকে নেওয়া হয়েছে। সেখানে বলা হয়েছে, 'জাতিসংঘ সাধারণ পরিষদ নিম্নোক্ত কারণগুলোর ভিত্তিতে ইস্রাইলকে জাতিসংঘের সদস্য রাষ্ট্র হিসাবে গ্রহণে সম্মত হল : (১) কোন রকম দ্বিধা ছাড়াই ইস্রাইল জাতিসংঘ সনদ মেনে চলবে এবং সদস্য হবার পরদিন থেকেই সে উক্ত সনদ অনুযায়ী কাজ করতে প্রতিজ্ঞাবদ্ধ হ'তে চেয়েছে (২) বিশেষ করে সে ১৯৬৭ সালের ২৯শে নভেম্বরে এবং ১৯৪৮ সালের ১১ই জানুয়ারীতে গৃহীত প্রস্তাবের প্রতি সম্মান প্রদর্শন করবে। উপরোক্ত প্রস্তাবসমূহ বাস্তবায়িত করার জন্য জাতিসংঘের নিয়োজিত বিশেষ রাজনৈতিক কমিটির সম্মুখে ইস্রাইলী প্রতিনিধি পূর্ণ বিবরণ ও ব্যাখ্যাসহ ইতিমধ্যেই নোটিশ প্রদান করেছে' ১০

প্যালেস্টাইনের ব্যাপারে জাতিসংঘ সনদ মেনে চলার চুক্তিতে সম্মত হওয়া ইস্রাইলের একটা কূটকৌশল বৈ কিছু নয়। জাতিসংঘে প্রবেশ লাভে যাতে তার বাধা দূর হয়। ইস্রাইল রাষ্ট্র প্রতিষ্ঠার পর এটাই ছিল তার রাজনৈতিক ধাক্কাবাজির প্রথম উদাহরণ। প্রকৃত রাজনৈতিক উদ্দেশ্যকে ধামাচাপা দেওয়ার জন্য এইভাবে সে অস্পষ্ট, দ্ব্যর্থবোধক ও স্ববিরোধী ভূমিকা পালন করে চলেছে।

জাতিসংঘে সদস্যপদ লাভ এবং উপরোক্ত শর্তসমূহ পালনে ওয়াদাবদ্ধ হওয়ার মাত্র দু'মাস পরেই ইস্রাইলী পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে জাতিসংঘের 'পুনর্মিলন

১০. জাতিসংঘ সাধারণ পরিষদের গৃহীত প্রস্তাব নং ৩০৩ (৩), ১১ই মে, ১৯৪৯। মূল বইয়ে এই সাথে ১৯৬৭ সালের ২৯শে নভেম্বর গৃহীত প্রস্তাবের কথাও বলা হয়েছে।

কমিটি'র অন্তর্গত 'বিশেষ কমিটি'র নিকট ১৯৪৯ সালের ২৮শে জুলাই পেশকৃত এক সরকারী স্মারকলিপিতে বলা হয় যে, 'ঘড়ির কাঁটা পিছনে ফিরে যায় না। এটা যেমন অসম্ভব, কোন আরব উদ্বাস্তুর পক্ষে তাদের ফেলে যাওয়া পুরাতন আবাসভূমিতে ফিরে আসা তেমনি অসম্ভব'।<sup>১</sup>

সদস্যপদ লাভের সাত মাস পর ১৯৪৯ সালের ৫ই ডিসেম্বর ইস্রাইলী নেসেটে বেন গুরিয়ন ঘোষণা করেন যে, জাতিসংঘ কর্তৃক ১৯৪৯ সালের ২৯শে নভেম্বর গৃহীত বিভক্তিকরণ প্রস্তাবকে ইস্রাইল বাতিল, অবাস্তব ও বেআইনী মনে করে'।

এইভাবে ইস্রাইল জাতিসংঘের প্রস্তাবসমূহ বার বার অগ্রহ্য করেছে এবং তা পালন করতে অস্বীকার করেছে। এমনকি সেই বক্তৃতা মধ্যে দাঁড়িয়ে সে সরাসরি এই সমস্ত প্রত্যাখ্যান করেছে যেখানে দাঁড়িয়ে সে একদা ঐ প্রস্ত বাসমূহ মেনে চলার প্রতিশ্রূতি ঘোষণা করেছিল। সে প্রস্তাবে প্যালেস্টাইনকে দু'টি পৃথক রাষ্ট্র বিভক্ত করা এবং ফিলিস্তীন উদ্বাস্তুদেরকে তাদের স্বদেশভূমিতে ফিরে আসার অধিকার অনুমোদন করা হয়েছে।

অর্থচ এরপরেও জাতিসংঘ প্রতিটি বৈঠকে উপরোক্ত প্রস্তাবসমূহ বাস্তবায়নের পুনঃ পুনঃ নিশ্চয়তা ব্যক্ত করে আসছে। সম্ভবতঃ পবিত্র ভূমিতে (জেরুয়ালেম) আন্তর্জাতিক পর্যবেক্ষক দলের প্রধানের দেওয়া রিপোর্ট সহ জাতিসংঘ নিরাপত্তা পরিষদ ও সাধারণ পরিষদের রেকর্ডসমূহ পর্যালোচনা করলে একথা চূড়ান্তভাবে প্রমাণিত হবে যে, সে কখনোই যুদ্ধবিরতি চুক্তির প্রতি সম্মান প্রদর্শন করেনি এবং সে সর্বদা এগুলোকে এমনভাবে ব্যাখ্যা দিয়েছে যাতে তার স্বার্থ রক্ষা পায় ও তার উদ্দেশ্য সাধনে সহায়ক হয়।<sup>২</sup>

ইস্রাইল সেই সমস্ত এলাকায় আন্তর্জাতিক পর্যবেক্ষক দলের প্রবেশ প্রত্যাখ্যান করেছে, যেসব এলাকা থেকে সে তার আক্রমণ তৎপরতা চালিয়ে থাকে।<sup>৩</sup>

১। The general assembly of the United Nations Document, No. 1367 annex No. 4, Chapter 3, section (H), 1st. paragraph.

২। Von-Horn-general Kari : A military peace mission, London 1966, p. 79.

৩। Burns, p. 55.

তারা তাদেরকে নির্জন এলাকাসমূহে স্বাধীনভাবে চলাফেরা করতে বাধা দিয়েছে<sup>৯৪</sup> এবং বাধা দিয়েছে অধিকৃত আরব ভূমিতে যেতে।<sup>৯৫</sup> ইস্রাইল প্যালেস্টাইনে আন্তর্জাতিক পর্যবেক্ষক দলের পেছনে গুপ্তচর লাগিয়েছে। তাদের ফাইলসমূহ সেপর করেছে। এমনকি তারযোগে প্রেরিত তাদের গোপন সংবাদ সমূহের পিছনেও চরম বেআইনীভাবে আড়ি পেতেছে।<sup>৯৬</sup> এসব দ্বারা এ কথাই প্রমাণিত হয় যে, ইস্রাইল ঐ সমস্ত জনশূন্য (No man's land) এলাকা ও সীমান্তের ভূমি থেকে হায়ার হায়ার আরব অধিবাসীকে বিতাড়িত করে অন্যায়ভাবে তাদের ধন-সম্পদ কুক্ষিগত করেছে এবং বিরাট এলাকা দখল করে নিয়েছে।<sup>৯৭</sup> ইস্রাইল এসব জায়গায় তার আইনগত অধিকার দাবী করছে এবং সিরিয়া-ইস্রাইল যুদ্ধ বিরতি কমিশনের বৈঠকসমূহ বয়কট করেছে। কেননা উক্ত কমিশন ঐ সমস্ত এলাকায় ইস্রাইলী অধিকার অনুমোদন করতে অস্বীকার করেছে।<sup>৯৮</sup> অধিকন্তু ইস্রাইল যুদ্ধ বিরতি চুক্তির ধারাসমূহ লজ্জন করে উক্ত জনশূন্য এলাকাসমূহে কৃষি বসতির নাম করে সৈন্যদের জন্য দুর্গসমূহ গড়ে তুলছে এবং এসব দুর্গ আরবদের বিরুদ্ধে হামলার কাজে ব্যবহার করছে।

৯৪. Hutchinson, The violent armistice : A military observer's look on the Arab-Israeli struggle.

৯৫. Burns, p. 55.

৯৬. General von Horn described Israeli espionage operations in his book; Military mission for peace in the eighth and Nineth chapter of the book.

৯৭. নিম্নোক্ত দলিল ও বইসমূহে এর প্রমাণ পাওয়া যাবে :

(ক) General assembly document No. 1873, paper 55, para 514.

(খ) Security council document No. 3596, appendix 8.

(গ) " " " No. 2067, para 44.

(ঘ) " " " No. 3759, part 3 of appendix, 22-23.

(ঙ) " " " No. 2659, para 1 of second part of appendix.

(চ) " " " No. 25, 1950.

(ছ) " " " No. 2157.

(জ) General Benikey's report to the security council of 9th Nov. 1952.

(ঝ) General Hutchinson, The violent armistice, p. 20-28.

৯৮. Jerusalem post newspaper, issue of 29th Dec., 1967. Statement made by Ebba Iban.

আরব সীমান্ত এলাকাসমূহে ইস্রাইলীদের অবিরত হামলা, যুদ্ধ বিরতি চুক্তি ও ইস্রাইলের কৃত আন্তর্জাতিক অঙ্গীকার সমূহের প্রকাশ্য লঙ্ঘন। ইস্রাইলী আগ্রাসন, বিভিন্ন সময়ে পর্যবেক্ষণ কমিশন, জাতিসংঘ নিরাপত্তা পরিষদ ও সাধারণ পরিষদ কর্তৃক নিম্নিত হয়েছে। কিন্তু কোন লাভ হয়নি।

১৯৬৭-এর জুন যুদ্ধের পর জাতিসংঘ সাধারণ পরিষদ ও নিরাপত্তা পরিষদ বহু প্রস্তাব পাস করেছে। তন্মধ্যে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ প্রস্তাব ছিল যে, ইস্রাইল অধিকৃত সকল আরবভূমি থেকে সরে আসবে, পরিত্র নগরী জেরুয়ালেমকে যুদ্ধপূর্ব অবস্থায় ফিরিয়ে আনবে এবং ১৯৬৮ সালের মে মাসে জেরুয়ালেম নগরীতে সামরিক কুচকাওয়াজ করা হ'তে বিরত থাকবে। কিন্তু ইস্রাইল এসব প্রস্তাবের কোনটাই মানেনি। মার্কিন যুক্তরাষ্ট্র সর্বদা ইস্রাইলকে নিরাপত্তা পরিষদ ও সাধারণ পরিষদে সমর্থন দিয়ে এসেছে, তার স্বার্থ রক্ষা করেছে এবং তার নীতিকে অনুসরণ করেছে।

ইস্রাইলের স্বার্থের প্রতি মার্কিন সমর্থনের নয়ীর অসংখ্য। তার মধ্যে একটি উদাহরণ নিম্নে দেওয়া গেল :

২৮শে এপ্রিল তারিখে নেওয়া নিরাপত্তা পরিষদের সর্বসম্মত প্রস্তাব লংঘন করে জেরুয়ালেমের আরব অংশের উপর দিয়ে সামরিক কুচকাওয়াজ চালানোর জন্য ইস্রাইলের বিরুদ্ধে কঠোর নিন্দা প্রস্তাব গ্রহণের ব্যাপারে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ ১৯৬৮ সালে ২৩ মে তারিখের এক বৈঠকে কৃতসংকল্প হয়। কিন্তু আমেরিকা তাতে ভেট্টো দিয়ে নস্যাং করে দেয়।

ইস্রাইল মধ্যথাচ্যে পুরাতন ও নতুন উপনিবেশ স্থাপনের প্রধান ঘাঁটি। যা উপনিবেশিক শক্তিগুলোকে শান্তি ও যুদ্ধের সময়ে তাদের লক্ষ্য হাঁচিলে সহায়তা করে থাকে। আর এ কারণেই উপনিবেশবাদী শক্তিগুলো ইস্রাইলের সম্প্রসারণবাদ ও তার নিরাপত্তা বজায় রাখার ব্যাপারে সাহায্য করে থাকে এবং আমেরিকা অবিরত রাজনৈতিক সমর্থন ও সামরিক সাজসরঞ্জাম ও গোলাবারুদ দিয়ে তাকে রক্ষা করে চলেছে।

মার্কিন যুক্তরাষ্ট্রের পাশাপাশি নিঃসন্দেহে সেখানে অন্যান্য উপনিবেশিক দেশসমূহের আর একটি গোষ্ঠী রয়েছে, যারা আমেরিকার পথেই কাজ করছে এবং তাদের উদ্দেশ্য হাঁচিলের অনুকূলে প্রচেষ্টা চালাচ্ছে।

সুতরাং উপরের আলোচনার সার সংক্ষেপ এভাবে টানা যেতে পারে-

প্রথমতঃ আন্তর্জাতিক সংস্থাসমূহ অধিকৃত আরবভূমি থেকে ইস্রাইলকে সৈন্য প্রত্যাহার করতে এবং ফিলিস্তীনী উদ্বাস্তুদেরকে স্বদেশে প্রত্যাবর্তনের সুযোগ দিতে ইস্রাইলকে বাধ্য করতে সক্ষম নয়।

আরবদের পক্ষে সকল শান্তিপূর্ণ সমাধান প্রচেষ্টা পরিপূর্ণরূপে ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। এক্ষেত্রে আরব সামরিক শক্তিই কেবল পারে ইস্রাইলী আগ্রাসনবাদী সম্প্রসারণ-পরিকল্পনার চির সমাপ্তি ঘটাতে এবং পারে পবিত্র ভূমিতে আরব অধিকার পুনঃপ্রতিষ্ঠা করতে।

দ্বিতীয়তঃ একথা সুনিশ্চিত যে, আন্তর্জাতিক সংস্থাসমূহের উপর নির্ভরশীলতা আরবদের কোন উপকারে আসবে না। কেননা ইস্রাইল তার পুরাতন ও নতুন উপনিবেশিক শক্তিসমূহ ও তাদের দোসরদের মদদ পাচ্ছে। অতএব আরবদেরকে পুরোপুরি তাদের নিজস্ব সামরিক শক্তির উপরেই নির্ভর করতে হবে।

তৃতীয়তঃ শক্তিশালী বা শক্তি দ্বারা মদদপূর্ণ রাষ্ট্রগুলোকেই মাত্র অন্যান্য রাষ্ট্র সহানুভূতি দেখিয়ে থাকে। দুর্বলের প্রতি কেউই সহানুভূতি দেখায় না। স্বার্থই আন্তর্জাতিক সম্পর্ক সমূহের মূল চালিকাশক্তি। এখানে কোনরূপ আবেগের স্থান নেই।

(গ) একটি শান্তি চুক্তি সম্পাদনে আরবদেরকে বাধ্য করা (Compelling the Arabs to conclude a peace agreement p. 96) :

ইস্রাইল একথা ভালভাবে উপলব্ধি করে যে, ১৯৪৮ সালে তার জন্য লাভের পর থেকে এতদৰ্থে যে অস্বাভাবিক পরিস্থিতির উভব হয়েছে, তার সমাপ্তির জন্য তার পক্ষে সর্বাপেক্ষা উপকারী হবে শক্তির জোরে আরবদেরকে অবশেষে একটি শান্তি চুক্তিতে বাধ্য করা। ইস্রাইল তার চারিদিকে দুশ্মন প্রতিবেশীর মাঝে চিরকালের জন্য টিকে থাকতে পারে না। সব প্রতিবেশী তাকে বয়কট করেছে রাজনৈতিক ও অর্থনৈতিকভাবে এবং তার অস্তিত্বের প্রতি সর্বদা ভুমকি হয়ে রয়েছে। অবিরত যুদ্ধের ফলে অপরিমেয় আর্থিক ও লোক ক্ষয়ের কারণে ইস্রাইলে বর্তমানে যে বিপর্যয়কর পরিস্থিতি বিরাজ করছে, তাকে সে চিরকাল এড়িয়ে চলতে পারে না।

ইস্রাইল জানে যে, যুদ্ধ যতকাল ধরে চলুক না কেন এবং তার জন্য যত রকমের ত্যাগ ও ক্ষতি স্বীকারের প্রয়োজন হোক না কেন, চূড়ান্ত বিজয় অবশ্যে আরবদেরই হবে। সামরিক ও কৌশলগত বিবেচনা সমূহ ইঙ্গিত বহন করে যে, পরিস্থিতি আরবদের পক্ষে এবং চূড়ান্ত বিজয় তাদেরই।

প্রাঞ্জ ইহুদী নেতাগণ উক্ত বিষয়ে অত্যন্ত সজাগ এবং সেজন্যই তারা ইহুদী জনগণকে বিশ্বব্যাপী ছড়িয়ে রেখেছে যাতে এক জায়গায় জড়ো হওয়ার ফলে ভবিষ্যতে সম্পূর্ণ ধর্মস হওয়ার মত পরিস্থিতি এড়ানো যায়। আরবরা হয়তো কিছুদিনের জন্য ঘুমিয়ে আছে, কিন্তু চিরকালের জন্য তারা ঘুমিয়ে থাকবে না। যদি আরবরা কাজের সঠিক দিকনির্দেশ পায় এবং তা অনুসরণ করে তাহ'লে শীঘ্র হোক আর দেরীতে হোক, তারা ইস্রাইলীদের ধর্ম করবেই।

ইস্রাইলী নেতারা বিশ্বাস করে নিয়েছিল যে, ১৯৪৮ সালে ইস্রাইলের জন্মের ফলে সৃষ্টি বাস্তবতার নিকট আরবরা মাথা নত করবে এবং তার অস্তিত্বকে মেনে নিবে। কিন্তু পরবর্তী ঘটনাসমূহ তার উল্টা প্রমাণ বহন করে। ইস্রাইলের বিরংদে আরবদের ও মুসলমানদের পবিত্র আক্রোশ (*Holy grudge*) দিন দিন গভীর ও ভয়ংকর হচ্ছে। আরব নেতারা জানেন যে, ইস্রাইলকে স্বীকৃতি দেওয়া বা তার সঙ্গে কোনরূপ শান্তিচুক্তি করা একেবারেই অসম্ভব। কেননা এর ফলে আরবদের মধ্যে ও মুসলিম জাহানে তাদের মর্যাদা ভুলুষ্ঠিত হবে। এমনকি জীবনটাও হারাতে হবে (যেমনভাবে মিসরের প্রেসিডেন্ট আনোয়ার সা'আদাতকে হারাতে হয়েছে-অনুবাদক)। সুতরাং একথা নিশ্চিত যে, আরবরা কখনোই স্বেচ্ছায় ইস্রাইলকে স্বীকার করে নেবে না।

আরবদেরকে শান্তি চুক্তিতে এবং ইস্রাইলের অস্তিত্বকে স্বীকার করে নিতে বাধ্য করার জন্য ইস্রাইল হিংসার আশ্রয় নিয়েছিল। এজন্য সে ১৯৪৮ থেকে ১৯৫৬ সালের মধ্যে আরব দেশসমূহের উপর কয়েকবার হামলা চালায়। কিন্তু এসব আক্রমণ আরবদের পূর্ব সিদ্ধান্তের দৃঢ়তা বৃদ্ধিতে বরং সহায়ক হয়েছে এবং তাদের অস্তোষ ও প্রতিশোধের আকাঙ্ক্ষাকে প্রজ্বলিত করেছে।

অতঃপর ১৯৫৬ সালে ব্র্টেন ও ফ্রান্সের সহায়তায় ইস্রাইল সুয়েজ খালের উপর কর্তৃত কায়েম করল এই অজুহাত দেখিয়ে যে, এর দ্বারা ইস্রাইল ও

আরবদের মধ্যে শক্তির ভারসাম্য সৃষ্টি হবে। ইস্রাইল তখন দাবী করেছিল যে, আরবদের হামলার অঞ্চলগতি রোধ করার জন্য সে আগেভাগেই একটা প্রতিরোধ যুদ্ধ সংঘটিত করেছিল মাত্র।

ইস্রাইলের সুয়েজ অভিযানের ফলে সে তার উদ্দেশ্যসমূহ হাতিলে ব্যর্থ হ'ল। অপরপক্ষে এর ফলে আরবদের মধ্যে এটি একটি কাঁটার মতো বিদ্ধ হ'ল। যা ইস্রাইলের বিরুদ্ধে ভবিষ্যতে এক দীর্ঘস্থায়ী যুদ্ধের প্রস্তুতি নেওয়ার কাজ বহুগুণ এগিয়ে দিল।

১৯৫৬ থেকে ১৯৬৭ সালের মধ্যে ইস্রাইল আরবদের বিরুদ্ধে ক্রমাগত আক্রমণ চালিয়েছে। অতঃপর '৬৭ সালে যখন সে আরবদেরকে পরাজিত করল তখন ভেবেছিল যে, আরবরা এবার তার দেওয়া শর্ত মত শান্তিচুক্তি সম্পাদনে বাধ্য হবে, যাতে সে আরবদের একটি বিরাট এলাকা দখলে রাখতে পারে। যাতে তার বিরুদ্ধে আরব অর্থনৈতিক অবরোধ ভেঙে দেওয়া হয় এবং সুয়েজ খালকে সে নিজস্ব ব্যবসায়িক স্বার্থে ব্যবহার করতে পারে।

আরবরা উক্ত ব্যাপারে ইস্রাইলকে নিরাশ করেছে। বরং তাদের ন্যায্য অধিকার রক্ষার জন্য ইস্রাইলের বিরুদ্ধে এই দীর্ঘস্থায়ী উদ্দেশ্যে তারা সাহসিকতাপূর্ণ যুদ্ধের প্রস্তুতি শুরু করেছে। জয় না হওয়া পর্যন্ত যে যুদ্ধের শেষ নেই।

সামরিক শক্তি রাজনৈতিক শক্তির একটি অংশ বিশেষ। যখন দেশের কোন প্রয়োজনীয় উদ্দেশ্য সাধনে রাজনৈতিক প্রচেষ্টা ব্যর্থ হয়, তখন দেশের একমাত্র অবলম্বন হয় সামরিক শক্তি। ইস্রাইল এই নীতিই অনুসরণ করে থাকে। সে আরবদের উপরে তার দেওয়া শর্ত মোতাবেক জোর করে শান্তিচুক্তি চাপিয়ে দিতে চায়। ইস্রাইল কি তাহ'লে যথার্থ অর্থেই শান্তি চায়?

আমি এতে আদৌ সন্দেহ করি না যে, ইস্রাইল ঐ শান্তিতে বিশ্বাসী নয়, যতক্ষণ না সে শান্তি তার স্বার্থ বাস্তবায়নে পুরাপুরি সক্ষম হবে। সে স্থায়ী শান্তির বদলে সাময়িক যুদ্ধ বিরতি কামনা করে। যাতে এই অবসরে সে পুনরায় আগ্রাসন ও সম্প্রসারণবাদী থাবা বিস্তারের প্রস্তুতি গ্রহণ করতে পারে।

তার প্রধান উদ্দেশ্য হ'ল বিশ্বের সমস্ত ইহুদীকে একটি বৃহত্তর ইস্রাইলে সমবেত করা। যা নীলনদ থেকে ইউফ্রেটিস (ফোরাত) পর্যন্ত বিস্তৃত হবে। এর বাইরে তাদের যত কথা, সবই প্রতারণা মাত্র।

১৯৫০ সালের ৭ই এপ্রিলের এক বক্তৃতায় মেনাহিম বেগিন ঘোষণা করেন যে, একটি শান্তি চুক্তি নিষ্পত্তি হওয়া সত্ত্বেও ইস্রাইলী জনগণ বা ইস্রাইলের জন্য এমনকি আরবদের জন্যও কোনরূপ শান্তি আসতে পারে না, যতক্ষণ না আমরা আমাদের স্বদেশ ভূমিকে পুরোপুরি স্বাধীন করতে পারব।<sup>১৯</sup>

(ঘ) অপরাপর দেশগুলোর মধ্যে ইস্রাইলের রাজনৈতিক র্যাদা সম্মুখ্যত করা (Elevating Israel's political status among other countries p. 100) :

পৃথিবীর অন্যান্য দেশের মধ্যে নিজের দেশের র্যাদা নির্ণীত হওয়ার প্রধান বিষয় হ'ল শক্তি। শক্তিমানরা সর্বদা উচ্চস্থান দখল করে থাকে। তখন দুর্বলেরা স্বভাবতই পিছনে পড়ে যায়।

জাতীয়তাবাদী চীনের বর্তমান অবস্থান দ্বিতীয় বিশ্বযুদ্ধের পূর্বেকার অবস্থান থেকে সম্পূর্ণ ভিন্ন, যখন জাপানীরা এর একটি বিরাট অংশ দখল করে নিয়েছিল। সাম্রাজ্য হারানোর পর বৃটেনের বর্তমান অবস্থান পূর্বেকার অবস্থান থেকে সম্পূর্ণ ভিন্ন, যখন বলা হ'ত যে, বৃটিশ সাম্রাজ্যে সুব অস্ত যায় না। বৃটেনের ক্ষেত্রে আজ যা সত্য, ফ্রান্স, ইটালী ও জার্মানীর ক্ষেত্রেও তাই-ই সত্য।

যুদ্ধের পূর্বে জার্মানীর অবস্থা ছিল বিরাট। কোন রাষ্ট্রের ভাগ্য তখন হিটলারের টেলিফোনেই নির্ধারিত হ'ত। উদাহরণ স্বরূপ অস্ট্রিয়া দখলের সময়কার কথা ধরা যেতে পারে। দ্বিতীয় মহাযুদ্ধের পূর্বে জার্মানী সকল রাজনীতিকদের নিকট ছিল গর্বের বস্ত। কিন্তু যখন যুদ্ধে হেরে গেল, তখন সে তার সমস্ত রাজনৈতিক ক্ষমতা হারিয়ে একটা সাধারণ কলোনীতে পরিণত হ'ল।

দ্বিতীয় মহাযুদ্ধের পূর্বেকার রাশিয়া ও জার্মানীর বিরুদ্ধে জয়লাভ করার পরবর্তীকালের রাশিয়া কখনোই এক নয়। বর্তমানে সে বিশ্বের দু'টি বৃহত্তম শক্তির অন্যতম। সোভিয়েত ইউনিয়নের ক্ষেত্রে যা সত্য, মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষেত্রেও তাই-ই সত্য। এমনিভাবে একটি বিপুলায়তন রাষ্ট্রের অবস্থা একটি ক্ষুদ্রায়তন রাষ্ট্রের অবস্থা থেকে ভিন্নতর। সে কারণেই ইস্রাইল আরব বিশ্বে তার সম্প্রসারণবাদকে বিশ্বের ও উপনিবেশিক শক্তিসমূহের মধ্যে তার র্যাদা বৃদ্ধির জন্য গুরুত্বপূর্ণ বিষয় বলে মনে করে।

১৯. Israel an Economic and Military danger, Beirut. P. 31.

## উপসংহার (Epilogue p. 103)

**জিহাদের বাস্তব আবেদন (The practical application of jihad p.105) :**

॥ ১ ॥

১৩৮৯ হিজরীর ৮ই জুমাদাল আখিরাহ, মুতাবিক ২১শে আগস্ট ১৯৬৯, বৃহস্পতিবার ইস্রাইল পরিত্র আল-আকুছা মসজিদে অগ্নিসংযোগ করে, যাতে প্রাচীন যিদ্বর সহ (Antique pulpit) মসজিদের দক্ষিণ-পূর্ব অংশ বিধ্বস্ত হয়। এই অমানবিক হামলা মুসলমান এবং আরবরা যে মসজিদকে অতি পরিত্র মনে করে, তার প্রতি ইস্রাইলের ঘৃণ্য ও পরিত্রতা নাশের একটি চরম দৃষ্টান্ত।

এটি অত্যন্ত অনুভাপের বিষয় যে, আল-আকুছা মসজিদের এই অগ্নি সংযোগকে কেউই বিস্ময়ের ব্যাপার হিসাবে গ্রহণ করেন। যেহেতু বিশ্ব ইহুদী সম্প্রদায়, এমনকি তাদের রাষ্ট্র প্রতিষ্ঠিত হওয়ার পূর্ব থেকেই এই আশা পোষণ করে আসছে যে, তারা আল-আকুছা মসজিদকে পুরা ধ্বংস করে দিয়ে সেই স্থলে সলেমানের মন্দির স্থাপন করবে। তাদের এই ইচ্ছা ও আকাঞ্চ্ছার ভুরি ভুরি প্রমাণ রয়েছে, যার মধ্যে মাত্র কয়েকটি এখানে উল্লেখ করছি।-

**(ক) ১৯৪৮-এ ইস্রাইল রাষ্ট্রের জন্মের পূর্বে (Before the birth of Israel in 1948 p. 106) :**

ইহুদী বিশ্বকোষে বলা হয়েছে যে, ইহুদীরা প্রস্তুতি নিচে জেরুয়ালেম অতিক্রম করার জন্য। আরবদের জয় করবার জন্য এবং তাদের ফেলে আসা মন্দিরে পুনরায় উপাসনা শুরু ও সেখানে তাদের রাজত্ব কায়েম করার জন্য।<sup>১০০</sup> বৃটানিকা বিশ্বকোষে বলা হয়েছে, ইহুদীরা ভবিষ্যতে ইস্রাইলের বিস্তৃতি, ইহুদী রাষ্ট্রের পুনঃপ্রতিষ্ঠা এবং সলেমান মন্দিরের পুনর্নির্মাণের স্বপ্ন দেখছে।<sup>১০১</sup>

প্যালেস্টাইন বৃটিশ অধিকারে থাকাকালে ইহুদীরা তাদের আইনগত সম্পত্তি (Legal property) হিসাবে জেরুয়ালেমের পরিত্র মসজিদের উপর অধিকার

১০০. Hebrew Encyclopaedia, London 1904.

১০১. Britanica, London 1960.

দাবী করেছিল। ১৯২৯ সালে ইহুদী নেতা ক্লোজ (Kloetz) ঘোষণা করেন যে, আল-আকচ্ছা মসজিদ, যা সমস্ত পবিত্র স্থানসমূহের মধ্যে সেরা পবিত্র (Holy of the holies) হিসাবে দাঁড়িয়ে আছে, সেটি ইহুদীদের সমপত্তি।

ইহুদী বৃটিশ মন্ত্রী লর্ড মিচিট (Lord Mitchit) বলেন, সলেমান মন্দির পুনঃ প্রতিষ্ঠিত হওয়ার সেই শুভ দিন খুবই নিকটে এবং আমি আমার বাকী জীবন উৎসর্গ করব উক্ত মন্দির সেই স্থানে নির্মাণ করার জন্য, যেখানে আল-আকচ্ছা মসজিদ দাঁড়িয়ে আছে।

(খ) ইস্রাইলের জন্মের পর (After the birth of Israel p. 107) :  
ইস্রাইলের জন্ম লাভের পর আল-আকচ্ছা মসজিদকে ধ্বংস করা ও সেই স্থলে সলেমান মন্দির প্রতিষ্ঠা করার ইস্রাইলী পরিকল্পনা অধিকতর স্পষ্ট হয়ে উঠে।

১৯৬৭ সালের ৬ই জুন ইস্রাইল জেরুয়ালেমের প্রাচীন নগরী অধিকার করে। নগরী অধিকারের পরপরই প্রধান পুরোহিতের নেতৃত্বে ইস্রাইলী প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রীবর্গ বিলাপরত প্রাচীরের (Wailing wall) দিকে মার্চ করে যাওয়ার সিদ্ধান্ত নেন। যেখানে মোশে দায়ান ঘোষণা করেন, ‘মদীনার রাস্তা এখন আমাদের জন্য খোলা’ (The road to El-Medina is now open)।<sup>১০২</sup>

একই দিনে তারা মসজিদের চার দেওয়ালের মাঝখানে অত্যন্ত নির্লজ্জভাবে নাচ-গানের মাধ্যমে এর পবিত্রতা বিনষ্ট করে (ইন্নালিল্লাহ...)।

১৯৬৭ সালেই ইস্রাইল আল-আকচ্ছা মসজিদ সংলগ্ন প্রাচীন বিল্ডিংগুলো ভাঙতে শুরু করে এবং হিকু ধ্বংসাবশেষ সন্ধানে এর দেওয়াল সমূহের অভ্যন্তরে গর্ত খুঁড়তে থাকে। যাতে তারা সলেমান মন্দিরের নির্দর্শন আবিষ্কারে সমর্থ হয়।

জেরুয়ালেম অধিকার উপলক্ষে আয়োজিত এক ধর্মীয় সম্মেলনে ইস্রাইলী ধর্মমন্ত্রী ঘোষণা করেন যে, পবিত্র আল-আকচ্ছা মসজিদের ভূমি নতুন দখলের অধিকার বলে এবং দু'হায়ার বৎসর পূর্বে আমাদের পূর্বপুরুষগণ কর্তৃক ক্রয় করার অধিকার বলে আইনত ইহুদী সমপত্তি।

সলেমান মন্দিরের পুনর্নির্মাণের জন্য ইস্রাইল সারা বিশ্বের ইহুদী ও ইহুদীদের প্রতি সহানুভূতিশীলদের নিকট থেকে চাঁদা সংগ্রহের উদ্দেশ্যে একটি বিশেষ অভিযান পরিচালনা করে।

জেরুয়ালেমের মুসলিম বিষয়ক সুপ্রীম কাউন্সিলের নিকট ১৯৬৮ সালের ৩০শে মার্চ মার্কিন যুক্তরাষ্ট্র থেকে লিখিত এক চিঠিতে জনেক আমেরিকান বলেন, সলেমানের মন্দির আসলে ফ্রী ম্যাসনদের<sup>১০৩</sup> কুটির (Masonic lodge) ছিল এবং সলেমান ছিলেন সেই কুটিরের গৃহকর্তা। হ্যারত ওমর (রাঃ) কর্তৃক নির্মিত আল-আকচা মসজিদ উক্ত স্থানে এবং শিলাখণ্ডের উপরে প্রতিষ্ঠিত, যার উপরে হ্যারত ইব্রাহীম (আঃ) স্বীয় পুত্র ইস্রাইলকে আল্লাহ'র নামে কুরবানী দিয়েছিলেন। সলেমান মন্দিরের পুনর্নির্মিত রূপ দেখতে চাই বিধায় একজন ফ্রী ম্যাসন সদস্য এবং এর একটি গৃহপের নেতা হিসাবে আমরা আমাদের সাধ্যানুযায়ী এর নির্মাণ ব্যয়ের জন্য চাঁদা সংগ্রহ অভিযানে অংশ নিয়েছি এবং এ ব্যাপারে আমাদের লক্ষ্য হ'ল একশত মিলিয়ন ডলার চাঁদা সংগ্রহ করা।<sup>১০৪</sup>

বেন গুরিয়ন প্রায়ই বলে থাকেন, জেরুয়ালেম ছাড়া ইস্রাইলের যেমন কোন অর্থ হয় না, তেমনি সলেমান মন্দির ছাড়া জেরুয়ালেমের কোন অর্থ হয় না।

আল-আকচা মসজিদে আগুন লাগাবার একমাস পূর্ব থেকেই ইস্রাইলী সংবাদ-পত্রগুলো এ ব্যাপারে পরিবেশ তৈরী করে এবং সংশ্লিষ্ট সকলকে উক্ত উদ্দেশ্য হাতিলে ত্বরিত ব্যবস্থা গ্রহণের আহ্বান জানায়।

উদাহরণ স্বরূপ ‘লা মেরহাব’ (La-Merhab) নামক একটি ইহুদী পত্রিকা ‘জেরুয়ালেমের সলেমান মন্দির’ শিরোনামে একটি প্রবন্ধ প্রকাশ করে। যেখানে বলা হয় যে, ‘ইস্রাইলী কর্তৃপক্ষকে যেকোন মূল্যে (জেরুয়ালেম সহ) মুসলমানদের সকল পবিত্র স্থান দখল করতে হবে এবং সেগুলিকে সম্পূর্ণরূপে নিজ নিয়ন্ত্রণে আনতে হবে’।

১০৩. ফ্রী ম্যাসন সারাবিশ্বে কার্যরত ইহুদীদের একটি গুণ্ঠ সংগঠনের নাম-অনুবাদক।

১০৪. চিঠিটির পূর্ণ বিবরণ Islamic Awakening, Kuwait No. 49. Issue 29th march.

1969 দেখুন।

আল-আকুছা মসজিদে আগুন লাগানোর পর ইস্রাইলী কর্তৃপক্ষ ১৯৬৯-এর ১৮ই সেপ্টেম্বর তারিখে হেবরন শহরে অবস্থিত হয়রত ইব্রাহীম (আঃ)-এর মসজিদ দখল করে এবং আরবদের ও মুসলমানদের সকল প্রতিবাদ ও ঘৃণা সত্ত্বেও একে ইহুদী পূজা মন্দিরে (Synagogue) রূপান্তরিত করে। সাথে সাথে মুসলমানদের উপর এখানে ইবাদত করতে নিষেধাজ্ঞা জারি করা হয়। নিঃসন্দেহে ইহুদীরা ইব্রাহীমী মসজিদের উপর চিরস্থায়ী দখল কায়েমের উদ্দেশ্যে সামরিকভাবে সেখানে তথ্যনুসন্ধানমূলক পদক্ষেপ (Exploratory step) গ্রহণ করেছে মাত্র’।<sup>১০৫</sup>

১৯৭০ সালের ২২শে জুলাই পান্দী লিভিঙ্গারকে হেবরনের সামরিক গভর্নর-এর বাড়ী থেকে বের হ'তে দেখা গেল। তাকে একজন পান্দীর চাইতে বরং একজন আমেরিকান রাখাল বালক বলেই মনে হচ্ছিল।

কোমরে চামড়ার বেল্টে স্বয়ংক্রিয় বন্দুক ঝুলানো এবং ডোরাকাটা স্পেটস জ্যাকেট পরিহিত অবস্থায় তিনি ছিলেন। তার সঙ্গে প্রসিদ্ধ বৃটিশ পত্রিকা ‘দি গার্ডিয়ানের’ সংবাদদাতা ছিলেন। দু’জনে হেবরনের একটি পাহাড়ের উপর দিয়ে চলছিলেন, যেখানে আরব মেয়রের বাসস্থান ছিল। এমন সময় পান্দী লিভিঙ্গার বললেন, ‘আমরা এখানে উন্নর ও উন্নর-পূর্ব দিকে আমাদের বসত-বাড়ী গড়ে তুলব। আমরা প্রথমতঃ এখানে আড়াইশ’ ইহুদী পরিবারের বসবাসের ব্যবস্থা করব এবং শেষ পর্যন্ত আড়াই হায়ার বাসিন্দার বসবাসের সুযোগ করে দেব’।

সংবাদদাতা জিজ্ঞেস করলেন, ‘তখন (স্থানীয়) আরবদের ব্যবস্থা কি হবে?’ পান্দী উন্নর দিলেন, ‘আমরা আরবদের পরাজিত করব এবং বৃহত্তর হেবরনের গোড়া পত্তন করব’।

হেবরন ইস্রাইলের একটি অংশ, যা তেল-আবিবের চাইতেও আমাদের নিকট গুরুত্বপূর্ণ। প্রকৃত প্রস্তাবে একজন সম্পদশালী ইহুদী তার বেতের ফ্যান্টেরী সুচারূপে পরিচালনার সম্ভাব্যতা যাচাইয়ের জন্য এখানে এসেছে।

১০৫. ১৯৭০ সালের ২০শে জুলাই আস্মান থেকে খবর এসেছে যে, ইস্রাইলী কর্তৃপক্ষ বাস্তবে ইব্রাহীমী মসজিদের রূপান্তর প্রক্রিয়া শুরু করেছে। তারা এর ভিতরে তাদের কিছু ধর্মীয় প্রতীক স্থাপন করেছে। একইভাবে তারা নাবলূস শহরের প্রাচীন পবিত্র স্থান জন্ম করেছে।- কায়রো : দৈনিক আল-আহরাম ২১.৭.১৯৭০ খ।।

গার্ডিয়ান সংবাদদাতা তার পত্রিকায় লেখেন যে, ইহুদী বসতি স্থাপনের উদ্দেশ্যে হেবরনে আরব সম্পত্তিসমূহ হ'তে তাদেরকে বেদখল করার প্রক্রিয়া খুব শীঘ্ৰই শুরু হবে।

মেনাহিম বেগিন তাঁর এক বক্তৃতায় ঘোষণা দেন যে, ইস্রাইলী ক্যাবিনেটের একজন সদস্য হিসাবে এখানে আমার এ কথা ঘোষণা দেওয়ার অধিকার রয়েছে যে, সরকারের নীতি কেবলমাত্র হেবরনকে ইস্রাইলের সঙ্গে চিরস্থায়ী সংযুক্তির লক্ষ্যে কাজ করছে না। বরং ইস্রাইলের খোদা কেবলমাত্র আমাদেরকেই এককভাবে পুরা দেশ শাসন করার ক্ষমতা প্রদান করেছেন এবং সে কারণেই সকল অধিকৃত ভূমি ইস্রাইলের সঙ্গে সংযুক্ত হওয়া আশু যৱারী।

জেরুলামের সুপ্রীম মুসলিম কাউন্সিল আল-আকচা মসজিদ সম্পর্কে ইহুদী ঘড়্যন্ত্রের বিষয়ে সর্বদা লঁশিয়ার থাকেন। তারা (তৎকালীন) ইস্রাইলী প্রধানমন্ত্রী গোল্ডামায়ারের নিকট দাবী করেন এই মর্মে যে, আল-আকচা মসজিদের নিকট যে খনন কার্য চালানো হচ্ছে, তা এখনই বন্ধ করা হোক। তারা তাকে সতর্ক করে দেন যে, এই খনন কার্যের ফলে মসজিদ সম্পূর্ণরূপে ধ্বনে পড়তে পারে।

জেরুলামের আরব মুসলিম নেতারা এই মর্মে আশংকা প্রকাশ করেন যে, এই খনন কার্যসমূহ, যা ইতিমধ্যেই প্রায় ৪০ ফুট গভীরে পৌঁছে গেছে মসজিদের নিরাপত্তা দারণভাবে বিস্তৃত করবে যেমন ইতিপূর্বকার খননসমূহের ফলে মসজিদের অধিকাংশে দারণ ক্ষতি হয়েছিল এখানে অগ্নিসংযোগের আগে।

মুসলিম নেতারা আরও বলেন, বিভিন্ন সূত্রে জানা গেছে যে, ইস্রাইলের ধর্মীয় কর্তৃপক্ষ সলেমান মন্দির উদ্ধারের প্রথম পদক্ষেপ হিসাবে মসজিদের অভ্যন্তরেই একটি ইহুদী পূজা মন্দির স্থাপন করতে চান।<sup>১০৬</sup> এ ব্যাপারে সুপ্রীম মুসলিম কাউন্সিলের সকল প্রতিবাদ বিফলে গেছে। হায় এই নিশ্চিদ্বিতীমুক্তির কি অবসান ঘটবে না?

১০৬. See details in the Al-Ahram and Al-Jamhuria papers of Cairo in their issues of October 1, 1969.

## ॥ ২ (পঃ ১১২) ॥

১৯৬৮ সালে কায়রো, মক্কা এবং আম্মানে ও ১৯৬৯ সালে মালয়েশিয়ার কুয়ালালামপুরে ইসলামী সম্মেলন অনুষ্ঠিত হয়। বহু সংখ্যক মুসলিম ওলামা ও রাজনীতিবিদ উক্ত সম্মেলনসমূহে যোগদান করেন। এই সকল সম্মেলনে উপস্থিত-অনুপস্থিত সকলেই ইহুদীদের বিরুদ্ধে জিহাদ ঘোষণার জন্য আরব রাষ্ট্রগুলোর প্রতি আহ্বান জানানোর ব্যাপারে সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করেন। তারা আরও ঘোষণা করেন যে, জিহাদ ঘোষণার জন্য পবিত্র কুরআনে নির্দেশিত কারণসমূহের সবগুলোই ইস্রাইলের দ্বারা পূর্ণ হয়েছে। যেমন, ইসলামী আরব দেশগুলোর বিরুদ্ধে ইস্রাইলের ব্যাপক আগ্রাসন, ইসলামের অধিকাংশ পবিত্র ভূমির অর্মান্যাদা, আরব (মুসলিম) ফিলিস্তিনীদেরকে তাদের আবাসভূমি থেকে বিতাড়ন এবং বয়ক্ষ ও শিশুদের অমানুষিক ও বর্বরোচিতভাবে হত্যা করা।

অতএব জান ও মাল দিয়ে সর্বাত্মক জিহাদে ঝাঁপিয়ে পড়ার জন্য একটি ব্যাপক গণ-আন্দোলন (General mobilization) অবশ্য যরুৱী হয়ে পড়েছে এবং যিনি যে এলাকারই হোন না কেন, প্রত্যেক মুসলমানের উচিত সাধ্যমত উক্ত দায়িত্ব পালন করা।<sup>১০৭</sup>

এর অর্থ এই যে, জিহাদ এমন একটি নির্দেশ হিসাবে পরিগণিত হয়েছে যার আর্থিক ও নৈতিক দায়িত্ব বহনে প্রতিটি মুসলিম নারী ও পুরুষ সম্মত হবেন। অন্যথায় তিনি ভগুমীর অপরাধে দোষী সাব্যস্ত হবেন এবং কঠোর শাস্তির সম্মুখীন হবেন।

ইস্রাইলের বিরুদ্ধে যুদ্ধ করার দায়িত্ব এখন সমগ্র মুসলিম জাহানের উপর আপত্তি হয়েছে। এর কারণসমূহ হ'ল ইস্রাইলের আগ্রাসী সম্প্রসারণবাদ, ফিলিস্তিনী আরব মুসলিমদেরকে তাদের স্বদেশ থেকে বিতাড়ন, ইহুদীদের দ্বারা তাদের উপর চরম অবিচার ও নিহাহ, আল-আকছা মসজিদে আগ্নিসংযোগ, কতকগুলো মসজিদের ধ্বংস সাধন, কতকগুলোকে দখল ও

১০৭. Resolutions and recommendations of the 4th. Congress for Islamic research, Cairo, year 1388 A. H.

সেগুলোর পৰিত্বা হনন প্ৰত্যুষি। এক্ষণে অন্ত বহনে সক্ষম এমন প্ৰত্যেক আৱৰ মুসলিমেৰ জন্য অপৰিহাৰ্য হ'ল ইস্টাইলেৰ বিৱৰণকৈ যুদ্ধে যোগদান কৰা। অন্যদিকে যারা অৰ্থ দিয়ে সাহায্য কৰতে পাৱেন, তাদেৱকেও উদারভাবে ও মুক্ত হস্তে এগিয়ে আসতে হবে। বৰ্তমান অবস্থায় কোন আৱৰ বা কোন মুসলিমেৰ পক্ষে উপৰোক্ত দায়িত্ব ও কৰ্তব্য পালন থেকে বিৱৰত থাকাৰ কোন অবকাশ নেই।

বিশ্বে ১০০ মিলিয়নেৰ উপৰে আৱৰ এবং ৬০০ মিলিয়নেৰ উপৰে মুসলিম বাস কৰেন। সাধাৱণ নিয়ম অনুযায়ী এটাই স্থিৱীকৃত হয় যে, প্ৰত্যেক জাতিৰ এক-দশমাংশ অন্ত বহনে সক্ষম থাকে। অতএব উক্ত হিসাব অনুযায়ী আৱৰৰা প্ৰায় ১০ মিলিয়ন ও অন্যান্য মুসলিমগণ প্ৰায় ৬০ মিলিয়ন যোদ্ধাৰ যোগান দিতে সক্ষম। ইস্টাইলেৰ বৰ্তমান (১৯৭০ সালে) জনশক্তি আড়াই মিলিয়নেৰ উৎৰে নয়। এক্ষেত্ৰে আৱৰৰা ও মুসলিমগণ যদি জিহাদে অবৰ্তীণ হন, তাহ'লে ইস্টাইলেৰ অবস্থা কি হ'তে পাৱে? এছাড়াও আৱবদেৱ ও মুসলমানদেৱ বস্তুগত ও নৈতিক শক্তি ইস্টাইলীদেৱ চাইতে বিস্ময়কৰভাবে অনেক বেশী। ইস্টাইলীদেৱ শক্তি সুসংগঠিত। সে কাৱণ ইস্টাইলীৱা তাদেৱ সীমাবদ্ধ যোগ্যতা সত্ৰেও আৱবদেৱ বিপুল শক্তিকে অতিক্ৰম কৰে যেতে সক্ষম হচ্ছে। অতএব আৱবদেৱ এখন প্ৰয়োজন কেবল সুষ্ঠু সংগঠনেৰ।

### ॥ ৩ (পৃ. ১১৫) ॥

ইস্টাইলেৰ জন্মলগ্ন থেকে আৱৰৰা এবং মুসলমানৱা তাৰ প্ৰতি শুভেচ্ছা দেখিয়ে এসেছে। কিন্তু যখন আল-আকছা মসজিদে অগ্ৰিসংযোগ কৰা হ'ল, তখনই আৱবদেৱ ক্ষোভ জুলে উঠল এবং জেৱঘ্যালেম ও প্যালেস্টাইনেৰ প্ৰতি সহিষ্ণু মনোভাৱ পোষণকাৰী গৰ্ভৰদেৱ প্ৰতি ভীতি প্ৰদৰ্শন শুরু কৱল।

১৯৬৯-এৱ ২২ থেকে ২৬শে সেপ্টেম্বৰ রাবাতে অনুষ্ঠিত ইসলামী শীৰ্ষ সম্মেলন একটি ঐতিহাসিক ঘটনা ছিল। এই সম্মেলন জেৱঘ্যালেম ও প্যালেস্টাইনেৰ ব্যাপাৱে আৱৰ ও মুসলিম সমাজেৰ গভীৰ অনুভূতিৰ প্ৰতিফলন ছিল। ২৬টি আৱৰ ও মুসলিম দেশেৰ রাষ্ট্ৰপ্ৰধান ও সৱকাৱ প্ৰধানগণ এই সম্মেলনেৰ প্ৰতিনিধিত্ব কৱেন।

অধিকাংশ মুসলিম দেশের উপস্থিতিতে অনুষ্ঠিত এই সম্মেলনের ফলশ্রুতি হিসাবে সাগর-উপসাগর থেকে মহাসাগর ব্যাপী সর্বত্র মুসলমানদের মধ্যে একটি ব্যাপক আশাবাদের সূচনা হয় যে, এই সম্মেলনের বাস্তবসম্মত সিদ্ধান্ত বলী শুধুমাত্র নিষ্কল উভেজনা সৃষ্টির পরিবর্তে সমস্ত আরব ও মুসলিম জনসাধারণকে পবিত্র জিহাদের পক্ষে পরিচালিত করবে। কিন্তু সম্মেলন অনুষ্ঠানের ফলে উদ্ভৃত উচ্চাশা দপ করে নিভে গেল কয়েকটি মিটিং হওয়ার পর। এর কতকগুলি কারণের মধ্যে সর্বাপেক্ষা বড় কারণ ছিল, কোনরূপ পূর্ব প্রস্তুতি না থাকা, যা সম্মেলনের মধ্যকার প্রতিটি মিটিংয়েই প্রবলভাবে বিরাজ করছিল। সম্মেলন অনুষ্ঠানের পূর্বে অবশ্যই সতর্ক পরিকল্পনা গ্রহণ করা উচিত ছিল, যাতে করে নির্দিষ্ট বিষয়বস্তুগুলোর উপরে বিস্তারিত আলোচনার অবতারণা করা সম্ভব হয়।

সম্মেলনে গৃহীত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ হ'ল আল-আকছা মসজিদে অগ্রিসংযোগের নিন্দা জ্ঞাপন ও ফিলিস্তীনী জনগণের ন্যায্য অধিকারের প্রতি সমর্থন দান। ইস্রাইলকে অধিকৃত আরব এলাকা থেকে তার সৈন্য প্রত্যাহারে বাধ্য করার লক্ষ্যে সম্মেলন ঐ সকল দেশের প্রতি আন্তরিক আবেদন জানায়। যাদের উপরে বিশ্বাস্তি নির্ভর করছে, যাতে তারা এ ব্যাপারে ব্যক্তিগত ও সমষ্টিগতভাবে তাদের প্রচেষ্টা জোরদার করেন।<sup>১০৮</sup>

এটা স্পষ্ট যে, সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ ছিল বেকার। আশা করা হয়েছিল যে, সম্মেলন জিহাদকালীন যরুবী অবস্থা ঘোষণা করবে এবং প্রত্যেক মুসলিম দেশকে আর্থিক ও নৈতিকভাবে দায়িত্বসমূহ ভাগ করে দেবে এবং এটা ও সিদ্ধান্ত নেবে যে, কি পদ্ধতিতে এবং কবে নাগাদ জিহাদ শুরু হবে।

নিশ্চিত ফল লাভের জন্য আরব ও ইসলামী বিশ্বের আবেগকে স্বচ্ছ করার অনুকূলে যে গতি সঞ্চার হয়েছিল তা ছিল একেবারেই পরিষ্কার। যদি আরবরা সেই গতির অনুসরণ করতে পারত, তাহ'লে তারা নিশ্চিতভাবে ইস্রাইলী আগ্রাসন ব্রহ্মতে শুধু পারতাই না; বরং জেরুয়ালেমের পবিত্র ভূমিতে আরব ও

১০৮. See the details of the statement, issued by the Congress in the Al-Ahram Newspaper of 26.9.69.

মুসলিম অধিকার পুনঃ প্রতিষ্ঠাতেও সক্ষম হ'ত। যদি আরবরা এখনও এই গতির অনুসরণে ব্যর্থ হয়, তাহ'লে ইস্রাইল রাষ্ট্র অবশ্যই একদিন নীল নদ থেকে ইউক্রেনিস পর্যন্ত বিস্তার লাভ করবে।

বিশ্ব ইহুদী আন্দোলন তাদের সম্প্রসারণবাদী লক্ষ্যসমূহ বাস্তবায়নের একটি সুপর্যালোচিত পরিকল্পনা পেশ করেছে। এই পরিকল্পনাটি গভীরভাবে অধ্যয়ন করলে এ কথা প্রমাণিত হয় যে, ইস্রাইল তার চূড়ান্ত সামরিক, রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক লক্ষ্যসমূহ অর্জনের পথে খুব ধীর ও দৃঢ় গতিতে অগ্রসর হচ্ছে।

১৮৯৭ সালে সুইজারল্যান্ডের ব্যাসল নগরীতে অনুষ্ঠিত প্রথম ইহুদী সম্মেলনে বিশ্ব ইহুদী সংবিধান (World Zionism Constitution) রচিত হয় এবং তাকে বাস্তবে রূপদানের জন্য প্রয়োজনীয় বিভিন্ন রাজনৈতিক ও অর্থনৈতিক সংগঠন ও প্রতিষ্ঠানসমূহ নিয়োজিত করা হয়। যার ফল স্বরূপ বিশ্ব ইহুদী আন্দোলনের অর্থনৈতিক ও নৈতিক সমর্থনে ইহুদী উদ্বাস্তুদের আগমন নিয়মবদ্ধ করা হয় এবং পূর্ব পরিকল্পনা অনুযায়ী তাদেরকে দিয়ে ১৯০৭ সাল থেকে প্যালেস্টাইনী আরব এলাকাসমূহে কলোনী স্থাপনের সূত্রপাত করা হয়।

১৯১৭ সালে বেলফোর চুক্তি হয়। এটি ছিল ইস্রাইলের সর্বাপেক্ষা বড় রাজনৈতিক বিজয়। কেননা এ চুক্তির ফলেই ইস্রাইল তৎকালীন সেরা ওপনিবেশিক শক্তি হ্রেট বৃটেনের বহু আকাঞ্চিত রাজনৈতিক সমর্থন লাভ করে।

১৯২৭ সালে প্যালেস্টাইনে ইহুদী উদ্বাস্তুদের সংখ্যা বৃদ্ধি পায় এবং তদনুযায়ী ইহুদী কলোনীর সংখ্যাও বেড়ে যায়। বিশ্ব ইহুদী আন্দোলন প্যালেস্টাইনের বিরাট এলাকায় জেঁকে বসে। তা চাই ক্রয়ের মাধ্যমে হোক, চাই বৃটিশ কর্তৃপক্ষের মাধ্যমে অন্যায়ভাবে জবর দখলের মাধ্যমে হোক।

১৯৩৭ সালে প্রথম বিপুল পরিমাণ অন্ত-শক্তি ও গোলাবারণ নিয়ে পরিত্র ভূমিতে নিয়মিত ইহুদী সেনাবাহিনী গঠনের সূত্রপাত হয়। এছাড়াও সেখানে ছিল বেশ কিছু সংখ্যক ইহুদী সন্ত্রাসবাদী সংগঠন।

১৯৪৭ সালে জাতিসংঘ প্যালেস্টাইনের একাংশে আইনগতভাবে ইহুদী স্বদেশ ভূমি (Jewish National Home) প্রতিষ্ঠার অধিকার অনুমোদন করে এবং সেমতে পার্টিশন ডিক্রি (Partition decree) ঘোষণা করে।

১৯৫৭ সালে ইস্রাইল পূর্ণ নৌ-স্বাধীনতা নিয়ে আকৃতা উপসাগর দিয়ে এশিয়া ও আফ্রিকায় ব্যবসা পরিচালনা করে এবং ইস্রাইলী বন্দর আইলটকে কাজে লাগায়।

১৯৬৭ সালে ইস্রাইল জর্ডানের পশ্চিম তীর, গায়া, সুয়েজ খালের কিনারা পর্যন্ত সিনাই এলাকা এবং সিরিয়ার (গোলান) মালভূমি দখল করে। যা ইস্রাইলের উত্তরাংশ জুড়ে আছে এবং যা মিসর, সিরিয়া ও লেবাননের স্বার্থে অতীব গুরুত্বপূর্ণ। লক্ষণীয় যে, ইস্রাইল প্রতি দশ বৎসর অন্তর পূর্ব পরিকল্পনা অনুযায়ী তার এক-একটি প্রধান লক্ষ্য হাতিল করে নিচ্ছে।

অধিকাংশ ঐতিহাসিক এ কথা স্বীকার করেন যে, ইহুদীদের সমস্ত প্রটোকল বা পরিকল্পনার খসড়সমূহ তাদের বিজ্ঞ ও বিচক্ষণ ব্যক্তিগণ ১৮৯৭ সালে সুইজারল্যাণ্ডে অনুষ্ঠিত প্রথম ইহুদী সম্মেলনে রচনা করেন। এই সম্মেলন ১৮৯৭-১৯৯৭ সাল পর্যন্ত আগামী একশত বৎসরের মধ্যে বিশ্ব ইহুদী সম্প্রসারণবাদ ও ইহুদী পুনর্বাসন পরিকল্পনার পূর্ণ বাস্তবায়নের সময় নির্ধারণ করে। আরব ও মুসলমানগণ কি ইহুদীদের উক্ত লক্ষ্য হাতিলের অনুমতি দেবেন?

## ॥৪ (পৃ. ১২০) ॥

ইস্রাইলের উপর আরব ও মুসলমানদের চূড়ান্ত বিজয় লাভের জন্য এবং সেই কঠিন বিপদের পরিসমাপ্তি ঘটানোর জন্য, যা তাদের রাজনৈতিক ও সাংস্কৃতিক ভবিষ্যতকে সংকটাপন্ন করে রেখেছে, প্রয়োজন কেবল একটি বস্তর। সেটি হ'ল আমাদের সমস্ত নৈতিক ও মানসিক যোগ্যতাকে সুসংবন্ধ করা। যাতে তা একটি যথাযোগ্য শক্তি হিসাবে গণ্য হয় এবং মধ্যপ্রাচ্যে শান্তি আনয়নে সক্ষম হয়। নিশ্চয়ই তা ইস্রাইলী সম্প্রসারণ ও ইহুদী পুনর্বাসন পরিকল্পনায় নেরাশ্য ডেকে আনবে। পক্ষান্তরে সমস্ত রাজনৈতিক প্রচেষ্টা ব্যর্থ হবে, যতদিন আরব ও মুসলিমগণ দুর্বল থাকবে। কিন্তু যখনই তারা শক্তিশালী হবে, তাদের সকল প্রচেষ্টা সফল হবে।

১৯৬৭ সালের পর থেকে ইস্রাইলকে নিন্দা করে ও অধিকৃত আরব এলাকা থেকে তাঁর সৈন্য প্রত্যাহার করে নেওয়ার দাবী জানিয়ে জাতিসংঘ নিরাপত্তা পরিষদে ও সাধারণ পরিষদে বহু প্রস্তাব গৃহীত হয়েছে। কিন্তু ইস্রাইল সকল প্রস্তাবকে পুরোপুরিভাবে এড়িয়ে গেছে। একটি সুষ্ঠু সমাধানে পৌছানোর জন্য জাতিসংঘ এবং চারটি বৃহৎ শক্তি রাজনৈতিকভাবে বহু প্রচেষ্টা চালিয়েছে। কিন্তু সেই সব প্রচেষ্টা পুরোপুরি ব্যর্থ হয়েছে। এখন সামরিক সমাধান ব্যতীত আরবদের জন্য অন্য কোন পথ খোলা নেই, যা কেবলমাত্র শক্তির উপরেই নির্ভর করে। কিন্তু এটা কিভাবে সম্ভব হবে?

### ॥৫ (পৃ. ১২১) ॥

১৩ হিজরী সনে হ্যরত খালেদ বিন ওয়ালীদ (রাঃ) সিরিয়া, লেবানন, প্যালেস্টাইন ও জর্ডান বিজয়ের উদ্দেশ্যে সৈন্য পরিচালনা করেন। তিনি রোমানদের বিরুদ্ধে সেই যুদ্ধ কৌশল অবলম্বন করেছিলেন, যেমন কৌশল তারা তাদের শক্তি পক্ষের বিরুদ্ধে ব্যবহার করত।

রোমান কৌশলের ভিত্তি ছিল এই যে, তারা সৈন্যদলকে সম্মুখ ভাগ, মধ্যভাগ ও পশ্চাত্তাগ, মোট তিনভাগে ভাগ করত এবং দুই পাশে দু'টি বিশেষ সেনা ইউনিট রাখত, ভিন্ন ভিন্ন সেনাপতির অধীনে প্রতিটি ব্যাটেলিয়নে ১০০০ হায়ার করে যোদ্ধা থাকত। এই ব্যাটেলিয়নকে (ল্যাটিন ভাষায়) ‘কারদাস’ (Kardous) বলা হ’ত।<sup>১০৯</sup>

খালেদ (রাঃ) ইতিপূর্বে আরবদের গৃহীত সকল কৌশল বাদ দিয়ে সম্পূর্ণ নতুন কৌশলে তার সেনাদলকে ৩৬টি কারদাসে ভাগ করলেন এবং রোমানদের বিরুদ্ধে ইয়ারমূকের ময়দানে সিদ্ধান্তকারী বিজয় লাভ করলেন।<sup>১১০</sup> খালেদ বিন ওয়ালীদ (রাঃ) যদি উক্ত যুদ্ধে আরবদের পুরাতন কৌশল অবলম্বন করতেন, তাহলে তিনি কখনোই জয় লাভ করতে পারতেন না।

১০৯. ১০০০ সৈন্যের প্রতিটি কারদাস ১০টি ডিভিশনে বিভক্ত থাকতো। বিস্তারিত দেখুন— Leaders of the conquest of Iraq and the Island, p. 167. ল্যাটিন ভাষায় ‘কারদাস’ বলা হ’লেও আরবীতে ‘কুরদুস’ (কুর্দুস) বলা হয়েছে।

১১০. আবারী, ৫৬৩-২; ইবনুল আঙ্গীর, ১৫৮-২।

ইস্রাইল সামগ্রিক যুদ্ধ পদ্ধতিতে (Collective war system) বিশ্বাস করে। এই যুদ্ধ পদ্ধতিতে সে তার সমস্ত বস্ত্রগত ও নেতৃত্বক যোগ্যতাকে কাজে লাগায় এবং যুদ্ধের পিছনে নিয়োজিত করে।

১৯৬৭-এর জুন যুদ্ধে ইস্রাইল তার পূর্বা জনশক্তির ১১ শতাংশকে যুদ্ধে নিয়োজিত করে। অথচ আরবরা করেছিল মাত্র ৩০০০ হায়ার ব্যক্তিকে। ইস্রাইল তার অন্যান্য বস্ত্রগত যোগ্যতাকেও যুদ্ধের সময় কাজে লাগায়। এমনকি হকারদের ব্যবহৃত ঠেলাগাড়ীও যুদ্ধের ময়দানে বিশেষ প্রয়োজনে ব্যবহার করা হয়। সে তুলনায় আরবরা তাদের বস্ত্রগত যোগ্যতাসমূহের কতটুকু যুদ্ধে লাগাতে পেরেছে? ইস্রাইল তার পূর্বা নেতৃত্বক শক্তিকে যুদ্ধে লাগাতে সক্ষম ছিল। সে তুলনায় আরবরা কতটুকু তাদের নেতৃত্বক সামর্থ্যকে কাজে লাগাতে সক্ষম হয়েছে?

আরব ও মুসলিমদের সামগ্রিক যুদ্ধের পথ বেছে নিতে হবে। যে পদ্ধতির অনুসরণ করত আরবরা ১৪০০ শত বৎসর পূর্বে। যেমন পাক কালামে বলা হয়েছে :

‘তোমরা অভিযানে বেরিয়ে পড় হালকা অথবা ভারী রণ সম্ভার নিয়ে এবং জিহাদে ঝাঁপিয়ে পড় আল্লাহর রাস্তায় তোমাদের জান ও মাল নিয়ে। এটাই তোমাদের জন্য শ্রেয় যদি তোমরা বুঝ’ (তওবা ৯/৪১)।

আমাদের সেই সব পূর্ব পুরুষ বীর-যোদ্ধাদের উত্তরসূরী সন্তানেরা কি বিংশ শতাব্দীতে এসে পুনরায় সামগ্রিক যুদ্ধ কৌশল প্রয়োগে সক্ষম নয়? চূড়ান্ত বিজয় লাভের জন্য কোন নিয়মিত সেনাবাহিনী কোনদিন এককভাবে দায়িত্ব নিতে পারে না। বরং সমগ্র জাতি এর জন্য দায়িত্বশীল। সেনাবাহিনী সম্মুখভাগ (Spar-head) হিসাবে যুদ্ধ করে মাত্র। কোন আরব বা মুসলিম সাধারণ নাগরিক নিজেকে এ ব্যাপারে কোনরূপ দায়িত্বমুক্ত বলে দাবী করতে পারে না এবং নিজেকে একজন সাধারণ দর্শক হিসাবে ভাবতে পারে না।

প্রত্যেক আরব ও মুসলিম জনশক্তিকে এমন ঠিক ঠিক প্ল্যান মোতাবেক যুদ্ধের পিছনে নিয়োজিত করতে হবে, যাতে প্রত্যেক সৈনিক বুঝতে পারে যে, তার কাজ কি এবং কিভাবে সে কাজ সর্বোত্তম পদ্ধায় সম্পাদন করা যাবে।

অন্ত বহনে সক্ষম প্রত্যেক ব্যক্তিকে ভালোভাবে অন্ত চালনার প্রশিক্ষণ দিতে হবে এবং শিখতে হবে কিভাবে যুদ্ধের সময়ে অন্য সৈন্যদের সহযোগিতা করতে হয়। যুদ্ধের জন্য প্রয়োজনীয় বিভিন্ন অন্ত-শত্রু দ্বারা তাদেরকে সুসজ্ঞিত করতে হবে। শুধু তাই নয়, তাদেরকে একটি দায়িত্বশীল কম্যাণ্ডের অধীনে একটি ইউনিটে সুসংগঠিত করতে হবে।

আরব ও মুসলিম জনশক্তিকে দু'ভাগে বিভক্ত করা যেতে পারে :

(ক) যারা ইস্রাইলের প্রতিবেশী (Those neighbouring to Israel p. 124) :

এই এলাকার সকল অন্ত বহনে সক্ষম লোকদেরকে নিয়মিত সেনাবাহিনীতে যোগ দিতে হবে অথবা শক্র লক্ষ্য হ'তে পারে এমন ধরনের গুরুত্বপূর্ণ অবস্থানসমূহের রক্ষী হিসাবে থাকতে হবে অথবা 'ফেদাইন' উদ্ধারকারী সংগঠনে (Fedayiin Redeemers Organization) যোগদান করতে হবে। প্রত্যেক ব্যক্তির নির্দিষ্ট দায়িত্ব থাকবে এবং সে তা প্রতিপালনে যথাসাধ্য চেষ্টিত থাকবে।

(খ) যারা ইস্রাইলের প্রতিবেশী নয় (Those not neighbouring to Israel p. 124) :

তাদের মধ্যে অন্ত বহনে সক্ষম ব্যক্তিগণ সরাসরি নিয়মিত সেনাবাহিনীতে যোগদান করবে অথবা ঐ সমস্ত যেলার স্থায়ী সেনা ইউনিটে যোগদান করবে, যেসব এলাকা থেকে সরাসরি দুশমনের বিরুদ্ধে হামলা করা সম্ভব হয়। যেমন জর্ডান, সিরিয়া বা মিসর।

॥ ৬ (পৃ. ১২৫) ॥

অন্তবহনে সক্ষম আরব ও মুসলিম জনসাধারণের প্রশিক্ষণ, সংগঠন ও তাদেরকে প্রয়োজনীয় অন্তসহ যুদ্ধে যোগান দেওয়ার জন্য আবশ্যিক উচ্চতর গুণসম্পন্ন সামরিক কম্যাণ্ডের।

এই কম্যাণ্ডকে দুই ধরনের সমর্থনের উপর নির্ভর করতে হবে। (১) নৈতিক সমর্থন ও (২) বস্ত্রগত সমর্থন।

নৈতিক সমর্থন অত্যন্ত ফলদায়ক যা সৈন্যদের মধ্যে অর্থ ও জীবনের যেকোন মূল্যের বিনিময়ে জয় লাভ না করা পর্যন্ত যুদ্ধে নিয়োজিত থাকার ঘত কঠিন মনোবল সৃষ্টি করে।

৬৩৪ খ্রিষ্টাব্দ মুতাবিক ১৩ হিজরী সনে মুসলিম ও রোমক সেনাবাহিনীর মধ্যে ঐতিহাসিক ইয়ারমুকের চূড়ান্ত যুদ্ধ শুরু হবার পূর্ব মুহূর্তে একজন সৈনিক প্রধান সেনাপতি খালেদ বিন ওয়ালীদ (রাঃ)-কে উদ্দেশ্য করে বলল, ‘রোমক বাহিনী কি বিরাট সে তুলনায় মুসলিম বাহিনী কতই না ক্ষুদ্র’! উভরে খালেদ (রাঃ) সাথে সাথে বললেন, ‘রোমক বাহিনী কতই না ক্ষুদ্র, মুসলিম বাহিনী তার তুলনায় কি বিরাট! কেননা জয়লাভের ফলে সৈন্যসংখ্যা বাড়ে এবং পরাজয়ের ফলে কমে যায়’।<sup>১১১</sup>

খালেদ বিন ওয়ালীদ (রাঃ) এর দ্বারা কি বুঝাতে চেয়েছিলেন? তিনি সৈন্যবল ও অস্ত্রবলকে অধিক গুরুত্ব দেননি। বরং গুরুত্ব দিয়েছিলেন বিশেষ করে সেনাবাহিনীর ও সাধারণভাবে জনগণের নৈতিক মনোবলকে। নেপোলিয়ন (১৭৬৯-১৮২১ খৃ.) বলতেন, ‘নৈতিক শক্তির সাথে বস্ত্রগত সামর্থ্যের তুলনার হার হ'ল ৩ : ১। অর্থাৎ একটি সেনাবাহিনীর নৈতিক শক্তির মূল্যায়ন হ'ল শতকরা ৭৫ ও বাকী ২৫ হ'ল বস্ত্রগত সামর্থ্যের।’<sup>১১২</sup>

বড় বড় সামরিক নেতৃবৃন্দ ও সামরিক দর্শনের ব্যাখ্যাকারণগণ নেপোলিয়নের উক্ত মতকে স্বীকার করে নিয়েছেন।

জেনারেল ফাউলার (Fowler) নামক জনৈক আধুনিক বিশেষজ্ঞ নেপোলিয়ানের উক্ত মতের বিরোধিতা করেছেন। তিনি তার *Arms and History* নামক বইয়ে লেখেন যে, যুদ্ধের সময় নৈতিক ও বস্ত্রগত শক্তি-

قالَ رَجُلٌ لِّخَالِدٍ: مَا أَكْثَرَ الرُّومَ وَأَقْلَ الْمُسْلِمِينَ! فَقَالَ خَالِدٌ: مَا أَقْلَ الرُّومَ وَأَكْثَرَ  
১১১. (আবারী ৩/৩৯৮) الْمُسْلِمِينَ! إِنَّمَا تَكْثُرُ الْجُنُودُ بِالنَّصْرِ وَتَقْلُبُ الْجِنْدُلَانِ۔

১১২. Napoleon used to say : The importance of morale in comparison to material forces is in the ratio of 3:1 or in other words the morale evaluation of an army counts 75 percent while the material evaluation counts only 25 percent. p. 126.

সামর্থ্যের আপেক্ষিক গুরুত্ব সমান সমান। তিনি নীতিগতভাবে (in principle) নেপোলিয়নের মতকে সমর্থন করেছেন। কিন্তু আধুনিক অন্তর্শক্তির বিস্তারিত আলোচনায় (in details) যেয়ে উক্ত মতের সঙ্গে বৈপরীত্যও প্রকাশ করেছেন।<sup>১১৩</sup>

মনোবল (Morale) একটি মতবাদের (Doctrine or dogma) সঙ্গে তুলনীয় (Synonymous)। কোন সেনাবাহিনী বা কোন জনতার পক্ষে জয়লাভ সম্ভব নয় একটি মতবাদ ছাড়া, যাকে সে বিশ্বাস করে এবং তা রক্ষার জন্য জীবন ও সম্পদ কুরবানী করে।

একই জাতিভুক্ত জনগণের মধ্যে এবং একই সেনাবাহিনীর সৈনিকদের মধ্যে মন ও হৃদয়ের ঐক্য প্রতিষ্ঠার মূল উৎস হ'ল মতবাদগত ঐক্য। এই ঐক্যবোধ সকল ব্যক্তি ও গ্রহপের মধ্যে এবং জনস্বার্থের সেবায় সকলকে পারস্পরিক সহযোগিতার সাথে পরিচালিত করে।

মতবাদের ভিন্নতা একটি সেনাবাহিনী বা একটি জাতিকে পারস্পরিক সহযোগিতা থেকে বিরত রাখে। বরং তা একটি সৈন্যদলকে সশন্ত্ব বাদক দলে এবং একটি জাতিকে দ্বন্দ্বমুখর জনগোষ্ঠীতে পরিণত করে।<sup>১১৪</sup> আরবদের মতবাদ (Doctrine) হ'ল ইসলাম<sup>১১৫</sup>, যা তাদেরকে যুগ যুগ ধরে বিজয়ের পথে পরিচালিত করে আসছে। যখন তারা দুর্বল হয়ে পড়েছে, তখন ইসলাম তাদেরকে পুরাপুরি ধ্বংস হয়ে যাওয়ার হাত থেকে রক্ষা করেছে।

ইসলাম আরবদের অন্তঃকরণসমূহকে আত্মসংযম, নিয়মগ্রীতি এবং সত্যের জন্য শাহাদত বরণের গভীর আগ্রহে ভরপুর করে দিয়েছে। ইসলাম আরবদের শাহাদত লাভকে শ্রেষ্ঠতম বিজয় হিসাবে দেখতে শিখিয়েছে এবং তাদেরকে আত্মর্যাদাও দিয়েছে এই গভীর বিশ্বাস যে, পৃথিবীতে তাদের কিছু করণীয় আছে।

১১৩. বিস্তারিত দেখুন- The Arab Military Unity, p.129-30.

১১৪. Differences with regard to doctrines among the members of the same army or same nation prevent co-operation and transform an army into armed bands and a nation into conflicting masses. p.127.

১১৫. ইসলাম কোন মতবাদের নাম নয়। বরং একটি পথের নাম। যা এসেছে আল্লাহর পক্ষ হ'তে শেষনবী মুহাম্মদ (ছাঃ)-এর মাধ্যমে। অন্যদের সঙ্গে তুলনামূলক আলোচনা করতে গিয়ে সম্ভবতঃ মাননীয় লেখক ‘মতবাদ’ বলে থাকবেন। -অনুবাদক।

ইবনে খালদুন (৭৩২-৮০৮ হি./১৩৩২-১৪০৬ খৃ.) আরবদের জন্য একটি মতবাদের গুরুত্ব উপলব্ধি করেছিলেন। তিনি তার ‘আল-মুক্কাদিমা’ (Introduction) গ্রন্থে লেখেন যে, ‘আরবরা কখনোই সার্বভৌম ক্ষমতা লাভ করতে পারবে না, যতক্ষণ না একটি গভীর ধর্ম বিশ্বাসকে তারা বরণ করতে পারবে। যা নবুঅত অথবা কোন মহান উত্তরাধিকার দ্বারা অনুপ্রাণিত হবে।’<sup>১১৬</sup>

ইসলাম থাকলে আরবরা থাকবে। ইসলাম না থাকলে আরবরা ধ্বংস হবে।<sup>১১৭</sup> আরবদের ব্যাপারে যা সত্য, বিশ্বের সকল অঞ্চলের মুসলিমদের জন্য তা সত্য। আরব এবং মুসলিমগণ ইহুদীদের সঙ্গে লড়াই করছে। ইহুদীরা তাদের মতবাদের সঙ্গে সকলে গভীরভাবে সম্পৃক্ত, যা ইহুদী ধর্ম দ্বারা অণুপ্রাণিত।

ইহুদী সেনাবাহিনীতে বহুসংখ্যক পুরোহিত রয়েছে। যারা প্রধান সামরিক পুরোহিতের অধীনে পরিচালিত। এই পুরোহিতগণ অন্যান্য সৈন্যদের চেয়ে আলাদা কর্তৃত্ব ভোগ করে।

বাইবেলের উপরে সেনাবাহিনীর মধ্যে প্রশ্নোত্তর পরিচালিত হয়। তাতে বিজয়ী সৈনিকদেরকে সম্মানিত করা হয় এবং তাদের মূল্যবান পুরস্কার দেওয়া হয়।

সকল স্তরের ইহুদী অফিসারগণ ‘ক্রন্দনরত দেওয়ালের’ (Wailing wall) পাশে গিয়ে তাদের নিয়মিত ধর্মীয় অনুষ্ঠানসমূহ পালন করে। যেখানে ইস্রাইলী ছাত্রিসেনারা (Parachute unit) একহাতে বন্দুক অপর হাতে বাইবেল নিয়ে আনুগত্যের শপথ গ্রহণ করে।<sup>১১৮</sup>

১৯৭০ সালের ২৬শে ডিসেম্বর যখন চারবার্গ (Cherbourg) বন্দর থেকে ছয়টি সামরিক মোটরবোট চুরি হয়ে যায় এবং পরে তা নিরাপদে হাইফা বন্দরে ফিরে আসে, তখন মোশে দায়ান বলেছিলেন, মোটর বোটগুলো বিনা সৈন্য প্রহরায় পরিচালিত হয়েছে। এগুলি সাগরের মাঝ থেকেই পুনরায় জ্বালানী নিতে সক্ষম হয়েছে এবং নিরাপদে ফিরে এসেছে। এটা এজন্য নয়

১১৬. বিস্তারিত দেখুন- Introduction, by Ibn Khaldun. Beirut 1967. p. 266-1.

১১৭. বিস্তারিত দেখুন- Arab Military Union, p. 134-35.

১১৮. The British newspaper : The Guardian' quoting the 'Al-Jamhouria' paper of Cairo, dated 31.3.1969.

যে, তাদের প্রত্যেকটিতে চারটি করে মোটর ছিল। বরং কেবল এজন্যই সম্ভব হয়েছে যে, স্বর্গীয় সুর ও আত্মা দ্বারা এগুলি পরিচালিত হয়েছিল। পবিত্র বাইবেলে এ কথাই বলা হয়েছে যে, যখন পৃথিবী দুন্দ-সংঘাতে ভরে যাবে, তখন খোদায়ী আত্মা পানির উপরে ভেসে বেড়াবে’।<sup>১১৯</sup>

এটা জানা কথা যে, কোন মতবাদের সাথে প্রতিদ্বন্দ্বিতা করা যায় না বা তাকে চ্যালেঞ্জ করা যায় না অন্য একটি মতবাদ ছাড়া এবং একটি বিশ্বাসকে অপর একটি বিশ্বাস ছাড়া।

উপরের আলোচনা আরব ও মুসলিম সেনাবাহিনীর জন্য কেবলমাত্র ধর্মীয় নেতৃত্বের গুরুত্বের প্রতিই ইঙ্গিত করে।

॥ ৭ (পৃ. ১২৯) ॥

দ্বিতীয় সমর্থন, যার উপরে আরব ও মুসলিম সামরিক কর্ম্যাণ্ডলো নির্ভর করে, সেটি হ'ল অর্থ (Money)। অর্থ যুদ্ধের জন্য স্নায়ু সদৃশ। অর্থ ছাড়া যুদ্ধ পূরোপুরি ব্যর্থ হ'তে বাধ্য।

যোদ্ধাদের জন্য প্রয়োজন প্রশিক্ষণ, অস্ত্র-শস্ত্র, সাজ-সরঞ্জাম, খাদ্য সরবরাহ, মেডিকেল যান ও অন্যান্য যানবাহন এবং নেতৃত্ব। অর্থ থাকলে এগুলির ব্যবস্থা করা সম্ভব। কিন্তু অর্থ না থাকলে এসবের কিছুই যথাযথভাবে করা সম্ভব নয়। সাধারণ যোদ্ধাদের জন্য যা প্রয়োজন হয়, নিয়মিত বাহিনী ও গেরিলা যোদ্ধাদের জন্য তাই-ই প্রয়োজন হয়ে থাকে। যোদ্ধাদের উচ্চ মনোবল যুদ্ধ জয়ের একটি প্রধান হাতিয়ার। কিন্তু এই শক্তি বজায় থাকতে পারে না, যদি না তারা বুঝতে পারে যে, তাদের পরিবার সচল অবস্থায় আছে।

সৈনিকদের যে বেতন দেওয়া হয়, তা পর্যাপ্ত হওয়া উচিত। যাতে তাদের পরিবারবর্গ ভালোভাবে জীবন যাপন করতে পারে। কেননা এটা আশা করা কখনোই যুক্তিযুক্ত নয় যে, একজন সৈনিক যুদ্ধের ঝুঁকি ও কষ্ট বরণ করে নেবে, অথচ তার চিন্তা-ভাবনা থাকবে যুদ্ধের ময়দান থেকে বহু দূরে স্বীয়

১১৯. The 'Al-Jamhouriah', dated 16.1.1970. এগুলি স্বেফ মন্ত্রণালয়ে রাজনৈতিক স্ট্যান্টবাজি ছাড়া কিছুই নয়। - অনুবাদক।

পরিবারের কাছে। বিশেষ করে যদি সে তার পরিবারের একমাত্র উপর্যুক্তি হয়, যার অভাবে পরিবার উপোস থাকবে।

প্রত্যেক সৈনিকের জন্য নির্ধারিত আর্থিক আয় নিশ্চিত করতে হবে। পরিত্র যুদ্ধ বা জিহাদ পরিচালনার জন্য দান বা চাঁদার উপরে পূরোপুরি নির্ভরশীল হ'লে চলবে না, যা কখনো উল্লেখযোগ্য হারে আবার কখনো অল্পমাত্রায় সংগৃহীত হয়। এমনকি কখনো এর প্রয়োজনীয় সংগ্রহের অভাবে যুদ্ধ বন্ধও হয়ে যেতে পারে।

প্যালেস্টাইনকে কলোনী বানানোর জন্য চাঁদা সংগ্রহের সিদ্ধান্ত নেয়া হয় ১৮৯৭ সালে প্রথম ব্যাসল সম্মেলনেই। সে মতে সম্মেলন শেষ হওয়ার সাথে সাথে কতকগুলো প্রতিষ্ঠান গঠিত হয় কেবল চাঁদা সংগ্রহের উদ্দেশ্যেই। ১৮৯৮ সালে ‘ইহুদী ব্যাংক’ প্রতিষ্ঠিত হয় কলোনীসমূহের জন্য। ১৯০১ সালে গঠিত হয় ‘জাতীয় ইহুদী ফাণ্ড’। ইহুদী, নন-ইহুদী সকলেই বিশ্বব্যাপী চাঁদা সংগ্রহ অভিযান শুরু করেন এবং সকল প্রকারের মাধ্যম এজন্য ব্যবহার করা হ'তে থাকে।

পৃথিবীর যেকোন প্রান্তের একজন মাত্র ইহুদীও উক্ত ফাণ্ডে প্রতি মাসে একটা নির্দিষ্ট হারে চাঁদা দিতে বাধ্য। যার যে চাঁদা ধরা হয়, তার চাইতে সে কমাতেও পারে না এবং তা থেকে বিরত থাকতেও পারে না। যে চাঁদা তার উপরে ধার্য করা হয়, তা তার মাসিক আয়ের অনুপাতেই ধরা হয়। যাতে তার উপরে সাধ্যাতীত বোৰা না হয়ে পড়ে। তহবিল সংগ্রহের যে নির্দিষ্ট পথ-পদ্ধা রয়েছে, তাতে ইহুদীরা তাদের জন্য একটা নির্দিষ্ট বাজেট তৈরী করতে পারে, যা সংকটকালে বা অজানা কোন দুর্ঘটনার ফলে ক্ষতিগ্রস্ত হয় না।

এমনিভাবে আরব রাষ্ট্রসমূহের সরকার ও জনগণ এবং অন্যান্য মুসলিম রাষ্ট্রসমূহের সরকার ও জনগণ সকলে মিলে ফিলিস্তীনী যোদ্ধাদের জন্য প্রয়োজনীয় তহবিল সংগ্রহের চেষ্টা চালানো উচিত। আরবদের উচিত একটি ‘প্যালেস্টাইন ফাণ্ড’ প্রতিষ্ঠা করা। যার শাখা প্রতিটি মুসলিম দেশে থাকবে। যার একমাত্র উদ্দেশ্য হবে যোদ্ধাদের জন্য প্রয়োজনীয় তহবিল যোগানো, তাদের বেতন প্রদান, তাদের পরিবার পোষণ এবং শহীদ যোদ্ধাদের পরিবার সমূহকে উপযুক্ত ক্ষতিপূরণ দান।

এসব তহবিলে অর্থ সংগ্রহ হবে সুনির্দিষ্ট চাঁদা সংগ্রহ এবং আয়ের এক-দশমাংশ (One-tenth) (ওশর) গ্রহণের মাধ্যমে। যেহেতু আল্লাহহ, স্বীয় পাক কালামে তাঁর রাস্তায় নিজ নিজ আয় থেকে ব্যয় করার নির্দেশ দিয়েছেন।

আমি অতি আশাবাদী হ'তে চাই না। তবে আমি গভীরভাবে বিশ্বাস করি যে, আরব এবং মুসলমানদের মধ্যে বহু গুণী ব্যক্তি রয়েছেন। যারা আল্লাহ'র রাস্তায় তাদের সবকিছু বিলিয়ে দিতে প্রস্তুত। তথাপি কল্পিত অংকের অর্থ সংগ্রহের পথে যেসব প্রতিবন্ধক খাড়া হয়, তার কারণ হ'ল, বহুসংখ্যক তহবিল সংগ্রহকারী প্রতিষ্ঠান থাকার ফলে এমন আগ্রহী দাতা আছেন, যারা বুঝতেই পারেন না যে, কোথায় টাকাটা দিতে হবে।

প্রত্যেক যেলা, নগরী, শহর ও গ্রামে নিয়োজিত প্যালেস্টাইন তহবিলের আদায়কারীগণ অবশ্যই নিজ নিজ এলাকায় সাধুতা ও আনুগত্যের জন্য প্রসিদ্ধ হবেন। যারা প্রত্যেক চাঁদা দাতাকে পৃথক পৃথক রশিদ দেবেন, যা প্যালেস্টাইনী যোদ্ধাদের জন্য চাঁদার প্লাবন দেকে আনবে।

যারা ধর্মের সেবায় নিয়োজিত, তারা এ ব্যাপারে বড় সাহায্যকারী হ'তে পারেন। প্যালেস্টাইনী যোদ্ধাদের সেবায় ও প্যালেস্টাইন স্বার্থের পক্ষে খিদমত আঞ্জাম দিয়ে তারা বিশ্বের সম্মুখে প্রমাণ করে দিতে পারেন যে, তারা যা বক্তৃতা করেন, তা কেবল শূন্যগর্ভ কথার ফুলবুরি নয়।

বিজ্ঞ সামরিক কম্যাণ্ড জিহাদকে একটি গঠনমুখী বাস্তব কর্মকাণ্ডে পরিণত করতে পারেন। নীচ থেকে উপর পর্যন্ত যোদ্ধাদের সংগঠন কিভাবে হবে, তার একটি বিস্তৃত ধারা নিম্নে বর্ণিত হ'ল :<sup>১২০</sup>

(ক) প্রতিটি আরব ও মুসলিম নগরীতে সৈনিকদের জন্য সামরিক কম্যাণ্ডের একটি কমিটি থাকবে। এই কমিটিতে নিয়মিত বা অবসরপ্রাপ্ত সেনাবাহিনীর কমিশন্ড ও নন-কমিশন্ড অফিসারদের মধ্য থেকে যারা উচ্চ দক্ষতা ও গভীর আনুগত্যের জন্য খ্যাত, তাদেরকে নেয়া হবে।

এই কমিটির প্রধান কাজ হবে যোদ্ধাদের একত্রিত করা, তাদেরকে অন্ত-শন্ত্র ও সাজ-সরঞ্জাম সরবরাহ করা, তাদেরকে বিভিন্ন সৈন্যদলে (Regiment) সংগঠিত করা এবং অবশেষে তাদেরকে যুদ্ধের ময়দানে পাঠানোর জন্য পরিবহনের ব্যবস্থা করা।

১২০. পরিশিষ্ট 'ক'-তে বিস্তারিত চিত্র দেখুন।

সাধুতা, ন্যায়পরায়ণতা ও জ্ঞানবত্তায় প্রসিদ্ধ জাতির আধ্যাত্মিক নেতাদের সমন্বয়ে একটি আধ্যাত্মিক কম্যাণ্ড কমিটি গঠন করতে হবে। যারা জান ও মালের তোয়াক্তা না করে যেকোন মূল্যের বিনিময়ে যুদ্ধ চালিয়ে যাওয়ার জন্য সৈন্যদের ঈমানকে উদ্বৃত্তি করার মাধ্যমে সামরিক কম্যাণ্ড কমিটিকে সাহায্য করবেন।

আধ্যাত্মিক কম্যাণ্ড কমিটিকে অধিকতর ফলদায়ক করার জন্য বেশ কিছু সংখ্যক আধ্যাত্মিক নেতাকে স্বেচ্ছাকৃতভাবে সক্রিয় সেবাদান করতে হবে।

উপরোক্ত দু'টি কমিটি বাদে (ক) সৎ ও অনুগত ব্যক্তিদের দিয়ে একটি ‘অর্থ কমিটি’ থাকবে। যাদের কাজ হবে প্রয়োজনীয় তহবিল সংগ্রহ করা। অন্ত্র-শস্ত্র, গোলা-বারংদ ও অন্যান্য প্রয়োজনীয় সাজ-সরঞ্জাম ক্রয় করা। আর্থিক উৎসগুলি নিয়ন্ত্রণ করা, সেনাবাহিনীর সদস্যদের বেতন দেওয়া, তাদের পরিবারের ভরণ-পোষণ করা এবং শহীদ পরিবারগুলোর দেখাশুনা করা।

(খ) প্রত্যেক আরব ও মুসলিম দেশে একটি করে আঞ্চলিক কম্যাণ্ড কমিটি থাকবে। যাতে উচ্চপদস্থ সামরিক অফিসার ও নন কমিশন্ড স্বেচ্ছাসেবীগণ থাকবেন।

এই কমিটির কাজ হবে বিভিন্ন কমিটির মধ্যে কাজের সমন্বয় করা, যাতে এটা সব সময় নিশ্চিতভাবে জানতে পারা যায় যে, সৈন্যরা যথাযথভাবে অন্ত্র সজ্জিত আছে এবং প্রয়োজন দেখা দিলেই সাথে সাথে তাদেরকে যুদ্ধের ময়দানে পাঠানোর ব্যবস্থা করা যাবে। এছাড়া এ কমিটি অর্থ সংক্রান্ত কমিটি ও আধ্যাত্মিক কমিটিকেও তাদের কার্যে সহায়তা দান করবে।

(গ) জেনারেল কম্যাণ্ড কাউন্সিলের কেন্দ্র থাকবে যুদ্ধ ক্ষেত্রে এবং তার কাজ হবে আরব ও মুসলিম যোদ্ধাদেরকে যুদ্ধের ময়দানে পরিচালনা করা।

এই কমিটিতে থাকবেন উচ্চপদস্থ সামরিক অফিসারগণ। যারা তাদের সাধুতা, বাস্তব অভিজ্ঞতা, উচ্চতর সামরিক প্রশিক্ষণ, সাহস, দৃঢ়চিত্ততা ও প্রথম পদক্ষেপ গ্রহণের শক্তির জন্য প্রসিদ্ধ। একজন ভাল নেতার জন্য উপরোক্ত গুণগুলি খুবই পরিচিত। কিন্তু আমি এখানে সাধুতাকেই সবার উপরে জোর দিতে চাই।

নিম্নে এর একটি উদ্ভূতির সার সংক্ষেপ উল্লেখ করা হচ্ছে। যা নেওয়া হয়েছে আল-হারছামী (Al-Harthamy মৃ. ২৪৩ হি.) প্রণীত A Summary of War Policies নামক গ্রন্থ (পৃ. ১৫) থেকে। সেখানে বলা হয়েছে যে, ‘একজন সেনানায়ক অবশ্যই নিজেকে আল্লাহভীতির অন্ত্রে সজ্জিত করবে। সে কখনোই আল্লাহ’র নিকট বিনীতভাবে ক্ষমা প্রার্থনা করা থেকে বিরত হবে না। সে তাঁর উপরেই সম্পূর্ণরূপে বিশ্বাস স্থাপন করবে এবং প্রার্থনা করবে তিনি যেন তাঁর জন্য বিজয় ও নিরাপত্তা মঙ্গুর করেন। তাকে নিজের দুর্বলতা ও অসামর্থ্যতা সম্পর্কে সদা সজাগ থাকার সাথে সাথে স্বর্গীয় হৃদায়ত ব্যতিরেকে সে যে কিছুই করতে পারে না, সে কথাও মনে রাখতে হবে। তাকে সর্বদা আল্লাহ’র অনুগ্রহ ও সাহায্য কামনা করতে হবে। একজন নেতা যখন বিজয়ী হবেন, তখন তাকে অবশ্যই যাবতীয় পাপ, ঈর্ষা ও প্রতিহিংসা পরায়ণতা হ’তে বিরত থাকতে হবে। তাকে সুবিচারক হ’তে হবে। জনগণের মঙ্গলের প্রতি মনোযোগী হ’তে হবে এবং সর্বদা সকল কাজে আল্লাহ’র উপর ভরসা করতে হবে’।

হারছামী উপরে যেসব গুণের কথা বলেছেন, এসব গুণের কথা আমাদের সকল প্রাচীন আরব ও মুসলিম লেখকগণ বলেছেন। কিছু লোক আছেন যারা আরব ও মুসলিম মনীষীদের মতামতে সম্পৃষ্ঠ হ’তে চান না। এ ব্যাপারে তারা বরং বিদেশী লেখকদের মতামতের দিকেই বেশী মনোযোগ দিতে চান।

এসব লোকের জন্য আমি জেনারেল মন্টগোমারীর (Montgomery) একটি মত উদ্ভূত করতে চাই তাঁর The Road to Command নামক বই থেকে। যা ১৯৬৫ সালে প্রকাশিত হয়েছে এবং যাতে সামরিক কম্যাণ্ডের উপর এ যাবৎকালের সর্বশেষ গবেষণাকর্ম উপস্থাপন করা হয়েছে। মন্টগোমারী লিখেছেন, ধর্ম এবং সামরিক কম্যাণ্ডের মধ্যে কোন সম্পর্ক আছে কি? একজন নেতার জন্য অবশ্যই থাকতে হবে আদর্শসমূহ (Ideals), যার প্রতি তিনি যত্নবান হবেন এবং থাকতে হবে ধর্মীয় গুণাবলী যা তিনি ধারণ করবেন। তিনি আরও বলেন, একজন নেতার ব্যক্তিগত জীবন কি তার পেশার (Career) উপর কোন প্রভাব বিস্তার করে? কিংবা তাকে সাফল্য অর্জনে সহায়তা করে? আমার মতে নেতা হওয়ার জন্য প্রধান বিষয় হ’ল তার বিশ্বস্ততা (Loyalty),

তার দৃষ্টান্তমূলক চরিত্র এবং বিশেষ করে ধর্মীয় গুণাবলীর প্রতি আনুগত্য। আমি বুঝতেই পারি না, একজন ব্যক্তি কিভাবে নেতা হ'তে পারেন, যদি তার ব্যক্তিগত জীবন সন্দেহের উর্ধ্বে না হয়। আমি বিশ্বাস করি যে, একজন নেতার সফলতার জন্য নেতৃত্বিক ও ধর্মীয় গুণাবলী সহ ন্যায়পরায়ণতাই সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বিষয়’।

একজন নেতার জন্য যা সত্য, সৈনিকদের জন্য তাই-ই সত্য।

আরব বিজয়ের পরবর্তীকালের অধিকাংশ আরব ও মুসলিম নেতাগণ, যারা বিরাট বিরাট বিজয় অর্জন করেছেন, সকলেই ছিলেন অত্যন্ত ধার্মিক। এখানে কয়েকজনের নাম উল্লেখ করাই যথেষ্ট মনে করছি। যেমন গায়ী ছালাহুদ্দীন আইয়ুবী (৫৩২-৫৮৯ ই. / ১১৩৮-১১৯৩ খ.), যিনি ১১৮৭ খ্রিস্টাব্দে জেরুয়ালেমে ক্রুসেডারদের পরাজিত করেছিলেন। আল-মুয়াফফার সাইফুদ্দীন কুতুয় (ম. ৬৫৮ ই. / ১২৫৯ খ.), যিনি ৬৫৮ হিজরীতে ‘আইনে জালূত (Ain jalout) নামক স্থানে তাতারদের পরাজিত করেন। উচ্চান্নীয় খলীফা সুলতান মুহাম্মদ আল-ফাতেহ (৮৩৩-৮৮৫ ই. / ১৪২৯-১৪৮০ খ.), যিনি ১৪৫৩ খ্রিস্টাব্দে কনস্ট্যান্টিনোপল জয় করেন। এইসব নেতাগণ সকলেই ছিলেন অত্যন্ত ধার্মিক।

ইয় বিন আবুস সালাম (৫৭৭-৬৬০ ই. / ১১৮১-১২৬১ খ.) এবং শেখ আবুল হাসান আশ-শায়িলী আল-মাগরেবী (৫৭১-৬৫৬ ই. / ১১৭৫-১২৫৮ খ.) নামক দুইজন ইমাম তাতারদের বিরুদ্ধে জয়লাভে কুতুয়কে সাহায্য করেন। তাদের অবিরত ধর্মীয় প্রচারণার ফলে কুতুয় বুঝতে সক্ষম হন যে, পরিশেষে একমাত্র জিহাদই সুলানদারগণকে চূড়ান্ত বিজয় অথবা গৌরবমণ্ডিত শাহাদতের পথে পরিচালিত করতে পারে।

আমরা এখন সবচাইতে প্রয়োজন অনুভব করছি ইবনু তায়মিয়াহ (৬৬১-৭২৮ ই. / ১২৬৩-১৩২৮ খ.), ইয় বিন আবুস সালাম (রহঃ), আবুল হাসান আশ-শায়িলী (রহঃ) প্রমুখ নেতার মত ব্যক্তিত্ব, যারা কোনকিছুর হিসাব না করে নিজেদের যথাসর্বস্ব একটি বিশেষ উদ্দেশ্যে কুরবানী দিতে পারেন।<sup>১২১</sup>

১২১. উক্ত মহান ব্যক্তিগণের নাম সংশোধন ও তাদের জন্ম-মৃত্যু সালগুলি আমরা যোগ করে দিলাম।-অনুবাদক।

## ॥ ৮ (পৃ. ১৩৮) ॥

আমি সৈনিকদের জন্য একটি সামরিক সংগঠনের আলোচনার মধ্যেই আমার বক্তব্য কেন্দ্রীভূত রাখতে চেষ্টা করেছি। যাতে তারা আধুনিক সমরকৌশল প্রয়োগের মাধ্যমে ইস্রাইলের মত একটি আধুনিক সেনাবাহিনীর মোকাবেলা করতে পারে।

আমি ফেদাইন (গেরিলা) সংগঠন কিংবা নিয়মিত সেনাবাহিনীগুলি সমন্বে আলোচনা করিনি। কেননা তাদের সংগঠন বর্তমানে পুরোপুরি সম্ভোষজনক।

বাস্তব অভিজ্ঞতা অর্জন এবং বিভিন্ন অভিযানে কৃতকার্য্যতা লাভের কারণে ফেদাইনের বর্তমান সংগঠন ভবিষ্যতে জিহাদ সংগঠনের জন্য উদাহরণ হিসাবে কাজ করবে। ইস্রাইলের অধিকৃত আরব ভূখণ্ডে এবং বিদেশে ফেদাইনদের তৎপরতা উল্লেখযোগ্য ফল বহন করে এনেছে।

ফেদাইন গেরিলারা আরব মনোবলকে উজ্জীবিত করেছে। তারা প্যালেস্টাইনীদেরকে সংগঠিত হ'তে সহায়তা করেছে এবং তাদেরকে একটি সক্রিয় ও আকর্ষণীয় শক্তিতে পরিণত করেছে, যা ইহুদী ষড়যন্ত্রকে ব্যর্থ করতে নিশ্চিত ফলদায়ক প্রমাণিত হয়েছে।

বিদেশে ফেদাইনরা আন্তর্জাতিক সম্প্রদায়ের উদ্বেগ আকৃষ্ট করতে সক্ষম হয়েছে। রক্তের প্রথম অভিজ্ঞতার (Baptism of Blood) মধ্য দিয়ে মিছিল করে তারা বুঝিয়ে দিয়েছে এ কথা যে, হতভূমি পুনরুদ্ধার করতে যতদিন সময় লাগুক না কেন এবং যতকিছুই তাদের খোঝাতে হোক না কেন, তারা কখনোই তাদের ন্যায্য দাবী পরিত্যাগ করবে না।

ফেদাইনরা প্যালেস্টাইন ইস্যুর প্রতি বিশ্বের মনোযোগ আকর্ষণে সমর্থ হয় এবং তাদের তৎপরতা আন্তর্জাতিক সম্প্রদায়কে ভীত করে তোলে। রক্ত ঝরানোর আগ পর্যন্ত প্যালেস্টাইন প্রশ্ন একটা ইস্যু মাত্র ছিল, যা উল্লেখযোগ্য কোন ফলাফল ছাড়াই কয়েকবার মাত্র জাতিসংঘ ও নিরাপত্তা পরিষদের আলোচ্যসূচীতে স্থান পেয়েছিল।

ফেদাইন তৎপরতার ফলে অধিকৃত এলাকাসমূহে ইহুদীদের জীবন ও সম্পদ নিরাপত্তাহীন হয়ে পড়েছে। অধিবাসীদের মধ্যে সর্বদা ত্রাস বিরাজ করছে। ইস্রাইল তার পর্যটন খাতে পর্যাপ্ত অর্থ থেকে বপ্তি হচ্ছে। ইহুদী উদ্বাস্তদের আগমন স্নোত বন্ধ হয়েছে। অধিকন্তু এর ফলে ইস্রাইলী সশস্ত্র বাহিনী পোষণের খরচ দ্বিগুণ হয়েছে।

ফেদাইনদের সাফল্যের মাত্র কতকগুলো দ্রষ্টান্ত এখানে তুলে ধরা হ'ল। তারা যথার্থই জাতির গভীরতম শুদ্ধা ও সর্বোচ্চ প্রশংসা পাওয়ার যোগ্যতা রাখে।

ফেদাইনগণ পবিত্র যোদ্ধা। তাদের অগ্রণী অভিজ্ঞতা বাস্তবক্ষেত্রে ফলদায়ক প্রমাণিত হয়েছে। যদিও সারা বিশ্বে আরব ও মুসলিম জনসাধারণের তুলনায় তাদের সংখ্যা অতীব নগণ্য। মুজাহিদদের সহযোগিতায় যদি এদের সংখ্যা দ্বিগুণ করা যেত, তাহলে অবস্থাটা কি দাঁড়াতো? ইস্রাইলীদের পায়ের নীচ থেকে মাটি সরে যেত। তারা সেই কথা পুনর্ব্যক্ত করত, যা তাদের পূর্বপুরুষেরা করেছিল যে, ‘এই এলাকার লোকেরা আসলে দৈত্য’।<sup>১২২</sup>


বিশ্বাসীরা তখন আল্লাহর জয়গানে আনন্দ মুখর হয়ে উঠত। আল্লাহ সত্যই বলেছেন, ‘আমি কি তোমাদের এমন একটি ব্যবসায়ের সন্ধান দেব না, যা তোমাদেরকে মর্মান্তিক আয়াব থেকে রক্ষা করবে? তোমরা আল্লাহ ও রাসূলের উপর বিশ্বাস স্থাপন কর এবং জান ও মাল দিয়ে আল্লাহর রাস্তায় জিহাদ কর। এটাই তোমাদের জন্য উত্তম যদি তোমরা জানো। তিনি তোমাদের পাপসমূহ ক্ষমা করবেন এবং তোমাদেরকে প্রবেশ করাবেন এমন এক জান্নাতে যার তলদেশ দিয়ে নদীসমূহ প্রবাহিত। আদন নামক জান্নাতে, পবিত্র গৃহসমূহ দান করবেন এবং এটাই (তোমাদের জন্য) বিরাট সফলতা। এছাড়া আরও রয়েছে যা তোমরা চাও, আল্লাহর পক্ষ থেকে সাহায্য এবং আসন্ন বিজয়। (হে নবী!) তুমি বিশ্বাসীদের সুসংবাদ দাও’ (ছফ ৬১/১০-১৩)।

জয়ের রাজপথ কেবল একটাই আল্লাহ ও তাঁর রাসূলের উপর গভীর বিশ্বাস এবং জান ও মালের বিনিময়ে আল্লাহর রাস্তায় জিহাদ। আল্লাহ বড় মহান। তাঁর জন্যই সকল কৃতজ্ঞতা। আল্লাহর অনুগ্রহ বর্ষিত হোক আমার নেতা, আল্লাহর নবী ও মুজাহিদগণের ইমাম মুহাম্মাদুর রাসূলুল্লাহ (ছাঃ)-এর উপর এবং তাঁর পরিবারবর্গ ও ছাহাবায়ে কেরামের উপর।

১২২. যারা ভয়ে নবী মুসা (আঃ)-কে বলেছিল, *قَالُوا يَا مُوسَى إِنَّا لَنْ نَدْخُلُهَا أَبَدًا مَا دَامُوا فِيهَا*—‘হে মুসা! আমরা কখনও ঐ শহরে প্রবেশ করব না, যে পর্যন্ত তারা সেখানে অবস্থান করে। অতএব আপনি ও আপনার রব (আল্লাহ) গিয়ে (ওদের সাথে) যুদ্ধ করুন! আমরা এখানে বসে রইলাম’ (মায়েদাহ ৫/২৪)। ঐ সময় সেখানে বিশালদেহী আমালেকাদের রাজত্ব ছিল।-অনুবাদক।

### পরিশিষ্ট-ক (পৃ. ১৪২)


#### মুজাহিদীন (Holy Warriors) সংগঠন



### পরিশিষ্ট-খ (পৃ. ১৪৩)

## প্যালেস্টাইন তহবিলের জন্য কম্যাণ্ডের অর্থনৈতিক সংগঠন

মুজাহিদীনের জেনারেল কম্যাণ্ড



### পরিশিষ্ট ‘ক’ ও ‘খ’-এর মন্তব্য সমূহ :


১. প্যালেস্টাইন তহবিলের সর্বোচ্চ কমিটি সকল আঞ্চলিক কমিটির জন্য রশিদ বই (Official receipt) সরবরাহ করবে।
২. সংগৃহীত সকল অর্থ অবশ্যই ব্যাংকসমূহে জমা থাকবে। ‘প্যালেস্টাইন তহবিল’ নামে প্রত্যেক কমিটি নির্দিষ্ট ব্যাংকে বিশেষ একাউন্ট খুলবে।
৩. কমিটিসমূহের সংখ্যা কমিয়ে আনার লক্ষ্যে প্রত্যেক কমিটি তার উচ্চতর কমিটির নিকট থেকে তহবিল সংগ্রহ করতে পারবে।
৪. ‘প্যালেস্টাইন তহবিল’র আয় সুনির্দিষ্ট রাখার জন্যে আমি চাই যে, প্রত্যেক আরব ও প্রত্যেক মুসলিম স্বীয় মাসিক আয়ের এক-শতাংশ প্যালেস্টাইন তহবিলে দান করবে এবং উৎপন্ন ফসলের এক-দশমাংশ দান করাটা স্বেচ্ছা ভিত্তিক হবে।

### ৫. কমিটিসমূহের অবস্থান :

- (ক) সর্বোচ্চ কমিটি যুদ্ধের ময়দানের নিকটবর্তী হবে এবং মুজাহিদীনের জেনারেল কম্যাণ্ডের সাথে সর্বদা গভীর যোগাযোগ রাখবে।
- (খ) আঞ্চলিক কমিটিগুলি আরব বা মুসলিম রাজধানীসমূহে থাকবে যা মুজাহিদীনের আঞ্চলিক কম্যাণ্ডের সাথে সর্বদা যোগাযোগ রাখবে।
- (গ) ‘নগর কমিটি’গুলি মুজাহিদীনের নগর কমিটিসমূহের সন্নিকটে স্থাপিত হবে।
- (ঘ) ‘নগর কমিটি’ কর্তৃক মনোনীত স্থানসমূহে শাখা কমিটিসমূহ স্থাপিত হবে।

### পরিশিষ্ট-গ (পৃ. ১৪৬)

#### মুজাহিদীনের নেতৃত্ব কর্ম্যাণ্ড গঠন



### পরিশিষ্ট ‘গ’-এর মন্তব্যসমূহ :

১. আল-আয়হার বিশ্ববিদ্যালয়ের প্রধান (শেইখ)-কে প্রেসিডেন্ট এবং প্রত্যেক আরব ও মুসলিম দেশসমূহ থেকে একজন করে কর্মর্থ বিদ্বানকে নিয়ে মুজাহিদীনের জন্য সর্বোচ্চ নেতৃত্ব কম্যাণ্ড গঠিত হবে। এই কম্যাণ্ড মুজাহিদীনের জন্য নিয়মিত বক্তৃতামালা রচনা করবে এবং প্রত্যেক বক্তৃতার সার সংক্ষেপ সংরক্ষণ করবে।
২. অঞ্চলের গ্র্যাণ্ড মুফতী অথবা সেরা বুদ্ধিজীবীকে প্রেসিডেন্ট করে আঞ্চলিক কম্যাণ্ড গঠিত হবে।
৩. নগরীর বিদ্বানদের নিয়ে নগরীর নেতৃত্ব কম্যাণ্ড গঠিত হবে।
৪. শাখা নেতৃত্ব কমিটিগুলো গ্রামের বিদ্বানদের নির্দেশ অনুযায়ী চলবে। যদি গ্রামে সে ধরনের বিদ্বান না পাওয়া যায়, তাহলে শহর থেকে একজন বিদ্বানকে প্রতিনিধি হিসাবে নিতে হবে।
৫. বিদ্বানগণ নিজেদেরকে এবং নিজেদের সহায়-সম্পদকে জিহাদের সেবায় ব্যয় করার জন্য প্রস্তুত থাকবেন।

\*\*\*\*\*

سبحانك اللهم وبحمدك أشهد أن لا إله إلا أنت أستغفرك وأتوب إليك،  
 اللهم اغفر لي ولوالدى وللمؤمنين يوم يقوم الحساب -

## হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ-এর লক্ষ্য ও উদ্দেশ্য

- ⇒ মুহাম্মদীনের মাসলাক অনুসরণে কৃতান্ত ও হাদীছের  
সাচিকা অনুবাদ ও ব্যাখ্যা প্রকাশ।
- ⇒ দৈনন্দিন মাসামেল ও ব্যবহারবিধির উপরে খত্তাকারে  
গৃহিতিকা প্রকাশ।
- ⇒ আকৃতী ও আমল বিষয়ক বিভিন্ন মৌলিক গ্রন্থ প্রকাশ  
ও অন্যান্য ফরারী প্রত্নকের অনুবাদ প্রকাশ।



হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ